যার ফলে চা'না-
ভেক্কুনে চাঙত্তুন পড়ি
যাদন্নোই মরি।
গেলাক যারা অরুনাচল
তারা ওহ্লাক অচল।
থেলাক যারা তিবুরা
তারা অহ্লাক মরা মরা।
মিজোরামত এক অংশ
তারাত্তুন নেই বংশ
বাংলাদেজত যিগুন আঘন
মুজুরমানে মারেই ফেলাদন।

**(বিঝুগুলো-৩, ২০০১)**

# আলসি মিলে

## গঙ্গা চাকমা

হাম্য মানুষ হামদ যাদে
আলসি যেব' ঘুম।
এক দুরত্তুন দেলে চিনে
আলসি মিলের জুম।।
ধাক চিদিরে পেট চিদিরে
আলসি মিলে পোঅ।
বেন্নে বেল্লে সেজেরেবো
ভাত পিলেবো।
চিদিরে চিদিরে গালচাবাদাগ
আলসি মিলের ঝি।
গাঙত গেলে গাদেই ন দে
পানি নেই নাহি ?
তালি উগুরে তালি
আলসি মিলের পুন।
আহ্দি যাদে বাজ নিঘিলে
আলসি মিলেত্তুন।

**(বিঝুগুলো-৭, ২০০৫)**

# বিঝুত তোন তোগা

## এ. কে. চাঙমা

বিঝুত তোন তোগা যেইনেই
এক্‌কা তুই আহ্‌জিনেই হোয়োচ্ছ্যে
তরে হোচ্‌ পাংঙে
তরে হোচ্‌ পাংঙে।
বাচ্চোরি তোগা যেইনেই
পাগানা পত্তিংগুলো পেইনেই
আহ্‌জিনেই হোয়চ্ছে
তরে হোচ্‌ পাংঙে।
লোম্‌ফুল, ওজোন শাক, তারা আর শিগোনশাক
ভরন পুল্যেং বুগেই দিনে হোয়চ্ছে
তরে হোচ পাংঙে
তরে হোচ পাংঙে।
নাক্স ফুলুন দেইনেই
পরান হোজলি গোরিনেই
এক গজর পারি দিনেই হোয়চ্ছে
তরে হোচ পাংঙে
তরে হোচ পাংঙে।
হলাত্তুর, ঢিঙিশাক, বেগোল বিজি, আম্মোচ্‌ শাক
সেঙেই গুলো, শিনেয়ে শাক
তজিমপুরো তোন তগা ওহ্‌নেই
পুল্যেঙ বুগি ঘরত এত্তে
পিঝে ফিরি আঝিনেই
চোগো ঠারেদি হোয়চ্ছে
তরে হোচ পাংঙে
তরে হোচ পাংঙে।

**(বিঝুগুলো-১০, ২০০৯)**

# বিঝুগুলো

## সঞ্জীতা চাকমা

বঝর ঘুরি ফিরি এযে
আওজর বিঝুবী,
নোও ধারাজে নোও তুম্‌বাজে
হুজির ইনজেব তাগি।
'বিঝুগুলো' নাঙ দিনেই
পত্তি বঝর থার দিনেই
নোও হোচপানায়,
ম্যাগাজিন ফগদাঙ গরে
চাঙমা ছাত্র জধায়।
বেগর মনত হুঝির ঝলগা
নিত্য ব' হেলে
বিঝু দিনত মন তিরোচ্‌ অহ্‌য়
বিঝুগুলো পেলে ।
দেজত, জাদত নাঙ থেব'
চাঙমা ছাত্র জধা,
পত্তি বঝর বিঝুগুলো-র
অহ্‌য় ফাং নামা।
এজ এজ বেঘে এজ
চাঙমা ছাত্র জধা
দেঝে গাঙে নাঙ হামেয়
ওই নাঙ জাদা ।
আমার বেগর হুজির স্ববন
বিঝুগুলো নাদা,
আক্‌মলিম আহ্‌দিবং আমি।
ন থেব' হনঅ মানা।

**(বিঝুগুলো-১১, ২০১০)**

# চাঙমা-১

## জরানা-অরুন চাঙমা

## ঘজা-পূর্নিমা চাঙমা

এঝ এঝ বাপ-ভেইলক আমা ঘরানত
আয়োজ গরি ডাগঙর পোতপোত্যে জুন পহ্রত।
ঘরত আঘং গায় গায় মুই চিক্চিক্যে মনানত।
আহ্জিবং নাজিবং গীত গেবং জুনপচ্যে উধোনত।
এঝ' এঝ' মা বোনলক আগং বাচ্চেই জুন পহ্রত
খেবং-দেবং গীতগেবং বেড়েবং আদামত।
মুই ডাগঙর ম ঘরত তুই দাগিবে ত' ঘরত
ইবে আমার বিঝু দিন ভাঙা বজরত
ইয়েন আমার খুঝির পাজন্তোন আর আগে তিদে
কলা আগন মুড়ি আগন সয়সাগচ্চ্যে পিধে
মদ খেবা জগরা খেবা লক্ষী গরি বজিবং
পান-চুবরী দাবা খেই সংসমারে নাজিবং।

**(বিঝুগুলো-১, ১৯৯৯)**

# গীত-২

## জরানা আ ঘজা-পূর্ণিমা চাকমা

মিদে মিদে বোয়ের বায়
হালা হালা মেঘ বেই বেই যায়
আবাদা ডেবা গুজুরে (২)
সমাচ্যেগুন মনত উধে (২) ।।
হাবাহাব গরি ধান পাদা নাজে
সুযোগ বুঝি গাবুরী সাজে
হুম্মো লইনে গাঙত যায়
গুণ গুণ (২) সুরতুলি গায় (২)
মুয়োন ফিরেইনে গায় গায় আজে ।।
মুই ধনপুদি তুই রাধামন
সিয়েন ভাবিলে হুজি অয় মন
চেরোপালা বানা পেগো রঅ
বুঝং সময়েন ভারি দোল (২)
মনর আঝা তে এবার পুরেব (২) ।।

**(বিঝুগুলো-২, ২০০০)**

# চাঙমা গীত-৩

## জরানা-ভূবন চাকমা

## ঘজা-অরুণা চাকমা

মরদ-
যেই যেই নাগর আমা ইধু যেই
মামাদাঘি হয়োন তরে আমাইধু যেবাত্যে
তর নাঙান শুনিলে আওজ গরন তরে সেবাত্যে
যেই যেই...............যেই।

মিলে-
হিঙিরি যেদুংআয় ত লগে মুই
মান্যে দেলে হি হবাক বাপ্পোসনি তুই

মরদ-
বেড়াল্লী হোম আয়, হিচ্ছু ন হবাক
তুই যেবার আঝায় তারা বাচ্ছেই থেবাক
যেই যেই...........যেই।

মিলে-
বুঝেই হবে ঘরত তুই এভ একদিন
যদি তারা এঝন হঝা, এম সে দিন

মরদ-
হিঙিরি বুঝেম আয় ঘরত যেইনে মুই
ভেক্কুনে বাচ্ছেই থেবাক যেবার আঝায় তুই
যেইযেই ..........যেই।

**(বিঝুগুলো-২, ২০০০)**

# প্রবন্ধ

ভবন্তু বিকাশ চাকমা, প্রধীর তালুকদার, ফুল সদক চাকমা, মতিলাল চাঙমা, দেবপ্রিয় চাঙমা, শোভা রঞ্জন চাকমা, কুসুম চাকমা, গঙ্গাজয় চাকমা, প্রিয়ানন্দ স্থবির, অজিত কান্তি চাকমা, রেগা, ধীমা চাকমা, পঙ্কজ চাকমা।

# মঙ্গল সূত্র আহ্ তার ব্যাবহারিক চেতনা

ভবন্তু বিকাশ চাকমা

এক সলা বানা পিথিমীত নয়, পিথিমীর বাড়া দেবকুলতয়্য কুবোনে মঙ্গল, কুবোন বেচ মঙ্গল থায়ঠিক গরি ন পারন ক'ন দাগিয়ে'য়্য। ক'ন দাগিয়্যে কন, কাম গরিলে মঙ্গল, কিয়'য়্য ক'ন, উপদেশ দি পারিলে মঙ্গল, কিয়'য়্য কন, যার বুদ্ধিয়ে যে চলে সিয়ান মঙ্গল ....... । এযান গখে গখে গৌতমবুদ্ধর আমল পচ্ছ্যেগি। আর সিয়ানর থায়-ঠিক্কান জানিবাত্যেয় রেত সম্ভাগত এক দেব পুত্র স্বয়ং বুদ্ধ ইধু এ'ই বুদ্ধত্তুন পুঝোর গরেখে, "ভগবন, মনুষ্য কুলত দ চলেরই, এমেন কি দেবকুল উর্ধ্ব কুলত'য়্য মঙ্গল মঙ্গল গরি নানা ধরনর কধা চলের। কুবোনে-কুবোনে মঙ্গল, মাত্তর কিয়্যয়ই কারর কধা মানামানি ন গরদন, তুই দ সব জান্তা। দেবকুল, মনুষ্য কুলর হিতত্যেয় এক্কা দোয়ে গরি এ সমাধানান বাদেলেই দে ভগবান"।

সক্কে ভগবনে কখে, তর এ পুঝোরান কল্প কল্প ধরি চলি এযের আর বুদ্ধ বাদে কন দাগিয়ে এ পুঝোরানর উত্তর দি ন পারন। দেব পুত্র সালেন শুনি থাক মুই তরে ভাঙি দ্যঙর কারে মঙ্গল কয়। সক্কে ভগবানে কখে, "বগাচদররে ন পুজোনা, পন্ডিত জনরে পুজোনা সিয়ান উত্তম মঙ্গল।" ভগবানে আর কখে, 'যে বাম বা জাগাত থেই আমনর ধর্ম লালন পালন গরি পারে সে বামত থানা, গম গম কাময়ানি বারে বারে মনত তুলোনা, নিজরে গম পধে চালেই নেযানা, সয়সাগর শাস্ত্র, শিল্প, বিনয় শিঘিবা, অজবা ভাষ্ দ ন ক'বা আর মনতই ন তুলিবা, বাপ-মা দুখ ন পান পারা সে কিত্যে চোগ দিবা, মোখ পুয়া দোলেই পালেবা, অপূণ্য কাম ন গরিবা, সময়ে দান, ধর্ম অচরন গরিবা, জ্ঞাতিকুল চোখ দেনা, দুষ্যা কাময়ানি ন গরানা, মদ খানাত চিত্ত কন সময়ে কু চিন্তা সমেবার ভ' ন গরিবা, মানী জনরে মান দিবা, আহ্ তারারে বাইনি গরিবা, পেয়চ্ছ্যে জিনিষ্যই খুঝি থেবা, মনত দুখ ন তুলিবা, কারর উপকার মনত তুলিবা, সময় মাখ্যা ধর্মকধা শুনিবা, ক্ষমার যোগ্যরে ক্ষমা গরি যেবা, গম গম কধা তুলোপারা গরিবা, ধর্ম আলাপ গরিবা, পাপ কাম বা দুঃচিন্তা মনত ন সমেবাত্যেয় ভাবনা গরিবা, শীলাধারী হ্বা, সংসারত দুখ আঘে, সে দুঃঘর কারনই আগে জানিবা, আর সে দুখ বন্ধ গরি পারে পারা পথয়্য আঘে গরি জানিবা। সংসারত লাভ-লুকসান, যশ-অযশ, সুনাঙ-কুনাঙ,সুখ-দুখ - এই আট্টোয়ান জিনিষ আঘে গরি জানিবা আর সিয়ানি মানি চলানা মঙ্গল। দুখ পেলে ভাঙি ন পড়ানা আর মুঝোঙ ভবিষ্যতর কধা ভাবি নির্ব্বান কেত্যে চোখ দি চলিলে বেক কিত্যেন্দি মঙ্গল হ্য়"। মুটমাট মর আন্দাজে ইয়ান ভগবানে কইয়্যে মহামঙ্গল।

এক্কা চেতন চেরেষ্টা গরিলে বুদ্ধর ভাষন বা এই সুত্রবো নিজ য়ানযামত আনি পারে। মাত্তর ইয়ানি জানিয়্য আমি ভান্তে দাগিরে ডাগি আনি তারা মুওত্তুন এই সুত্রবো শুনিবাত্যেই বা আমারে তারা এই কধায়ানি মনত তুলি দিবাত্যেই তারা মওত্তুন শুনিদং মাগি। তার কারন হ্লদে, ভান্তে দাগি এক্কা নয় এক্কা ব্রম্মচর্য পালন গরন বা আমারে চেলে তারা আগাজত আর

আমি মাদিত। সে বাড়া আমি মনে গরি সাক্ষাৎ বুদ্ধর প্রতিনিধি। তারা আমারে সে কধায়ানি মনত তুলি দিলেগি আমনর মন ঘোর ঘোর হ্য়, মনত খেলে সু-বাতাস। আর সেই কারনে অনুমান গরা যায় বঝর ঘুরদে ন ঘুরদে মানুষ্যুনর মঙ্গর সূত্র শুনোনার তাগিদ দিনে দিন বাড়ি যার। আর ইয়ানঅ ঠিক, অনেগেই মনে গরন বঝর পইলেদি মঙ্গল সুত্র শুনিলে গদা বঝরবো আর অ'মঙ্গল বাবত্যে - জিনিষ্যানি আমনরে আবেরেই ধরি ন পারে। স্যানে আগেবাগে মঙ্গল সূত্র অনেগেই শুনোন বা শুনিবার্ জু পেলে শুনো যান। এ যাবত এই সুত্রবো নি বির্তক ন উধে বা মঙ্গলর ব্যাখ্যা এত্তুন পারা আ'র কন দাগিয়ে গমে দি ন পারন ইয়ান বৌদ্ধ ধর্মর এক্কান পোতপোত্যা দিক বা অহংকার গরিবার এক্কান নিশানা।

এচ্যার আলাপ্পান হ্লদে তার ব্যবহারিক দিক নিনেয়। মুটমাট যে ধগে চাঙমাউনে মঙ্গল সূত্র এ যাবত শুনোদন বা শুনি এযির সিয়ানির ভিধিরে সোমেই আমি ইয়ান পেই যে আমার মধ্যে সেত্তমান কারল্লই উবুঙপুঙ বেমিল নেই না বাংলা না ত্রিপুরা না অরুনাচল বা উজু গরি আমার মধ্যে পিযুমাপিযুমি নেই। মাত্তর এক্কান কধা আঘে, তুই শুনোত্তে মঙ্গল সূত্র আর মানুষজন বা ভান্তে দাগিরে খাবেবাত্যেই গরখে জীব বধ। কুড় কাবর, নয় ছাগল বা শুগর কাবর বা ফোরত্তুন বা গাঙত্তুন ধরি আনর মাছ - এই জিনিষ্যান তোলেই চেলে আর বৌদ্ধ সূত্রউন পড়ি চেলে ভজমান ভারি বেসাজন বেসাজন লাগে। মঙ্গল সুত্র শুনোনার অর্থ, “পূণ্য কাম গরানা” পূণ্য কামত জীব বধ ! নলেন স্যা ইক্ষে দিনোত জীব বধ ন গরিয়্য ভান্তে দাগিরে এড়ালৈ মাচ্ছোয় ভাত খাবেই পারে। সয়সাগর বুদ্ধি এ ব্যাপারে ধার উদোর গরি পারা যায়। ইয়ান বানা ইক্ষে দিনোত নয় আ'গ দিনোতয়্য এল। মাত্তর আমা চাঙমা মুওনি যে দা'দ সিয়ান ন মানিবং বা হেঙেরি ? মেলা-মেচবানত তারার এড়া কুদোদে মদ লাগে, নলেন স্যা চিন্দে বাচ্ লাগে। মেলাত তোন রানদে ভৈদেয়ে মা পিলে (এড়া পিলে) লাগে বানা মরত্তুনর এই চিন্তা ধারার মানুষ্যুনর ঘরত জীব বধ ন গরিলে এক্কা মু উজুলো হ্ব ইয়ান কিত্যেই ন মানিবঙ ? মার বুদ্ধ আমলতই এল, আর তে ইক্কে লুগেই যেইয়্যে ইয়ান ভাবিবার কারনই নেই।

আমি যারা মন্দির পালেই, পরিচালনা গরন, পারন্দে জনুনে বঝরা একপল্লাদ্দরে মঙ্গল সূত্র শুনি ইয়ান বিশ্বেজ গরি ওক বা বড় জনর চাবে ওক মঙ্গল সূত্র শুনি। আমামায় অনেগেই দেঘাদেঘিয়ে আন্দাজ গরন, মঙ্গল সুত্র শুনোদে ভালুক্কুন টেঙা লাগন। কারন তারা মনে গরন্দে, মঙ্গল সূত্র শুনিলে এই দান গরা পড়ে, উই দান গরা পড়ে, এদে কয় ইয়ান দান দিলে উত্তম মঙ্গল হ্য়, উদে কয় উবোন দান গরিলে মহা মঙ্গল। আরক দাগির দেঘাদেঘি মঙ্গল সূত্র শুনদে পাড়াল্যো-পোড়োল্যা ডাগা পরে, বড়জন বলা পরে, আরক দাগিত্তুন তারা দেঘন এক সজ্বলৈ সূত্র শুনিলে আ'র মঙ্গল। ইয়ানি ইঃজেব গরিলে যারার বঝরবো টেঙা ন কুলয় বা যারা দিন আনি দিন চালান তারা মন সে নাঙে চি মরা, উজোঙ উজোঙ মনান পিচ্ছো যায়।

নলেন স্যা তারা ইয়ান মনতই ন তুলোদন, মঙ্গল সূত্র শুনোদে কন এক্কান জিনিষ দান ন গরিলেও মঙ্গল সূত্র শুনি পারে, যেমেন তুই কারর ঘরত মঙ্গল সূত্র শুনিলে টেঙা বা পইজে ন দিলে কারে কন্দা কি ক'ধ, গিরিবো যুদি মোম বাত্তি দান ন গরে, চোল দান' পইয়্যত ন দে, চা পাদা দান ন গরে, পানি ছাগনি দান ন গরে, টেঙায়্য যুদি দান ন গরে ভান্তে দাগি পানি ঘট ফেলেই যেই পারিবেক নি ? জানদন বেক্কুনে, ন পারিবাক। আর মঙ্গল সূত্র শুনি কাররে ভাত খাবেই পায় এযান দায়মারা কধা বৌদ্ধ শাস্ত্রত নেই ইয়ান আমি কিন্তু বেগে জানি। সালেন লাগেত্তে কুবোত টেঙা ? ন পারিবেক যগন সি'এ হ্লে ইয়ান আমি মানি পেইর “ইয়ানি আমি গরির

বানা লোকাচার” এই লোকাচারে তে উবোন দান গচ্চো, মুই ইয়ান দান গরিম্বে, উ’তে উবোন দান গচ্ছে মুই সিয়ান দান গরি ন পারিম, মর সেদক্কানি দান গরানা সম্ভব নয় সেনে মুই পাত্তুং নয় মঙ্গল সূত্র শুনি, যে শুনিয়ে শুন এই মানসিকতা অনেগরই কাম গরে এই লোকাচারে। স্যানে লোকচার জিনিষ্যান অবহেলা গরিবার। তারার তাক চাদে চাদে বঝর যায়, জনম যায় তুও মঙ্গল সুত্র শুনোনা ন হ্‌য়, নলেন স্যা তার বা তারার ধারনা মঙ্গল সুত্র শুনিলে আমনরই লাভ।

এই কধা ঈদোত রাঘেই ইরুক কালে আমি ত্রিপুরাত দেঘির একদাগি ঘরত মঙ্গল সুত্র শুনোদে পাড়াল্যা পোড়োল্যা, বুড়োবুড়ি, স্ব কুদুম্ব বলান ইয়ান কন মতে অমঙ্গল জিনিষ হ্‌ই ন পারে। মঙ্গল সুত্র শুনোদে পাড়াল্যা-পোড়াল্যা ডাগিপায়, বুড়োবুড়ি খাবেই পায় ইয়ানঅ বান্ধা কধা নয়, ইয়ানি দেঘাদেঘি মাত্র। আরক দাগি মনে গরি পাদন বুঝি ওক ন বুঝি ওক, ওহ্‌ মঙ্গলসুত্র সালেন এধক্যেন এধক্যেন গরি পায়। অভাবী জনে এয়ানি ডরান, সাদাঙা সাদাঙাউনে ইয়ানি আ’র পাজারা ফারি যেবার জু পান। সেনে ঘরত যারা মঙ্গল সুত্র শুনিবার নাঙে এক্কা উজুলো উজুলো তারা আর ভোট ন পান, মন খ’দা থায়।

নিত্তাগে মর মতে মঙ্গল সুত্র শুনি পারে বিনে পইযেয়। আদাম্যে পাড়াল্যা ডাগানা ইয়ানি লোকাচার মাত্র। মাত্তর এক্কান কধা আমি ফেলেই ন পারিবং বা পারা ন যায় মানুষ একদাগি চান অন্ততঃ বঝরা কায়কুড়র পাড়াল্যা, আমনর বামত বুড়োবুড়ি বঝরা এক স্বাচ্‌ ভাত খাবেবার, ঠিক ঠিক ডাগি আনিয়্য খাবা ন যায় এয’দে ম ঘরত ভাতর ব্যবস্থা গচ্ছ্যংগে। স্যানে একদাগি মঙ্গল সুত্র নাঙে বা মঙ্গল সুত্ররে উপলক্ষ্য গরি আদাম্যা পাড়াল্যা বলান কায়কুড়র মানুষজন বলান এই উধিজে জিনিষ্যান খারাপ দ নয়ই বরং শাস্ত্র সম্মত। আর সিয়ান যুদি কনজনে মনে গরে মঙ্গল সূত্র শুনদে আদাম্যা-পাড়াল্যা ডাগি পায় বা বলা পরে সিয়ান তার এক্কান অবুঝ ধারনা। মাত্তর এয়ান অনেগেই মনে গরন ইয়ান বালা ধারাধারি গরানা। যেমন-একজনে মঙ্গল সূত্র শুনিলে কাররে ন ডাগিলে সে মানুষ্য এগেক সময় মনে গরের ‘ত্যে যগন ন ডাগে মুই কিত্যেই তারে ডাগিদুং’ এই মানষিকতা কাম ন গরে গরি আমি কই ন পারি। আর এই মানষিকতাত্তুন জন্ম লয় সামর্থ্য-অসামর্থ্য নাঙে এক্কান জিনিষ। ধরা যোক পেচারতল মন্দিরর দায়ক অরবিন্দর কধা। আদামত কায়কুড়র জনুনে মঙ্গল সূত্র শুনিলেই তা ঘরত ডাক পড়ে, তাত্তুন কাম বল মাঘন আর তে ন যেইয়্য ন পারে। মাত্তর তার বা তার পরিবারত দ্বি জনর মধ্যে একজনর অক্তে অক্তে চেতনা জাগে মানুষজনে যগন মঙ্গল সূত্র শুনোন আমনর ঘরত’য়্য মঙ্গল সূত্র শুনিবার দরকার আঘে, মাত্তর মঙ্গল সূত্রর কধা উধিলেই তার মনত উদে আদাম্যে-পাড়াল্যে কধা যারা তারা কন সময়ই ফেলেই ন খান, বা একবারয়্য তারে বাদ দিনেয় মঙ্গল সূত্র ন শুনোন। এন্দি সে নাঙে ইঃজেবত বলেই তার টেঙা ন কুলায়। তার সক্কে মনত উদের মঙ্গল সূত্রত এ’ই এ’ই দান গরা পরে, মানুষজন এবাক তারারে চা পান খাবা পরে, অমুগে-সমুগেদ এ-ই এ-ই তোন্নোই খাবেইয়্যে, আমনে কি তারারে বানা ভাত খাবেই পারে’ আর নানায়ান মনত উদিলে সি-মরা ওই ভস্‌ যায় তার বা তারার গঙ।

আমি জানি ইয়ত বানা অরবিন্দর নাঙান তুলিলুং আর ক’ত অরবিন্দ আগন তারা বঝরবো বানা নয় গদা জনমান ঘরত মঙ্গল সূত্র শুনি ন পারন। এদেরার সংখ্যা কিন্তু কম নয়। এদেরারে ক’ন জনে’য়্য যেই যেই টেঙা যাযি ন দেদন “ধর, এউন্দোয মঙ্গল সূত্র শুনিচ্‌।” গদা বঝরবো বুদ্ধর নাঙে সিয়ং দিল, বুদ্ধর নাঙে সিযঙ দি ভান্তেরে পুজিল। ইয়োত বুদ্ধরে দেনার অর্থ ভান্তেরেয়্য দশজনর সমারে সিয়ং খাবেল। দান প্রতিদান সংসারত আঘে, এই অর্থে ভান্তে দাগি মিলি ঝুলি এক্কান তেম্মাং গরি পারন, সিয়ান হ্‌ল, যারা

বঝরবো সিয়ং খাবেলাক তারারে এক্কা প্রতিদান দেনা। তারার ঘরত, যারা মন গরন মাত্তর রাদেন পারদন তারারে মঙ্গল সূত্র হেঙেরি শুনো যায় সে তেম্মাঙান গরানা বা যারা মঙ্গল সূত্র শুনি ন পারদন মন্দির কমিটির বলে জানি লনা আর মঙ্গল সূত্র শুনোনার ব্যবস্থা গরানা। তারা অলেভ নলেন মনে গরদন "আমি যাযি যাযি যেই ন পারি" সিয়ান হয়ত ঠিক মাত্তর তারা যে মাগি মাগি লই-কই ন পারন, ইয়ান স্বুয়াত ইয়ান স্বুয়াত নয় এই কধায়ানিয়্য দ তারা কই বলি ন পারন সে বেলায় ! প্রতিদান বা উপকার স্বয়ং ভগবান বুদ্ধয়্য বারে বারে গোচ্ছে আমি ইয়ান এক্কা উক্কো জানি। শ্রদ্ধাবান দায়ক-দায়িকার ঘরত কতবার যে ভগবান বুদ্ধ যেয়ে যেইয়্যে, তারে পরামর্শ দ্যে তার ইঃজেব অটালেয়্য উদাহরন পা যায়। সে বাড়া কাময়ান অপূণ্যর নয়, পূণ্যরই। নলেন স্যা গদা বঝরবো বুদ্ধরে মনত গরি ভান্তেরে পুজিল বা পুজের। মন্দিরর চান্দা ভিক্ষে যা পারে দিল সেদাম মাখ্যা, পালা বা'ড়া আর এই উৎসব সেই উৎসবত দান ধর্ম গরিল। উন্দি এক্কা উক্কু বিশ্বেজ গরে, ঘরত মঙ্গল সূত্র শুনোনা গম, আপদ-বলা ফি বলা কাদা যায়।

মাত্তর ইয়ানঅ ঠিক, যে মানুষ্য গদা বঝরবো মন্দিরত পালা সিয়ং দি পারে, যে পরিবারবো মন্দিরর চান্দা ভিক্ষে দি পারে, বিশ্বেজ ন এযে বঝরা অন্ততঃ একবার মঙ্গল সূত্র শুনিবার তার বুদ্ধি ন হ্‌ব। শীল পাললে বুদ্ধিয়ে কুলয় বুদ্ধর এমনই মহিমা। মাত্তর সামাজিক বাধায়ানে ডরেই উধে। পাড়াল্য-পোড়োল্যার চিগোন মনান তে ডোরেই উধে। এদক দিন যার সূত্রত তে মিলি পারিদ তে সক্কে মনে গরের যারা তারে বারে বারে নিমন্ত্রণ গরন তারা অলেভ মনে গরদন তে দ মঙ্গল সূত্রত মে ন মাদায় মুই কিয়া তারে মাদেদুং ! নিমন্ত্রণ ন পেলে এক্কা বেজার থা যায় ইয়ান চাঙমা হাচ্ছেক। আমনর থোক আর ন থোক, মাত্তর এ সামাজিক বাধায়ানে আমার মঙ্গল সূত্র নাঙে জিনিষ্যান মঙ্গল নাঙত্তুন সামাজিক লোকাচারে রূপ দে। আর ডরান সিয়দই। ইয়োত্তুন আমার রূপ বদলেই ন পারিলে মঙ্গল সূত্র শুনোনা স্বার্থকতায়ান বরবাদই হ্‌ই যেব। এই সামাজিক বাধায়ান আমার মনত্তুন ন কাজেলে আমনর ঘরত শুদ্ধ-সাঙ্গ মনে মঙ্গল সূত্র শুনোনা বরবাদ হ্‌ই যাল্লোই জানি কয়জনে ? আমার পুরনী ধগে থেলে ন হ্‌ব, আমার এক্কা বাস্ত বমুখী ন অলে আর ন চলের। সে কারনে ক'নজনে মঙ্গল সূত্র শুনের শুনিলেই নিমন্ত্রণ পেই আর ন পেই যেদক্কন মনে-মুওদি সাধুবাদ দি ন পারির সেধক্কন সং আমি যে ঘরত মঙ্গল সূত্র শুনি এযির সিয়ানি সাধুবাদ যোগ্য নয় এই ধগে ন ভাবিলে আমি আ'র লেম পড়ি পেবং ইয়ান ধরা বান্ধা কধা। আর ইয়ান মঙ্গল সূত্রর এক্কুয়া দিক। একজনর ইচ্ছে আঘে মঙ্গল সূত্র শুনিবার, মাত্তর টেঙায় বা মনে ন কুলর সক্কে গম মানুষ্যুনে জানিলে বল দ্যন, আর বল দি ন পারিলে'অ বল দেনা ভাপপৈ থেলে দ্ব্য জনরই গম। দেওন নেওন ভাব থেল। কারর ভালা কামত সাধুবাদ থেলেই আমনর মঙ্গল তার মূল কারনান হ্‌লদে, 'গম কামত্তুন'ই মঙ্গল জিনিষ বাহ্‌র হ্‌য়, বজঙ কামত্তুন ভালা জিনিষ ক'ন সময়'ই বাহ্‌র ন হ্‌য়।

মঙ্গল সূত্র বারে বারে শুনি পারে, যেমন গম কাম বারে বারে গরিবার বুদ্ধই নিজেই বারে বারে কই যেইয়ে। স্বয়ং গৌতমে বুদ্ধ হ্‌বার আক্কে কয়জন যে গুরু ঠাগুর বদলেইয়্যে ইয়ান আমি জানি তার বেলায় রাগ নেই আর চাঙমার বেলায় কিয়া রাগ রাগ এই জিনিষ্যান দেশ বিদেশর, হিলো ভিদিরের, বা লেঘাপড়া গোচ্ছে চাঙমাউনর জানিবার দরকার আগে। সূত্রর নানান বই, পালিত্তুন বাংলা ভাষদি নিঘিলানায় এগেক সময় আ'র ধর্মর সু ব্যাখাকার লাগত পা যানায় এদ উদু বা খবরে জানি কেধক্কেন ভান্তেরে বা কারে কারে দান দিলে বা কন্দা কন্দা বুদ্ধ ধর্মর ব্যাখা দোলেই দি জানদন, কন কাময়ান গরিলে আ'র পূণ্যবান হ্‌ই পারে এযান সান ব্যাখা কাগজে পত্রে জানিবার পথান ইক্ষে আ'র উজু হ্‌ইয়ে। সেই কারনে'য়্য আমি ইয়ান বিশ্বাস গরি পারি বানা আমনর ভান্তে নয়, আমি যাত্তুন মনে

গরি তাত্তুন ধর্ম দেশনা শুনি পারি যুদি তা দেশনায়ান মনত পড়ে, বা যারে আমার মন টানে তারেয়্য আমি পুজি পারি। যেমেনঃ দলাই লামা আমা এদু এলে ন যেবংনে চা তারে ? বনভান্তে ত্রিপুরাত যেদুই এযোক না কেন' কদেকদাগি চা ন যেবং ন্যে তারে ? এই ব্যাখ্যাকার সেই ব্যাখ্যাকার, এই বই সেই সূত্র বই পড়ি আমি জানি পারির কি বাবত্যা ভান্তেরে দান দিলে আ'র উত্তম মঙ্গল হ্য়, আর কি বাবত্যা ভান্তেরে বা মানুষ জনরে দান বা উপকার গরিলে ফল ন দে আমি কম বেজ জানি। আর সেই কারনে ইয়োত ধর্মীয় বাধা এক্কান হ্‌ই'য় ন পারে। মাত্তর চাঙমা ভান্তের বেলায় ত্রিপুরার ভান্তে দাগি কি সবাই উৎসাহ ন দেঘাদন সিয়ান আম্মক হ্‌বার লাক। ইক্ষে না নন্দপাল ভান্তে এক্কা জাগা জুড়েল্লি মাত্তর সে আক্কে বিমল তিষ্য ভান্তে যে ভারতর চাঙমা গরীপ পুয়াউন পড়েই দের তার বেলায় ! এক্কা সাধুবাদ তারে কন্না দ্যে দে ? বরং যে অরুনাচল্লেউন শতকড়া হেট ভাগ পড়েই দের তারাই তা পিদিত কুড়োল বোজেই দ্যন ইয়ান মানুষ্যর কধা নয় ইয়ান তারই কধা। এক্কান জিনিষ আমার জানা দরকার আগে যার অহঙকারে তে থায়, হুগিউনে থান তারার অহঙকারে, বাঙালুনে থান তারার অহংকারে, চাঙমার অহংকারান কুবোন ? মর মতে চাঙমার অহঙকার ভালক্কানি, তার মধ্যে নিজ জাত পিযুম গরানা, বেজাদর পুন লিয়েনা সে বাড়া আরক্কান জিনিষ আমি দেঘির সিয়ান হ্‌ল মিলেমিচ্ গরি ন চলিলে আ'র পিচ্ছো পড়ি যেই পেব আর নুও কধা নয়। যেমেনঃ আগে ত্রিপুরাত বানা এক দলর শাসন চলিদ, পরে এল বামফ্রন্ট, সেযেরে এল কোয়ালিশন সরকার। বেক্কুনই এগেলা, দল দল, তুও কিন্তু এক। যে কংগ্রেস আর কমুনিষ্ট দেলে মালে কামারা কামারি গরিদাক জনম্মুয়া দেই এলং ইক্কে তারা থান মুজোঙ'-মুজোঙি, আর ইক্কে ইয়েনই পিথিমির নিয়ম। স্যানে বানা আমা ভান্তেরে পুজোনা উচিৎ, অন্য ভান্তেরে পুজোনা উচিৎ নয় বা হনজনে দুরোর কন ভান্তে পুজিলে বেজার থেম ইয়েন আর চল নেই এই সংসারত, বা তারা খবর ন পাদন তারা মরি মুরুই ভূত হ্‌ই যেইয়ন। ইয়োত আর এক্কান কধা মনত রাগানা উচিৎ, বিদেশত্তুন এস্যেদে ভান্তে বেক্কুন গম ইয়েন যেমেন সত্য নয়, ঠিক সেমেনই সত্য নয় এদুগোর ভান্তেদাগি বেক্কুন হম শীলবান। আর চাঙমাউন মরদন্দে এই সিয়ান্দই। দ্বি জার্মানী এক ওই পারে, দ্বি কোরিয়া এক হ্‌বার চেরেষ্টা গরের, ডেন বাম সরকার এক লগে চলি পারে, বিদেশত্তুন ব্যবসা গরিবার পত্তি সরকারে জাগা বা সুবিধা দি পারে সিএ হলে কিঝু চাঙমা দায়ক কয়েকজন ভান্তে, দ্ব পক্ষত্তুন বেচবেচ্ নদরকান কধাবার্তা তুলোপারা গরানায় আমনর বৌদ্ধ ধর্ময়ান মনত জাগা জুরি লই ন পারের বুগোত হাত দি না স্বীগের গরি ন পারিবেক।

এই কাময়ান কিয়া জ্বলি থেব চাঙমা এদু ? শিরিলঙ্কাত্তুন ভান্তে এলে তা লগে লগে থেই পারি, কলকাতাত্তুন ভান্তে এলে তারে আমি পুজি পারি, বার্মাত্তুন এদু এলে নাজি পারি, আর চাঙমা হ্‌ই চাঙমা বামত্তুন নাঙি ভান্তে এলে কিয়া তার যোগ্য সন্মান ন দি বরং তারে নিন্দে গরি পারি ইয়ান আমার এক্কা বারি উনো জিনিষ ? এযানসান চেতনাত্তে দিন দিন সুযোগ সুবিধে আরের ইয়ান বেক্কুনে বুজদন মাত্তর চেলা গঙ আবর খানায় মাদাত ঘু তুলি থইয়েই নেনা কন্দা কই পারে ? নাকি চাঙমা হাচ্যেক পারির, না আমি বানা কোজ্যে জগরা গরি জানি আমাল্লই আহ্ সে লগে জানি বানা খানা পুঝো ব্যবস্থা গরানা ? কুবোন সত্য ? আমা মুওনি যুদি বানা কুত্যেরিয়ে ভরা হ্‌ই থায় গম কাম গরিবং বা হেঙেরি। কারন গম কাম গত্ত গেলে গম মন লাগে, উজেবার কাম গথ গেলে গম ন লাগে অথচ মঙ্গল সূত্র শুনিসানাই ঈদোত তুলিলে জানিত্যে ঃ ভগবানে মঙ্গল সূত্রত কই দ্যে দে, "আমনর জাত চেবা, ইংসে পিযুম মনতই ন তুলিবা, অ'জবা ভাস্ ন ক'বা", মঙ্গল সূত্র শুনোনার স্বার্থকতা কই ? অথচ নিত্য আমার মনত আমনে বাদে বেক্কুন যে

আন্দাজর.........নলেন আমি জানিত্যে সে ভগবান বুদ্ধর শ্লোক ঃ

মনোপুব্বং ধম্মা মনোসেট্‌ঠা মনোময়া
মনসা চে পদুট্‌ ঠেন ভাসতি বা করোতি বা,
ততো নং দুক্‌খমেতি চক্কং বহতো পদং।

"মন ধর্মত্তুন আগে যায় মন তারাত্তুন ডাঙর আর তারা মনর দ্বারাই বানেইয়্যে। স্যানে ক'ন জনে যুদি দুয্যা মনে ক'ন কধা কয় বা কাম গরে বলদর পিজে পিজে যেমেন চাক্কা যায় দুখ্যান'য়্য তা লগে লগে যায়"। যেমেন আরক্কান ধরি পারি ঃ-

মনোপুব্বং ধম্মা মনোসেট্‌ঠা মনোময়া
মনসা চে পসন্নেন ভাসতি বা করোতি বা,
ততো নং সুখমন্বেতি ছায়া'ব অনপায়িনী।

"মন ধর্ম্মত্তুন আগে যায়, মন তারাত্তুন ডাঙর আর তারা মনর দ্বরাই বানেয়্যে। স্যানে ক'ন জনে যুদি খুঝি মনে ক'ন কধা কয় বা খুঝি মনে কাম গরে স্যা হলে ছাবা সান ফারক ন হইয়্যে গরি সুখ্যান তা পিজে পিজে সমার হয়" যেমেন আরক্কান ধরি পারিঃ-

অক্‌কোচ্ছি মং, অবধি মং, অজিনি মং, অহাসি মে'
যে চ তং উপনয্‌ হন্তি বেরং তেসং ন সম্মতি।

"মরে গুদেল, মরে মারিল, মরে হ্যারেল, নলেন মর সম্মত্তি কারি নিল - যারা এই চিন্দে গরন তারার শত্রু নাশ ন হয়"।

অক্‌কোচ্ছি মং, অবধি মং, অজিনি মং, অহাসি মে'
যে চ তং উপনয্‌ হন্তি বেরং তেসুপসম্মতি।

"মরে গুদেল, মরে মারিল, মরে হ্যারেল, নলেন মর সম্মত্তি কারি নিল -যারা এই চিন্দে ন গরন তারার শত্রু ন থান"।

অনেগেই বুঝদন কধায়ানি কারে উদিচ্‌ গরি। বাংলাদেশত্তুন নন্দপাল ভান্তে এইন্যায় মানুষ্যুনর মনত শান্তি নেই। মাছমারাত ভাবনা কেন্দ্র গরিন্যায় মানুষ্যুনর মনত শান্তি নেই। একদাগির পিযুমে পিযুমে ভরা হ্‌ই যেইয়্যে মন, নলেন স্যা সিয়ানি চিন্দে ন গরিলে ক্ষতিই নেই। "চোখ খাত্যে, চোখ মেল্যে" এই কধায়ানির অর্থ কি ? ইয়ানি ভাঙনি না জড়ানি ? কুবোন ! ভাঙিলে বল বাড়ে, না জড়ানি হলে বল বাড়ে। পাদি পাদি পুন আক্যেঙর সান সপ্পানত আমি কই ফেলেলঙ "চোখ খাত্যে দল, নিরামিছ্যে দল, এ কুল্যে উ কুল্যে"। কই বাঙালুনে দ সে বাবত্যা কধা ক'ধে আমি জনমত ন শুনিলঙ। ইয়ানি সালেন মঙ্গল সূত্রর উগুদোয়ান নয় ? আর ইয়ানি ভান্তেদাগি বাদে ক'ন দাগিয়ে সমাধান গরি ন পারিবেক ইয়ান নিশ্চিত কধা ইয়ান মুই দোলেই জানং। মাত্তর, একদাগি যে আক্কে দোজেই তাঙচ্যন সে কারনে তারা ইয়ানর সমাধান ন গরিবাক ইয়ানঅ নিশ্চিত। কুত্যেরি মনত আর কুত্যেরি ভরেই দেনা ইয়ান মঙ্গল সূত্ররই বিপরীত কাম গরি কিন্তু বেগেই জানদন। বনবিহারত তুই ন যা, তার আশ্রম সম্মঙ্কে তুই আপত্তিজনক যুক্তি থেলে আপত্তি জানা, জা'ন তুমি বা কি গরর জনসাধারনরে, সরকার ইদু, জা'ন ভারত সরকাররে। আজলে আমার আ'র গমে-দোলে ধর্মীয় সূত্রউন পড়ানার দরকার আঘে, লেঘাপড়া গরিবার দরকার আঘে, মানুষজন্দোয় আ'র সহজ গরি মিজিবার দরকার আঘে, বাস্তব জিনিষ্যান উপলব্ধির দরকার আঘে, ইক্কে দুনিয়া সংসার হেঙেরি চলের সিয়ান আ'র গমে জানিবার দরকার আঘে, মানুষ যে পাদি আপাদি গরদন সিয়ানি সহ্যর দরকার আঘে আর ইয়ানি ন পারিলে আমনরই ক্ষতি ইয়ান নিশ্চিত সত্য। মাত্তর তর অধিকার নেই মানুযোর ভূল পধে পরিচালনা গরিবার, "যেই'ই পিযুম গরোক তে পিযুমর ফল ভুগি পেবই পেব, মনত তে শান্তি ন পেবই"। ধর্মপদর এ শ্লোক্‌ক্য মিঝে হ্‌ই ন পারে।

**(বিঝুগুলো-৮, ২০০৬)**

# কন্না চাঙমার এই আদি কবি শিবচরন ?

## প্রধীর তালুকদার

শিবচরণ চাঙমাউনর ইক্কুয়া নাঙগরা আদিকবি। কবি শিবচরণর জন্ম রাঙামাত্যা জেলার কাপ্তেইর কায়কূরে নাড়েই নাঙে এক মোনতলা আদামত। হিয়াজ গরা অয় কবি শিবচরণর জন্ম সতর' শতাব্দির পইল্যাদি। তা বাব' নাঙ ধংগিরি আ মাবুয়া নাঙ ধম্মবী। শিগোনত্তুনধরি শিবচরণে নমাত্যা গরি বানা ভাবি ভাবি থেদ'। গাঙ' পারত, গাজত তলে, ঝারত যেই আহ্‌মক গরি ভাবনা গত্ত। ভাবিদ তে - তার জীংহানি, সংসার' কধা, সুগ দুগ'র গদা পিত্থিমিয়ান। সিদ্ধার্থ গৌতমে যিঙিরি ভাবিদ' কবি শিবচরণেও সেধক ভাবিদ' বিলি শুনা যায়। অক্তত অক্তত এমন গরি ভাবনা গত্ত যে, তারে মাদেলেও মাদ পা ন যেদ'। মনে অহ্‌দ' তা কিয়ান দেগা গেলেও তা মনান কনকিত্যাত উড়ি যেইয়ে। শিবচরণ দাগি আদামর কিজু দূরত গঙে যিয়ে তৈনমুড়ি নাঙর এক্কান চিগোন নাঙ। একদিন তা মা-বাবে পরং অলাক্কোই এই তৈনমুড়ি গাঙ' পারর এক্কান মোনতলা আদামত। কবি শিবচরণর চিগোন কাল বিদি যিয়ে এ তৈনমুড়ী গাঙর পারত। হিয়াজ গরা অয় সেক্কে চাঙমাউনর পাগালা রাজার আমল। পাগালা রাজারে সাত্তুয়া রাজাও হোঅ' অহ্‌য়। ১৬৩৮ সাল ওই পারে।

শিবচরণে হারকুজ্যা গাবুরত্তুন যেক্কে আর গাবুর ওই উধিল' সেক্কে আগেত্তুন বেজ এগমন্যা ওই উধিল'। সেক্কে আমলদও তা মা বাব আ আদামর বুড়াবুড়িত্তুন তে এক্কা-উক্কো লেঘা শিগিদ'। গায় গায় লিগিদ'। লেগা মাদেদ'। তার চাঙমা লেঘায় রজেইয়া এই 'গোজেন লামা' নাঙর কবিতার বইবোত সাত্তুয়া (সাত) লামা বা অধ্যায় আগে বিলি শুনা যায়। গোজেন লামার ছ-বুয়া ছাবা অক্ষরে পথম ছাবা ওইয়্যে ১৯৭৫ সালত। ১৯০৯ সালত এক ইন্দু বিজোগ লেগিয়েই এই ছ-বো লামা থুবেইয়্যে। গোজেন লামার মূল রচনাবুঅ বাংলা অনুবাদ গরি ছাবেয়্যে সেক্কে দিনর পয়নাঙী পন্ডিত ডক্টর বেনী মাধব বড়ুয়া। বাংলান্দি ছাবানার যেরেদি গোজেন লামাবো বাঙাল' সমাজত ভজমান বায়িনী পিয়ে বিলি শুনা যায়। গোজেন লামার মূল রচনাবো কমলে যে রজা ওইয়্যে মেট পা ন যায়। মাত্তর গোজেন লামার এক জাগাত লেঘা আগে ১১৮৪ সনর কধা। সে ইজেবে গোজেন লামা রজা ওইয়্যে, কিয়ে কিয়ে মনে গরন ১৭৭৭ মগী বা ১৮২২ ইংরেজী।

চাঙমা কবি শিবচরণ যেক্কে গাবুয্যা সেক্কে তে নাহি অক্তত অক্তত থিয়াত্ আহ্‌জি যেদ' আ আদিক্যা গরি আর' এক হিত্তেদি ভেদা দিদ'গোই। ইদিক্যা গত্তে গত্তে একদিন গেইচ্যা গেইচ্যা জেদাবাদে মিলেই যিয়্যে। জেদাবাদে সেবারই তে পিত্থিমিত্তুন শেষ বারত্তেই লুগ দিয়ে। শুনা যায় তা শিষ্য চীদং-এ এক্কান আন্ধার পদদি বিজিরাদে বিজিরাদে শিবচরণরে লোড়েই

লোড়েই চিয়েগৈ। কুদ্দুর লোড়েই লোড়েই যাদে যাদে চীদং-এ বুঝি পাল্ল যে, শিবচরণে আর পিথিমিত ফিরি ন এব'। তে সংসারর মেইয়া ছিনি পিথিমির বাড়া আরক্কান রেজ্যত যাল্লোই। চীদং-অ মনত আধিক্যা গরি তা সং সমস্যা, মা বাপ, ভেই বোন' কধা ইদোত উধি ভাবিল তে এ মেইয়া ছাড়ি ন পারিব। তে চ্যেনে তা গুরু শিবচরনত্তুন পিথিমিত ফিরিবার উগুম মাগি আর' ফিরি এইচ্যা বিলি বুড়োবুড়ি মুওত এব' সং শুনা যায়।

কবি শিবচরণে পিথিমিত্তুন লুগ দিলেও তা হধা পুরি ফেলেই ন পারন তা সং সমাচ্যেগুনে, আদাম্যাউনে, তা কুদুম্মউনে। পুরি ফেলেই ন পারে চাঙমা জাদে। তার পিথিমিত্তুন আহ্‌জি যানার যেরেদিয়ো তা লেগা কবিতাউন নানা বাবত্যা গরি তালপাদা, কলাপাদাত লিগি লিগি শিবচরণরে এজ' বাজেই রাগেয়োন। শিবচরণর রজেইয়ে পথম লামার গুলকদক লেন -

উজানি ছড়া লামনী ধার-  
ন উদে সৃত্তি জলতকার।  
জল উবরে বচ্যে থল,  
বানেল গোজেনে জীব সকল।  
আরেয়ে মানেয়ে যার জনম,  
আগে সালাম দ্যং তার চরন।  
চানে সূর্য্যে সদর ভেই  
সালাম দ্যং মুই ভুমিত থেই।  
তদাত বেরেই কাবরে-  
আরাধনা গরঙর হাত জোরে।  
মাতাপিতার ভোকতি লং,  
সাতভেই সাত বোন বর মাগং।  
এগার হাজার চুরাশি সন  
ফলানা বারে সাধঙর এগামন।  
হাদে ধালি পানিয়ে-  
দিব মা স্বরস্বতী সাকখীয়ে।  
চরনে সালামে ভজঙর-  
যেবার সেলামী মেলঙর-  
গীদ ছ-লামা ফুরেইয়ে।  
বুঝিলে বুঝিব মানেইয়ে।  
দেবর কুলে দেব মানায়  
মানেই কুলে লোক মানায়।।

**(বিঝুগুলো-৮, ২০০৬)**

# রুধুক মরা জাদর লেমপচ্যা রাজনীতি

## ফুল সদক চাকমা

১৯৪৭ সনর ১৫ আগস্ট ভারদ স্বাধীন অহ্‌য়। তার ঠিক দি বঝর দি মাঝ পরে তিবুরা রেজ্যঘান ভারদর লঘে মিঝি যায় ১৯৪৯ সনর ১৫ ই অক্টোবরত। সারা ভারদর লঘে ১৯৫২ সনত তিবুরাদো ভোট অহ্‌য়। লোকসভা আ ইলেকটোরাল কলেজর ভোট। সেক্কেনর চাঙমাঘুনোর রাজনৈতিক ভাবে হন চেতনা এল ভিলি মনে ন অহ্‌য়। যদিও সেক্কেনে মাছমারার লেদ্রাই দেওয়ান তিবুরার রাজা বীর বিক্রম কিশোর মানিক্যর সভাত 'সর্দ্দার' উপাধি লোনেই তিবুরা রাজসভাত বজিভের জু পেয়ে আ কাঞ্চনপুরর ফরা কিংকর চাকমার দশরথ দেবর গণমুক্তি পরিষদর লঘে যোগাযোগ এল ভিলি শুনো যেয়্যে। সেবাদে ত্রিশর দশকর ত্রিপুরা রাজ্য গণ পরিষদ বা ত্রিপুরা রাজ্য জনমঙ্গল সমিতি, চল্লিশর দশকর জনশিক্ষা সমিতি, গণমুক্তি পরিষদ বা কংগ্রেস-কমিউনিস্ট-ফরোয়ার্ড ব্লক হন দলদ্দাই চাঙমাঘুন গমেদালে ঘুনজি-মুনজি এলাক ভিলি খবর পা ন যায়। যদিও উপজাতির মধ্যে তারা লোক সংখ্যাদি এলাক দ্বিতীয় আ শিক্ষাদীক্ষাধিয়ো এলাক ত্রিপুরী সম্প্রাদায়র ঠিক পরে। তিবুরার চাঙমাঘুনোর এ রাজনীতি অনীহার হয়েকখান কারন আঘে। সিয়েনি অহ্‌লদে- ১) রেজ্যর রাজধানীত্তুন দুরোত থানা, ২) জুম হাহ্‌নার কারনে বরবেজ ডাঙর আ ঠায়ঠিক আদাম বানি ন থানা আ ৩) সেক্কেনর রাজনৈতিকভাবে নবজাগরিত ত্রিপুরী সম্প্রাদায়র লঘে হ্‌ধার অমিল। এ অমিলর কারনেই জনশিক্ষা সমিতি বা গণমুক্তি পরিষদ চাঙমাগুন্নোয় বরবেজ হুদুম বানেই তুলিবার চেষ্টা ন গরে। সুযোগ পেধ' মনুগাঙর মাধব চন্দ্র চাকমা জনশিক্ষা সমিতির নেতাগুন্নোয় আহ্‌দ মিলেলুন ভিলিনেই আমার বিশ্বেজ। যেহেতু তে একই সময়ত একই চেষ্টা গরিভার চেয়ে চাঙমা বামানিত। এমনকি মহারাজা বীরবিক্রম তার যে 'পঞ্চ ত্রিপুরা প্রজা তালিকা' নিহ্‌গিলেয়ে সুয়োদ চাঙমাগুনোর নাঙ ন এল।

দেঝভাগর লক্কে দঘিন কুলত্তুন এচ্ছে নেতাগুনেয়ো ইধু রাজনৈতিকভাবে তেমন প্রভাব বিস্তার গরি ন পারন্ধি। একমাত্র স্নেহকুমার চাকমা তার ট্রাইবেল ইউনিয়ন নিনেই হিঝু চেস্টা গচ্ছে। হিল্লু মূলতঃ দশরথ দেবর লঘে তার মতাদর্শগত ফারগ থানার ফলে তে ইধু বরবেজ প্রভাব বিস্তার গরি ন পারে। তার মতাদর্শ এল জাতীয়তাবাদী হিল্লু দশরথ দেব কমিউনিস্ট। আর ত্রিপুরী সম্প্রাদায়ত দশরথ দেবর প্রভাব সেক্কেনে হোবার নয়। ত্রিপুরী সম্প্রাদায়র জাতীয়তাবাদ তার অনেক পরে গাবুচ্যাঘুনোর আহ্‌ত ধরিনেই ১৯৬৭ সনত উপজাতি যুব সমিতি জনম দেনার মধ্যেদি পথম প্রকাশ পেয়ে।

তিবুরার চাঙমাঘুন আধুনিক গণতান্ত্রিক রাজনীতির লঘে পথম মুওমি ওহ্‌য়োন যেক্কে ১৯৬৭ সনত বিধান সভার ভোট ওহ্‌ইয়ে। সে পরেধি ১৯৭২ সনত তিবুরা তজিম রেজ্য অহ্‌লে গদা তিবুরাত পুরোদমে রাজনীতি আরাম্ভ অহ্‌য়। ছড়াছড়ি থুমোর চাঙমাগুনোর মোনো ঘরে-ঘরেয়ো ভোটর রাজনীতির আহ্‌বা লুঙো ধচ্ছেগোই সেক্কেত্তুন ধরি।

সিত্তুন ধরি ইক্কুনু সঙ চাঙমাঘুনোর রাজনীতির নাললো গমেদালে রিনি চেলে একখান হধা পরাগ পরাগ অহ্‌য়দে যে, তিবুরার চাঙমাঘুনে আঝলে নিজে হন রাজনীতি ন গরন, তারারে অন্য মানুঝে বা দলে রাজনীতি গরান্নে। চাঙমাঘুন হয়ত এভ রাজনীতির র-বাদাজ ন পেয়ে গরি একঘাচ্চে গরি থেলাক্কুন-যদিনা তারার ভোটতুনো লুভে হন দল আক্কোয় ন এধ'। ইলেকসনত জিদিদ' গেলে ভোটর দরকার আ সে ভোটর হন জাত নেই। সেনত্তেই চাঙমাঘুনো ইধু যা পচ্চে বলে অহ্‌লে। হিন্তু চাঙমাঘুনত্তুন এ চেতনাঘান ন এলধে যে, ভারদ স্বাধীন ওহ্‌ইয়ে, তিবুরা পূর্ণ রেজ্য ওহ্‌ইয়ে, এবার আমাত্তুন আমি একজন পাধেবং দেঝ শাসনত আমার সুঘ দুঘর হধা হোভাত্তেই। যিয়ানরে হলঙুন আমি রাজনৈতিক চেতনা। যেককে মানুঝে রাজার আহ্‌নজামে দায়িত্বশীল সরকার দাবী গত্তন, তজিম রেজ্যত্তেই দাবী গত্তন - সেক্ষেনে চাঙমাঘুন এলাক অঘুর ঘুমত। এভ সঙ সে ঘুম ন ভাঙে।

চাঙমা নেতাঘুন রাজনীতি এক্কা উক্কো গত্তন ধরিনেই মূলতঃ কংগ্রেস আ সিপিআই(এম)-এ দিব্যা সর্বভারতীয় দলত থেনেই রাজনীতি গচ্ছোন। হিন্তু হন দলদোই তারা নিজর জাদর রাজনৈতিক গুরুত্ব বাড়েই ন পারন। সেনত্তেই তারা নিজর জাদর হন' দাবীয়ো আদায় গরি ন পারন। উপজাদিঘুনো ভিদিরে জন সংখ্যাধি দিনস্বর অহ্‌না সত্বেয়ো এভ' সঙ তারারে হন' দলেই একখানত্তুন বেজ কেন্দ্রত নমিনেশন ন দে। তারার ভাষা সুমুত্তো হন' ইস্যুই হন' পাধির নির্বাচনী ইস্তেহারত জাগা জুরি লোই ন পারে। ইয়েনি ভেক্কানি চাঙমাঘুনোর রাজনৈতিকভাবে গুরুত্ব ন থানার কারনে - রাজনৈতিক অসচেতনতার কারনে। ইয়োত আমি তেকহাবা গরি সর্বভারতীয় আ আঞ্চলিক দলত আবুজি চাঙমাঘুনোর রাজনীতি গরিভার বৈশিষ্ট্যঘানি তলবিচ গরি পারিই -

১) সর্বভারতীয় দলত থেনেই রাজনীতি গরানা ঃ- তিবুরার হন' রাজনৈতিক দলই উপজাতি ভোটতুন এলাফেলা গরি ন পারন। কারন তারার ইক্কো ডাঙর চিল্যার সমর্থন ছাড়া তিবুরাত হন দলই ক্ষমতাত তিগি থেই পাত্ত নয়। হিন্তু চাঙমাঘুনে হন সর্বভারতীয় রাজনৈতিক দলদই থক ন পান। কংগ্রেস বা কমিউনিস্ট বা তারার ছাত্র সংগঠনুনোর রেজ্য কমিটির মেম্বারর তালিকাঘানি চেলে সিয়ান পতপত্যা গরি বুঝি পারা যায়। সেবাদে এ দলুনোর 'ত্রিপুরী তোষণ নীতি' চাঙমা, মগ আ অন্য চিগোন-চাগোন উপজাতিঘুনোর রাজনীতিত ডাঙর ওহ্‌বার পধত গর ওহ্‌ই থায়।

২) উপজাতি ভিত্তিক আঞ্চলিক দলত থেনেই রাজনীতি গরানা ঃ- নাঙ উপজাতি ভিত্তিক রাজনৈতিক দল অহ্‌লেয়ো হিন্তু ইঘুন মূলতঃ 'বরক জাতীয়তাবাদী' রাজনৈতিক দল। ইঘুনোর উগ্র বরক জাতীয়তাবাদর ঠেলা চাঙমাঘুনোর আর বেজ গায় ন সুওয়।

হিন্তু উগুরোর দো জাদর রাজনৈতিক দলই চাঙমাঘুনোরে লারঝার গরন - তারার ভোটব্যাঙ্ক বারেবাত্তেই। চাঙমাঘুনোর রাজনৈতিকভাবে গুরুত্ব ন থেবার আর হয়েকখান কারন আঘে। সিয়েনি অহ্‌লদে -

১) ধারাবাহিক রাজনৈতিক তম্ভার অভাব ঃ- নেতার বেঘত্তুন ডাঙর হাম ভিলে নেতা বানানা। হিনতু চাঙমা নেতাঘুনে তারা বানেয়ে জাগাগানি আর গমেদালে ধরি রাঘেবাত্তেই হন' নুও গাবুচ্যা নেতা তম্ভা তুলি ন পারন বেজভাগে।

২) নেতাগুনোর ঘন ঘন দল বদলনা ঃ- চাঙমা নেতাঘুন, বিশেষ গরি মাচ্ছেঙ আ চিগোন সাইজর নেতাঘুন হাক্কে হাক্কে দল বদলাদে দেঘা যায়। ফলে তারা লঘে সয়সাগর কর্মীরো হন' রাজনৈতিক থিদাবি ন থায়। ফলে সামগ্রিকভাবে চাঙমা সমাজ এচ্ছে 'ফ্লোটিং ভোটার'ত পরিণত ওহ্য়োন।

৩) নেতাগুনোর মধ্যে গম রাজনীতিবিদর অভাব ঃ- চাঙমা রাজনৈতিক নেতাঘুন হুব সহজভাবে নেতা ওহ্দাক চান। তারার অনেকর শিক্ষাগত যোগ্যতায়ো হম। ফলে তারার চিন্তা আ নেতৃত্বত গভীরতা ন থায়। তাছাড়া বেজভাগ নেতায় বিশেষ গরি মাঝারি আ চিগোন নেতাগুনে হন মতাদর্শগত বা ইস্যুভিত্তিক রাজনীতি ন গরন। তারার রাজনীতির লক্ষ্য হন দাবী আদায় বা হন মতাদর্শর থিদাবি ন ওহ্নেই সাধারণ চিগোন-চাগোন ব্যক্তি স্বার্থ - যেমন, চাগরী পানা, লোন পানা বা অন্যান্য সুযোগ-সুবিধে পানা- এধক্কে উদ্দেশ্য লোনেই রাজনীতি গরানার ফলে তারার হন স্থায়িত্ব ন থায়। যেধকদিন পর্যন্ত চাঙমাগুনর এ সুবিধাবাদী রাজনীতি থেব সেধকদিন পর্যন্ত চাঙমাগুনে আঝল রাজনীতির উদো ন পেভাক আ রাজনৈতিক পরিপক্কতা আ দূরদর্শিতায়ো ন জন্মিবো। এঝ সঙ নেতাঘুন সুমুত্তো তিবুরার গদা চাঙমা সমাজচোর হার' জন ইধু হন' স্থায়ী গুরুত্ব নেই।

বেগ' জেরে চাঙমা রাজনীতির দিয়েন নুও পধ তলবিচ গরিবোঙ-

১) নুও বাবদর উপজাতি ভিত্তিক রাজনৈতিক সংগঠন ঃ- ইক্কুনর উপজাতি ভিত্তিক রাজনৈতিক সংগঠনুনোর এই উগ্র বরক জাতীয়তাবাদ হিন্তু একদিন এ বরক জাদিগুনোরেই ক্ষতি গরিব। তারার তারার মধ্যে অমিল বাদ দিলেও তিবুরার ১৯ চো উপজাতিত্তুন অর্ধেকর মত লোকসংখ্যা এ বরক জাদর বারে। অর্ধেক উপজাতির রানৈতিক উচ্ছাকাঙ্খা পূরণ অবার হন আরি ন থেলে বেসুনজুক দেঘা দেদে বাধ্য। সেনত্যেই বরক জাতীয়তাবাদর বিপরিতে বেক উপজাতিঘুনর লোকসংখ্যা অনুপাতে সুযোগ থায় পারা (অনেকটা হিল চাদিগাঙর আঞ্চলিক পরিষদর মডেল) এমন হন রাজনৈতিক প্লাটফর্ম খাড়া গরেলে বেঘর ইধু গ্রহনযোগ্য অহ্ব ভিলি আমার মনে অহ্য়।

২) চাঙমা ভিত্তিক নুও রাজনৈতিক দল বানানা ঃ- এত হম লোকসংখ্যালোই ছিনে-ছিন্নে চাঙমা বাম্মোই বানা চাঙমাত্যেই হন রাজনৈতিক জধা বানেবার হধা হলে বেজভাগে অসম্ভব মনে গরিভাক। হিনতু কোয়ালিশন পলিটিকস্-র যুগোত হন হিচ্চুই অসম্ভব নয়। সিয়েন এক্কান সহজ উদাহরন দিলেই বুঝো যেব'। মনে গরি হন এক্কান বামত ১০০ জন ভোটার আঘন আ সুওত দিবে ডাঙর দল আঘন। তারার সমর্থকর সংখ্যা মনে গরি, গেল্লে বারত জিন্নেদে ইভের ৬০ আ ন জিনেদে ইভের ৪০। এবাম্মোত মনে গরঙ ১০০ জনর ভিদিরে ৭০ জন চাঙমা। এই ৭০ জন চাঙমাত্তুন মুই যদি ১৫ জন ভোটারো টানি পারঙ্গে অহ্য় সালে মুই যে পাদিরে মনে অহ্য় সে পাধিরে জিদেই দি পারিম। আর মুই বিরোধিতা গরিম্মে পাধিবো জিবনে জিদি ন পারিবো। এস্যান পজিশনত এলে যেকোন ডাঙর দলই ত লঘে কোয়ালিশন গত্তে বাধ্য। 'রাজনৈতিক অধিকার' নিজে হন দাবী নয়। রাজনৈতিক অধিকার অহ্লদে পধ। পধ ন থেলে যেমন হন জাগাত্তুন হন জিনিষ আনি ন পারেগোই সেধক্যে রাজনৈতিক অধিকার ন থেলে হন দাবী পূরণ অহ্বার নয়। সুনানু এম এন লারমা হোয়্যে "রাজনৈতিক অধিকার ন থেলে হন অধিকার তিগি থেই ন পারে।" আমার চেষ্টা থেব' সেনত্যেই চাঙমাঘুনোর রাজনৈতিক চোগ ফুদেই তুলিনেই রাজনৈতিক অধিকারর পথান আগে বানানা দবদবা গরি, সালেই ইস্কুলত আমার চাঙমা অহ্রগে চাঙমা লেঘা চালু সুমুত্তো অন্যান্য হন দাবিই অপূরণ ন থেব'।

**(বিঝুগুলো-৭, ২০০৫)**

# ভাষার মরণ জাদর মরন

## মতিলাল চাঙমা

পিথিমিত মানব সমাজ সভ্যতার হিত্যে আগ্যোই এত্তে এত্তে মানুজর মাদি-বলি জানানার ধক বদলি যায়। এস্যান গরিনেই দিনতদিন বেজ উন্নতি অহ্‌দে অহ্‌দে গারেগাই নানা জনগুত্থি ইদু নানান ভাষার জনম লয়। সে সমারে দিনদিন উজোলো অহ্‌য় জাদি-গুত্থিগুনর সমাজ ব্যবস্থা, রীদি-সুদোম, উরোন-পিনোন, খানা-খাদ্য আ মানুজর গম গম চিদে গরি পারানার ক্ষমতা। এধক্ষেন গরি নানা জাদর নানা ধক, নানা রঙ ধরি ফারগ-ফারগ গরিনেই গরি উধি পিত্থিমিয়ান ভজমান ধনি অহ্‌য়। মাত্তর মানব সমাজ’ ইধু এমন এক্কান সময় এল’, যে সময়ত্তুন ধরি পুরনি গরিউত্থে দোল রঙ-বেরঙর ভাষা, সংস্কৃতি, রীদিসুদোম, উরোন-পিনোন বেক্ষানির বদলানা শুরু অহ্‌য়। বদলদে বদলদে নিজর আয়োজর আরাং হাস্যেক্কানি বা নিজস্বতাগানি পচ্ছন ওহ্‌ই আহ্‌রেই যাদে থায়। ঠিক সেধক্ষেন গরি বদলানার মুওত পরি রীদি-সুদোম আ উরোন পিনোনর সমারে হবালত বাজপল’ ভাষাগানত। একজাদর হেরাবত পড়ি আর’ একজাদর ভাষা দিন দিন আহ্‌জি যার। ইক্কুনু সময়দ পিত্থিমিত্তুন পত্তি ১২ দিনে এক্কান ভাষা আহ্‌জি যাল্লোই। এধক্ষেন গরিনেই এজেত্তে ১০০ বজরর ভিদিরে পিত্থিমিত্তুন চিরদিনত্তেই মাজারা লুগেই যেবগোই ৩০০০-য়ান ভাষা। যদিও পিত্থিমিত এবসং মোট ভাষা বাজি আঘে প্রায় ৭০০০-য়ান।

হন জনগুত্থি ইদু যদি নিজর ভাষা ন থায় সালেন সে জনগোত্থিবোয় নিজরে ইক্ক আলাদা ‘জাদ’ ইজেবে পরিচয় দি ন পারে। আলাদা ইক্ক জাদ অহ্‌দ’ গেলে তারাত্তুন ভাষা সংস্কৃতি, উরোন-পিনোন, রীদি সুদোম, ধর্ম - ইয়েনি হামাক্কায় দরকার। ইয়েনিত্তুন এক্কান উনো অহ্‌লে ‘জাদ’ হলাদে অপূরণ থেই যায়। হাজেই, যে জাদর ভাষাগানই নেই তারা হিঙিরি ইক্ক জাদ হলেবাক ? ভাষা ন থেলে হন জাদর অস্তিত্ত্বই ভাবা ন যায়। ভাষা অহ্‌ল হন জাদর রিবেঙ। ভাষা মানে বানা হিজু শব্দর এগত্তর নয়, ভাষা মানে এক্কান জিংহানি, ভাষা মানে এক্কান বাজি থেবার ইঙ্গিত, ভাষা মানে জাদর, দেজর আ গদা পিত্থিমির ধনসম্বত। ভাষা মানুজর চিন্তা-ভাবনা গানিরে গিচ্ছেক গরি ফুদেই তুলিবার মাধ্যম। অস্ট্রিয়ান দার্শনিক উইটজেনস্টাইন-র হধায়, “হনজনর, হনজাদির ভাষা সীমাবদ্ধতা মানে তারার চিন্তাজগদর সীমাবদ্ধতাগানরেই বুঝায়।” হন জাদির ভাষা যদি লেমপচ্যে অহ্‌য়, সে জাদর চিন্তা-ভাবনায়ো উগুরো হাবর অহ্‌দ নয়। আর হন জাদর চিন্তা-ভাবনা যদি উগুরো হাবর ন অহ্‌য় সালেন সে জাত্তো পিত্থিমিত বাজি থেবার দাবি হিঙিরি গরিব?

আহ্‌জি যেবার মুওত পড়ি পিত্থিমিত্তুন আহ্‌জি গেল ৬৫-৭০ হাজার বজস্যে এক্কান পুরনি ভাষা। আমি হবর পেই আন্দামান দ্বীপপুঞ্জ ভারদর এক্কান নানান বাবত্যে গাছ-গাজারা আ নানান পরান বলায় বাজি থেয়ের জাগার মধ্যে পিত্থিমির নাঙগচ্ছ্যে জাগা। এই আন্দামানত পুরোনী-পুরোনী উপজাদি গুত্থি জিংহানি গঙাদন। সিয়েনির বেগডাঙর ১০-ছো উপজাদির মধ্যে ইক্ক অহ্‌ল বোয়া (Boa) উপজাদি। সেই বোয়া উপজাদিবো এচ্যে আর পিত্থিমিত

জেদা নেই। বোয়া জাদির শেজ বোয়া ভাষালোই হ্ধাহোয়ে একমাত্র জেদা বিজোর বিগুন এল' 'বোয়া সিনিয়র' মানে 'দাঙ্গুবী বোয়া' নাঙে একজন বোয়া বুড়োমিলে। ৮৫ বজর সুগে-দুগে জিংহানি গঙেই শেজ-মেজ বোয়া সিনিয়রর মরন ঘধিল। তার মরনর সমারে মরন ঘধিল ভারদর, পিথিমির এক্কান পুরোনী উপজাদি ভাষা আ মরন ঘধিল, ভিদে উধিল পিথিমিত্তুন ইক্ক পুরোনী উপজাদির।

বোয়া সিনিয়র নানান আঘাত্যে হালদও নিজরে যত্তন গরি লাড়েই গরিনেই বাজি এল এধক বজর পিথিমিত। ৮৫ বজর ওমোর অহ্‌লে হি অহ্‌ব, ২০০৮ ইং সনত জিংহানি হারিনেযেয়্যে দঝা সুনামি লক্ষেনও গাজমাধাত উধি অহ্‌লেয়ো বাজি রোয়ে বোয়া সিনিয়রে। জাপানী আক্রমন আ ব্রিটিশ আমলর আঘাত্যে রোগ-ব্যাধির সময়দও জিংহানির লাড়েই গরি বাজি এল বোয়া সিনিয়র। মাত্তর গারেগাই বুড়োপীড়ে ধরি যিঙিরি মানুজর শেজ নিজেস্‌ থুম অহ্‌য়, সিঙিরি তারও একদিন বুড়পীরে লগে ন' জিনি মরন ঘধিল।

বোয়া সিনিয়রর মরন আ অন্য হন জাদর বুড় মিলের মরনর মধ্যে ফারগ দিন-রেত। অন্য হন জাদর বুড় মিলেয় মরিলে বেজ অহ্‌লে তার নিজর হ্ধক্কানি গুনর (Quality) মরন ঘধে, মাত্তর সে জাদর মরন ন ঘধে। হিন্তু বোয়া সিনিয়রর মরন ঘধি যানায় গদা বোয়া জাত্তো পিথিমিত্তুন ভিদে উধিল। তার মরনর সমারে ভারদর আ গদা পিথিমিত্তুন ইক্ক জাদ লুগেই গেল। আহ্‌জি গেলগোই পিথিমির এক্কান সংস্কৃতি, বৈচিত্র্য। যাত্তেই পিথিমির বিভিন্নতার সভ্যতাত্তুন এক্কেনা অহ্‌লেয়ো গরীব ওহ্‌ই উধিল। সেনত্যেই এচ্ছে গদা পিথিমি জুরি এত্তমান আবিলেজ। পিথিমিত হ্ধক হোজপেয়ে, সমাজতান্ত্রিক, হন জনে নৃতত্ত্ববিদ, হনজনে মানুজ নিনেই গভেষনা গরিয়্যে আ হ্ধক জ্ঞানী-পন্ডিত মানুজ আঘন। তারা হনদিন বোয়া সিনিয়ররে ন দেঘন বা তাল্লোই হ্ধায়ো হোই ন পান। মাত্তর তার মরনত্তেই তারারো এধক আবিলেজ। হিত্যেই ভিলে, তার মরনর সমারে পিথিমিত্তুন ইক্ক জাদ, এক্কান ভাষা, এক্কান সংস্কৃতি আ এক্কান বৈচিত্র আহ্‌জি গেল। সেনত্যেই পিথিমি জুরি এচ্ছে তার মরানায় এত্তমান আবিলেজ।

পিথিমিত ইরুগ সময়দ আর' হ্ধক্কানি ভাষা আহ্‌জি যেবার পধত উধি আঘে। যেমন - 'জারোয়া' উপজাদিগুনর সংখ্যা ২৫০ জন' সান, 'অঙ্গি'গুনোর সংখ্যা ১০০ জন সান। এধেক্কেন গরি পিথিমিত আর হ্ধক্কানি ভাষা হিঙিরি আঘে, তার এক্কান পরিসংখ্যান তুলি ধরা অহ্‌ল-

| হ্ধকত্তুন ধরি হ্ধকজনে হন | ভাষার সংখ্যা | কয়জনে হন | আহ্‌জি যেবার ডর % |
|---|---|---|---|
| ১০০,০০০,০০০ ত্তুন ৯৯৯,৯৯৯,৯৯৯ | ৮ | ২,৩০৮,৫৪৮,৮৪৮ | ০.১% |
| ১০,০০০,০০০ ত্তুন ৯৯,৯৯৯,৯৯৯ | ৭৭ | ২,৩৪৬,৯০০,৭৫৭ | ১.২% |
| ১,০০০,০০০ ত্তুন ৯,৯৯৯,৯৯৯ | ৩০৪ | ৯৫১,৯১৬,৪৫৮ | ৫.৬% |
| ১০০,০০০ ত্তুন ৯৯৯,৯৯৯ | ৮৯৫ | ২৮৩,১১৬,৭১৬ | ১৮.৬% |
| ১০,০০০ ত্তুন ৯৯,৯৯৯ | ১,৮২৪ | ৬০,৭৮০,৭৯৭ | ৪৫.০% |
| ১,০০০ ত্তুন ৯,৯৯৯ | ২,০১৪ | ৭,৭৭৩,৮১০ | ৭৮.১% |
| ১০০ ত্তুন ৯৯৯ | ১,০৩৮ | ৪৬১,২৫০ | ৮৯.২% |
| ১০ ত্তুন ৯৯ | ৩৩৯ | ১২,৫৬০ | ৯৮.১% |
| ১ত্তুন ৯ | ১৩৩ | ৫২১ | ৯৬.০% |
| অগন্যে | ২৭৭ | | ১০০.০% |
| গত্তালে | ৬,৯০৯ | ৫,৯৫৯,৫১১,৭১৭ | |

উগুরোর হন’ হন’ ভাষা এগরে আহ্‌জি যেবার সাগর পারত। আর’ হিজু ভাষা দেঘা যায় যিয়ানি যত্তন গল্লে, দোলে দালে লারজার গরিলে আর বেগিদো সময় ঠিগি থেব পিথিমিত। আগেদি হো’ অহ্‌য়ে এজেত্তে ১০০ বজরর ভিদিরে ৩০০০-য়ান ভাষা, পত্তি ১২ দিনে এক্কান গরিনেই ইজেব গরি আহ্‌জি যেবগোই ভাষা সমীক্ষা অনুযায়ী। সালেন ইক্কুনু আমা মুজুঙোত এক্কান ডাঙর পুজোর, ভগবানে সিদ্দুর ন দেঘোক, ঈশ্বর’ হানে ন শুনোক, আমা চাঙমা ভাষাগানো হি সেই ইজেবর মধ্যে পড়িব’ নাহি ? আমা ভাষাগান যদি আহ্‌জি যায় সালেন আমা চাঙমা জাত্তো হি ঠিগি থেব’? এই উত্তরান যিবে মাধি-বলি ন পারে-বোব্‌ সিবেয়ো জোব দি পারিব’ যে, ভাষা ন থেলে হন জাদ ঠিগি ন থায়। হাজেই আমা ভাষাগান যদি আহ্‌জি যায় সালেন আমা জাত্তোয়ো ‘চাঙমা’ নাঙে বাজি থেদ’ নয়।

আমার দরকার আমা চাঙমা ভাষাগান উন্নতি গরানা। পো-ছাবা ধক্ষেন গরি যত্তন গরিনেই উন্নতি গরানা। আমা গিদিগুথি লগে হনদিন ম্যেত্‌ গরি পারাপাঙ ন পারন যে, আমার সিঙোর-পাঙোরুনোর হধাত-হধাত বাংলা, ইংরেজি আ অন্য জাদ ভাষা নলেন হধা শিরেই ন পারিবাক, ধেগত্‌ বাজিবাক। মাত্তর ইরুকহালে চলেত্তে সিয়েনই। আমি বাংলা ইংরেজি শব্দ নলেন এক হলম ন চলে, বুবো সান হধা শিরেই ন পারি। আমি নাক্কো অজল গরি ইংরেজি, বাংলা শব্দ আমা হধাত-হধাত হামত লাগেই, আ ইন্দি আমা চাঙমা শব্দগুনে ওমাদু-হধা সামালাদনদে হন হবর ন রাঘেই। হধগেলে ইয়েন হাম হেবার গরজ যে, জিংহানি গঙেবার পধত নানা ভাষা শিঘা পরে, জানাও পড়ে। তাই বিলে হি আমি আমন মা ভাষাগান পুরিফেলেবং? আমন জাদর ভাষা-অহ্‌রক দাম ন দিবং ? না সিয়েনদ’ ওহ্‌য়োই ন পারে।

এবার যদি পুজোর উধে, সালেন আমাত্তুন ইক্কুনু হি গরানা দরকার ? জোওবত গায় গায় এই যায় যে, ইক্কুনু আমা জাদর ভাষা ঠিগেই রাগেধ’ গেলে, আমা জাদর ঘনাত্যে বাড়েবার চেলে, আমা জাদর অস্তিত্ব রাগেবার চেলে এক্কানই হধা - আমাত্তুন এসময়দ চাঙমা অহ্‌রক্কুন শিঘে পড়িবো, লারজার গরা পড়িবো। চাঙমা অহ্‌রক্কুন যাতে তিবুরা রেজ্যত সরকারীভাবে চালু গরি পারা যায় সে হামত যোগ দিয়্যে পড়িবো, বলাবল দিয়্যে পড়িবো। হিত্তেই বিলে, চাঙমা অহ্‌রক্কুন নলেন আমার-আমার যোগাযোগ বাড়িদ’ নয়, আমার-আমার মধ্যে যোগাযোগ ন অলে আমা ভাষাগান তিগি থেদ’ নয়। আমা ভাষাগান ঠিগি ন থেলে আমা চাঙমা জাত্তো থেদ’ নয়। হাজেই এক হধায় হদগেলে জাত্তো বাজেবাত্তেই আমন অহ্‌রক্কুন আমনে শিগানা হামাক্কায় দরকার। আমাত্তুন এ সময়দ ‘মাদি’র এই শ্লোগানান (‘মাদি’র জুর কাবিদ্যেঙ দেবল চাঙমা জরেয়ে) পত্তিজনে মনরিবেঙত ধুজহাবানা দরকার -

**‘জাদ ভালেদির আহ্‌ওজ লোনেই ধর’ বেঘে আহ্‌দে-আহ্‌দ,**
**বানেবঙ বেঘে জধা ওহ্‌নেই তজিমপুরো চাঙমা জাত।’**

**(বিঝুগুলো-১১, ২০১০)**

# ভারদত বুক অঝার চাঙমা জাত

দেবপ্রিয় চাঙমা

দাঘকধাত আঘে, “পরা কবাল্যা যিন্দি যায়, মরা ছামুক্কো উধি যায়”। আমা চাঙমা জাদত্তেই এ কধাগান ভজমান সত্য মনে গরা অদ’। বিজগত দেঘা যায়, চাঙমাউন যেক্কেনে বার্মাত ধেই-ধেই পলে-পলে রইয়ন; সেক্কেনে চাঙমাউনে আমন’ পরান বাজেবাত্তেই ভারি আওচ গত্তাক। সেত্তেই দাঘকধাত আঘে, “ঝারত গেলে বাঘে খায় ঘরত থেলে মগে পায়”। আরাকানত্তুন এইনেই চাঙমাউনে আলিকদম, সুকবিলাস আ রাঙ্গুনিয়াত বসত্তি গুচ্চন। এজ’ সং আলিকদমত চাঙমা রাজঘরর মাজারা আঘে, সুকবিলাসত আঘে আ রাঙ্গুনিয়াতয়্য আঘে। কয়েক মাস আগে রাঙ্গুনিযার রানিআদত যেইয়ং চাঙমা রাজঘরান চেবাত্তেই। এজ’ সং রানি কালিন্দির রাজঘরান, এ্যাদোশাল, ঘরাশাল, বুন্ধ মন্দির, পোহ্র আ রাজ ঘাত্তান মাধাউজু গরিনে থিয়েই আঘে। সময়র সমারে সমারে চাঙমাউনে রজেয়ন চাদিগাঙ ছাড়া পালা। গমানি নয় বজঙানি বেচ আমাত্তুন মনত থায়। ভালেদর কধা নয়, চিদত ডর ফুদে দেনা আমাত্তুন বেজ গম লাগে। সেত্তেই চাদিগাঙ ছাড়া পালা আদামত শুনি ন’ পারে গরি এজ’ সং ডর দেঘা অয় মানযোরে।

ভারত পাকিস্তান যেক্কেনে ভাগ অর, আমি যুদ’ গরিনে পাকিস্তানত সোমেলং। যারা যারা ইয়ান মানি নেযে ন পারন, তারা ভারদত ধেই পেইয়ন। চাঙমা জাদর মাজারা লুগেই দিবাত্তেই পাকিস্তানে বানেল’ কাপ্তেই গধা। এই কাপ্তেই গধাত পানি ন’ ভাজের, ভাজের বানা লো। এই লো গধাত দুবি গেল ভরন্দি আদাম, আঝি গেল ধান ভুই, পায়ন্দি ভুই; লুগেই গেল তান্যাবির ফিত্তি। এই বরগাঙর বরগধার কারনে ভালুক্কো চাঙমায় বরপরং যেইয়ন। বরপরঙর কধা মনত এলে মত্তুনয়্য মানযো সান কানানি এজে। এল’ বাংলাদেচ। কমলপতি, পানছরি, লোগাং, নান্যাচরর কধা এজ’ চোগোত ভাজে।

ভারদত গেল্লে জানুয়ারি ৭-৯ (২০০৯) তারিখ চাঙমা ভাচ আ সাহিত্য উগুরে এক্কো সেমিনার ওই গেল’। ভারদর তিবিরে সরকারর ফাং পেইনে সেমিনারবোত মিলিবাত্তেই মুই আগরতলাত গেলুং। সিদু দেজভাগর সময়ত পার অইয়্যে, বরপরং যেইয়ে আ ইরুক দিনর মিজোরাম, অরুনাচল, আসাম আ তিবিরে রেজ্যর চাঙমা জাত ভেইভোন’ সমারে এগত্তর অবার জু পেলুং। নানান জাগার চাঙমার সমারে কধা কোই পারিনে ম’ পরানান ভজমান দাঙর অইয়্যে। ইজেবত দেঘা যায়, ইক্কে চাঙমাউনে বাংলাদেজর হিল চাদিগাঙর তিন জেলাত, চাদিগাঙর রাঙ্গুনিয়া, ফটিকছড়ি থানাত, কক্সবাজারর টেকনাফ, উখিয়া থানাত; ভারদর মিজোরাম, অরুনাচল, তিবিরে, আসামত; আ বার্মার ভুসিদং, মামরা, ম্রউ, মংদো আ রেঙ্গুনত থান। ইয়ানি বাদেয়্যে পিথিমির বর বর সহরানিত ভালুক্কো চাঙমা থান।

ভারত যেবার ভিসা পানার পর ব্যাংকত ট্রাবেল ট্যাকস্ দিলুং। ঢাকার কমলাপুর স্টেসনত্তুন টিকেত কাবিনে আগরতলা বাজত উদিলুং। ঢাকাত্তুন ব্রাহ্মনবারিয়া সং কুম্বনি পত্থান গম অঘে। কালিক ব্রাহ্মনবারিয়া সহর ফেলে যানার পর আখাউরা সং পত্থান ভারি বজং। ভাঙা পদেন্দি ঝাগারা হেই যাদে যাদে আখাউরাত লুমিলুং। আখাউরাত বাংলাদেচ ‘ইমিগ্রেসনত’ ক্ষত্তেই নাসআন থামেল। বাংলাদেচ ইমিগ্রেসনত ম’ পঝাপিরে চেক ন’ গরিলাক। মত্তুন বাজত্তুন লামা ন পল’। ইমিগ্রেসন’ কাম শেজ অলে বাজত গরিনে বাংলাদেচ-ভারত সিমানা পার অলুং। সিমানাত্তুন ধরি আগরতলা সহর আরাম্ভ অইয়্যে। সিমানা কুরে ভারদর ইমিগ্রেসনত বাসআন আর’ থামেল। সিয়ত ম’ পঝাপিরে চেক গরিলাক। ইমিগ্রেসন’ কাম ফুরেনে বাজত গরিনে ১৫ মিনিদ’ ভিদিরে আগরতলাস্টেসনত লুমিলুং। কবি নিরঞ্জনদা হোজা এল’। সিত্তুন ২০ মিনিদ’ ভিদিরে তিবিরে সরকারর হোটেলত লুমিলুং।

সেমিনারবো ৩ দিন ধরি চলিল। সেই সেমিনারত এচ্যা ধর্মনগর চাঙমা ছাত্র জধার সমারে ‘চাঙমা সাহিত্য বাহ্’র ভালক বজরর কুদুম্ম এল। সেত্তেই মরে লাগত পানায় তারা যেন খুজি, সিত্তুন মুই বেচ খুজি। তারাল্লোই এধক দিন বানা চিদিলোই দেঘা অলেয়্য সেদিনত গিচ্ছেক গরি লাগত পা-পি অলং, ভজমান গম লাক্কে। সেমিনারত এচ্যা আর’ মিজোরাম, অরুনাচল, আসাম আ তিবিরের চাঙমা জাত ভেই-ভোন’ সমারে সাহিত্য আদ্দা দিলুং, সুক-দুগ কধা হুঅবলা গলুং। ৩ দিন সেমিনারত চাঙমা ভাচ আ সাহিত্য উগুরে লেঘা মাদানা আ তেম্মাং গল্লাক কবি নিরঞ্জন চাঙমা, কবি চাঙমা অসীম রায়, চাঙমা লেঘার কাবিদ্যাঙ মিজোরামর জয়ন চাঙমা আ নাটক বানেয়্যে প্রদীপ কুমার চাঙমা সমুত্ত সাগচ্ছে। মুই বাংলাদেজর চাঙমা, লেঘা ভাচ আ সাহিত্য উগুরে কধা কলুং। ভারদর মিজোরামর চাঙমাউনরে দেঘিলে গম লাগে, গম লাগে তারার বুক অঝার কধানি, কানত সুক লাগে জাদ’ ভালেদি তারা কধানি শুনিলে। আমি ইদু সেদাম ছারা অলেয়্য কি অব’, সেদামবলা চাঙমা দ’ খামাক্কাই পিত্থিমিত আঘন। তারার বুক অঝার আ ভালেদি চিদেয়ানি দেঘিলে মনে অয়, আমা চাঙমা জাত্তো ভজমান তজিমপুরো। আমি ইদু কি গরি পারিলং চাঙমা জাদত্তেই ? বানা নিজর অদুম-দুম’ কধানি আ বজং সিদ্দান্তয়ানি বুগে দিই জাদ’ মাধাত। মিজোরামর চাঙমা অটোনমাস ডিস্ট্রিক্টস কাউন্সিল (সিএডিসি)-র চাঙমা লেঘার কাবিদ্যাঙ জয়ন চাঙমা কল’ “চিগোন চিগোন বজং থেলেয়্য আমাত্তুন উজেই যা পড়িব’। মুওদি ভদভদ ন গরিনে কমরগুচ দিনে কাম গরিলে জাদর তে মঙ্গল অব’। আমি দ’ কয়েক বজর আগে সিএডিসি-ত্তুন বাংলা লেঘা তুলি দেই। আমা ইদু চাঙমা পুঅঝিউনে কমপুলসারি সাবজেক্ট ইজেবে সাত কেলাস সং খামাক্কাই চাঙমা লেঘা পড়ি পান সে সমারে অন্য জাদ’ মানযেয়্য চাঙমা লেঘার সাবজেক্ট লন। আমি এজেত্তে বজরত আট্য কেলাস সং চাঙমা লেঘা চালু গরিবং আ কয়েক বজর পর দশ-বার’ কেলাজতয়্য লেঘা চালু গরিবং।”

সিএডিসির বেক ইসকুলানি ইংলিচ মিডিয়াম ইসকুল। ইন্দিয়ান মাদর ল্যাংগুয়েজ (IML) ইজেবে চাঙমা নাঙে এক্কো সাবজেক্ট আঘে, যিবে চাঙমা লেঘান্দি লেখ্যা। বোর্ড পরিক্খেত চাঙমা লেঘাদি উত্তর দি পান চাঙমা সাবজেক্টত। খামাখ্যাই পাচ গরি পান চাঙমা সাবজেক্টোত। ফেল গল্যে উগুরে কেলাজত উদি ন’পান। সেত্তেই বেক চাঙমা পুঅঝিউনে সুগে চাঙমা লেঘা পরন, জানন আ বুঝন। কুদু সিএডিসির চাঙমা আ কুদু বাংলাদেজর চাঙমা। কধগি আ বেড়েয়ে মানজে মাঝেমধ্যে মিজোরাম, তিবিরে, আসাম আ অরুনাচল ঘুরি এজন্দোই। তারাত্তুন শুনিদং বানা বজঙানি।

কালিক বজং নয়, মত্তুন ভারি গম লাক্কে তারার লাড়েয়র কধা শুনিনে, তারার জিংহানির ভালেদির কধা শুনিনে। সিএডিসি বারেয়্য লাঘ’ উগুরে চাঙমা আঘন। তারা দিজন এম.এল.এ অই পারন। অরুনাচলত ভালুক্কো মানজে সিটিজেনশিপ পেইয়ন। আসামত কিজু চাঙমা থান। তিবিরে রেজ্যর দগিন, উত্তর আ পুগ’ তিবিরেত চাঙমা থান। তিবিরে রেজ্যর চাঙমাউন্দোই কধা কোইনে মনে অল, চাঙমাউনে যিন্দি সিন্দি চেইয়ত বাঝন।

তিবিরেত আগেদি বানা ধর্মনগর সং ট্রেন লাইন এল’। ইক্কে আগরতলা সং ট্রেন লাইন লুম্মেগি। সেত্তেই চাঙমা বামত ঘুরদে ইক্কে ভজমান উজু অয়্যে। আগরতলা চাঙমাউনে মন দুগ’ সমারে কলাক, আমি দ’ তমা ইদু যেই ন পারি গমেদালে। আমারে ভিসা দিলেয়্য হিল চাদিগাঙত যাদে ভজমান দুগ অয়। হিল চাদিগাঙত গেলেয়্য বানা রাঙামাত্যা শঅর’ বারে যেবার ন’ দোন আমারে। মাত্তর আমাত্তুন মনে কয়দে বরগাঙ কুল চেবার, মিঙিনি কুল বেড়েবার, চেঙে-কাজলং কুল গুরিবার। কালিক সিয়ানি বানা সবনত থেই যায়গোই।

আমি এক্কো জাত - চাঙমা, আমি থেই ৩ দেজত। ছিত্রিং-পাত্রাং গরি থেলেয়্য বার্মার চাঙমালোই কধা কোইনে, মিজোরাম, অরুনাচল, আসাম আ তিবিরের চাঙমাউন্দোই কদা কোইনে মত্তুন মনে অল’ সিমানা আজল নয়, সিমানায়ানিয়ে আমারে ভাক গরি দিলেয়্য আমা চাঙমা জাদ’ মানুচ্চুনে এজ’ এক জাদ’ কধা কন, এক ভাজ’ কধা কন, এক লো কধা কন, এক সবনর কধা কন আর এক নুঅ দিন’ কধা কন।

**(বিঝুগুলো-১১, ২০১০)**

# ক’ধক ভিলোম থেব গুত্তি হুমো

শোভা রঞ্জন চাকমা

১লা বৈঝেক ১৪০৮ সাল, বেন্ন্যে সাত্তো-আত্তোবো লক্কে শেজ বিঝু মেলা চা যেবাত্যেই গাড়ীত উদিলুং। ১২-১৪ জন গাড়িত চড়িয়্যা। গাড়ীয়ান যাদে যাদে মুজুঙেদি আদেক্কে গরি ইক্কো ঘোরবো বিলেই পধ’ ডেনেদিত্তুন বাঙেদি পত্থান হত্তাদি পাড় ঐ যেয়েগৈ। হিজেহিচ্ছে গরি ড্রাইভাচ্ছে তা গাড়ীয়ান থামেই এক্কানা পিজেদি নিল তা পরে চালা ধোল্ল্যো। গরমে মত্তুন পরানে হত্তে হক্কেনে বিঝুমেলাত লুঙিদুংগৈ। ড্রাইভাচ্ছে হিত্তেই আধা পধত উজনী-লামনী গত্তে ১০/১৫ মিনিট হাদেল। মুই ড্রাইভাচ্ছেত্তুন বিজের গল্যুংগে, আচ্ছা ড্রাইভার ভেই, অত্তেই দেরী হো্য়েই আর তুই পধত সেধক্ক্যে গরি দেরী গরর আ হক্কেনে বিঝু মেলাত লুঙিদোংগৈ ? ড্রাইভাচ্ছে হয়দে, ‘মুজুঙেদি এত্তুমো ইক্কো বিলেই পথ পাড় অল’ তুই ন’ দেলে ?’ মুই তারে হংগে, তেএ হি অয়দে ? বিলেই বো পাড় অল তেদ আর দলা ন যেব ? ড্রাইভাচ্ছে হয়দে, তুই হবর ন পাঝ, মুজুঙেদি সিঙিরি বিল্েই পথ পাড় অ’লে গম নয় দিয়্যা ? মুই বিঝের গল্লুং, হি গম নয়, হি গাড়িয়্যান এক্সিডেন্ট অব, না পত্থান দুরোত অব ? না আর অন্য হিচ্ছু ? কুবোন ? ড্রাইভাচ্ছে এক্কা এক্কা রাগ উত্তে উত্তে র’-লোই হয়ধে, সেধক্কানি হবর ন’ পাং। গম নয়, এ গম নয়ান তে হবর পাংগে। মুই মনে মনে ভাবি চেলুং, মুই চিগোন থাগদে মরে হি পুগুলোক পাদাত্ পিলে বোঝেয়ে ভাত-তোন, পিলে উগুরে কাধিভার গোচ্ছে ভাত-তোন খেবাত্যেই ন’ দিদাক। হি ভিলে গম নয়, মাত্তর হি গম নয়, হিয়োজনে হবর ন’ পান। একদিন মুই পুগোলোক পাদাত পিলে বঝেই ভাত হেয়োঙ। হিচ্ছু হবর ন’ পেলুং। আরেকদিন পিলে উগুরে কাধিভার গরি থোই ভাত খেয়োং, হৈ হিচ্ছু ন অয়। জেরেদি অক্ত অক্ত পিড়ে থিরে পলে মনে মনে হংগে, না হন সিঙিরি ভাত হেইনেই পিড়ে থিরে পড়ঙর ? সেরে সেরেধ’ ন হেলেয়ো পিড়ে থিরে পড়ং, আ সক্কে ?

বাবা জেদা থাগদে হ’ধ, আমি ভিলে নাদক্তুগদাঘি। আমা গুত্তিত শুগুরি বিজী চারেই ন পারি, গম নয় । বাবাত্তুন বিজের গরঙ্গে, বা হি গম নয় ? বাবা হয়দে, শুগরি বিজী চারেলে বাঘে হায়োই, হুলো বুনিলেও বাঘে হায়োই, এমন হি হুলো বাঁশ আনিলেও বাঘে হায়। তে আর হয়দে, আমি পূগেধি দোর গরি ঘর তুলি ন বারি। মুই বাবাত্তুন বিজের গরঙ্গে, আচ্ছা বা, বানা আমা নাদুকতুগ গুত্তিত নেনা হি, আর’ হার’ গুত্তিত নেই ? বাবা হয়ধে যার যে গুত্তিত গুত্তি হুমো আঘে। মুই চিগোন থাগদে ভারি বাঘ দোরেদুং, সেনত্তেই অনসুর চিদে; সেনি ন’ মানা যায় ভিলিনেই। ডাঙর দিগোল ঐ ঘর গিরিত্তি টাঙেয়োং, পো, ঝি ডাঙর-দিঘোল হো্য়োন। মুইয়ো তারারে সে নীতি হধানি অনসুর সিগেদুং। কলি কাল্যে দিন হক্কে হি গরণ হোও ন’ যায়। এগদিন আমা ঘরত বেক্কুনে বচ্ছেই। গম গম নানা হধা নিনেই হধা হোর, তদা তাঙরি ম চিগোন ঝিবো হয়ধে, আচ্ছা বা আমি হুলো বুনিলে, শুগুরি বিজী চারেলে বাঘকোই হিঙিরি হবর পেব ? তে অলদে পোঝু, আর ইক্কে ঝাড়ত বাঘ নেই তে হিঙিরি হেব গৈ ? তা হধায় মুই হাক্কন ভাবি চেলুং। আ অয়দ ইক্কে দ’ ঝারত্ বাঘ নেই, বাঘ কুমরে চিড়িয়ে খানাত্ আর টেঙেরা বেড়ি বেড়ি মান্য ডরে থোই পান, আ হুত্তুন মানুজ জন হেদাগ ?

একদিন আহ্রবো উত্যে শুগুরি শাক উগুরেই আমি আমা ঘর’ হায় গাত গরি গরি

দরেই দরেই লাগেই চেলুং, হামাক্কায় বাক্কো গুজুরিলে উগুরেই ফেলেম্মাই। বদনাম গরিয়েগুনে হন্দে, বানা বাগে হেলে তে নাহি, অন্যগানদো ওহ্‌ই পারে, যেমেন অসুগ-বিসুখ, টেঙা পজে আহ্‌রানা, ঘর দোর পুরি যানা, মাত্তর হিচ্ছু ন অহ্‌য়। বাক্কোয়ো ন গুজুরিল, নয়ো হেলগোয়, মাত্তর আমা ঝারত বাঘ নেই হুত্তুন। যেরে মুই শুগুরি বিজি হুজং, শাক হাঙ, গুলো হাঙ, হুলো ভাঙিলে তুনোং, এক্কান পুগেদি দোর গরি ঘরো তুলি চেয়োঙ, হোয় সিয়ান তুলিনেইয়ো হন' ভালা মন্দ হবর ন পেলুং। মাত্তর বদনাম গরিয়েগুনে হন, মুই ভিলে জারবো। মুই নাদুকতুক গুত্থি নয়। মর সিয়ান্নোই হি এল আর গেল'।

আজলে আমি ভারতবাসীগুনে বেজ ভূত দেবেদা বিশ্বেজ গরি । আমা ভূত দেবেদাগুন যে ধক্কান আলাদা আলাদা ঠিক সে ধক্যা আমা হুমোগানিও। আমি বাঙাল' হুমোগানিলোই আঝা আঝি গরি গরি মনে গরিদে আমি তারাত্তুন বেজ বুঝি। মাত্তর আমার যে যার যে গুথিত হুমো আগেধে সিয়েনি একবার ভাবি ন চেই। পিথিমিত যেদক জীব আগন তারাত্তুন বেগত্তুন বেজ বুদ্ধিমান মানুজ অথচ আমা মানুষর মধ্যে অন্য দেজ হধা বাদ দিলেও বাঙাল, রেঙএ, তিবিরে চাকমা, সে ভিদিরেও আর যার যে গোজা গুত্থি, গুত্থি হুমো আগে। কিইয়্যা ? হিত্তেই গদে গদে থেব' ? আমি মানুষ বেক্কুনত্তুন পেত পুড়ে, খেই পেই, বল পড়ে জিরেই পেই, ঘর গিরিত্তি তাঙেই - ইয়েনি বেক্কুনর বেলায় এক ইয়েন সত্য। তে হিত্তে গদে গদে হুমো থেব'?

ড্রাইভাচ্ছে হধা মনদ উধিলে সাইকেললোই যাদে যাদে সিঙিরি ভিলে পথ পার অহ্‌দে দেলে সাইকেলান জুরে চালাঙঙ্গে ভিলে বিলেইবো সাইকেলত তলে ফেলেই চাগা গরিবাত্যেই, হি গম নয় এক্কা সিয়ান পরিক্ষে চেই পাল্লুঙুন। সেরে সেরে পো-ঝি অসুখ বিসুগ অহ্‌লে বদনাম গরিয়েগুনে মরে হন- সিয়েন ন মানজ হিনেই সিয়ে এধক্কে অসুক বিসুগ অত্তে। তারারে হঙ্গে মুই ২০০১ ইং বজরত ২৬ শে জানুয়ারী গুজরাদত ভুজোল বেইনেই ইধুক্কুন মানুজ মচ্ছোন, ২০০১ ইং সনত ১১ই সেপ্তেম্বর আমেরিকাত ইধুক্কুন মানুজ মচ্ছোন, সিঘুন হি বেক্কুন সে গম নয় হাম গচ্ছোন্দে ? পশ্চিমবঙ্গ রেজ্যত মাঝে মধ্যে বাঘে বাঙাল হাদন্নোইদে সিঘুন হি শুগুরি বিজি হুচ্ছন, না হুলো বানেয়োন ? সাব' হুদ' হেই মানুজ মলে সিয়েনদ' হি হন' হুমো আঘে নাহি ? সিয়েনি আজলে আন্ধারত ধান হুজোনা। ইয়েনির হন' সত্য ভিত্তি নেই। যার নাঙ কুসংস্কার। সিয়েনি ন ভাঙিলে আমি হন'দিন উন্নতি ন অহ্‌বং, আর উন্নতি ন অহ্‌লে হিঙিরি বাজিবোং ? হাজেই বাপ ভেই মা বোন এজ সেই কুসংস্কারানি বেক্কুনে মিলি ভাঙি ফেলেই, গরেই তুলি উন্নত চাঙমা সমাজর নাঙ-বাজ।

**(বিঝুগুলো-৪, ২০০২)**

# চাকমা রাজবংশ

## কুসুম চাকমা

গ্রীক শব্দ 'হিস্টোরিয়া'-ত্তুন হিস্টোরি বা ইতিহাস (বিজক) শব্দবো এস্যে - যার অর্থয়ান অহ্‌ল' - তোগেই বাহ্‌র গরানা। বিজক আগরীর ঘদি যেইয়্যে সাগচ্ছে ঘটনা যেনি বেগিদো আগরীত্তুন ধরি ইরুককাল সং মানেই সভ্যতার আগ্যোই যেবার ধারাবো বজায় রাঘায়। কিন্তু বিজগর অঝার খলাত কন' কিচ্ছুর থায়ঠিক হেন তোগেই বাহ্‌র গরা অমগত্য আঘাত্যে। পিথিমীর বেক আগ্যোয়ে জাত্তুনর পুরনী বিজক মাত্রই বেক্কানি প্রমানবলা তথ্যর উগুরে থিদাবত ন হ্‌য়। কিন্তু পুরোনী কধা, নিধুকতুক প্রত্ন উপাদান উগুরে ভিত্তি গরি কন' জাদর বিজক রচনা হ্‌য়। সেনত্যে কন' জাদিগুথির বেগিদো পুরোন কালর থায়ঠিক বিজক নেই। দ্বাদশ শতগত কলহন রচনা গচ্ছ্যে 'রাজতরঙ্গীনি' বাদে এই ভারত উপমহাদেঝত তার আগেধি কারো কন' বিজক বই নেই। সিঙিরি চিগোন জাত্তুনর বিজক রেনিবার আ প্রমান গরিবার চেরেষ্টা থেবরক হায়। কন' কন' ক্ষেত্রে তথ্য আগে কিন্তু ভৌগোলিক প্রেক্ষাপট আ হেন্‌ধুজি জানা ন থানায় বিজক তোলবিচ গরা বেগিদো কষ্ট হ্‌য়। সেনত্যে চাকমাউনর পুরনী বিজক রচনা গরাও বেশ কষ্ট।

চাকমাউনর উৎপত্তি, আদিথান, জাগা বদলানা ইয়ানির থায়ঠিগ খবর পাধে গেলে ভজমান কষ্ট স্বীকার গরা পরিব'। কয়েকজন বিজক লেঘিয়ে বিজক লেখ্যন তারা চাকমাউনর উৎপত্তি, আদিথান, জাগা বদল ইয়ানি সর্ম্পকে এক প্রকার ধারনা দিবার চেরেষ্টা গচ্ছ্যন। তবুও বিজগত কিছু ফাঁক থেই যায়, অসংগতি আগে, সময়র ফারক আগে, প্রমান গরিবার' অভাব আগে। সেনত্যে চাকমা বিজক এব' অর্পূণ আগে। এদক্কানি অসম্বচ্য থেইনেও তারা যে চাকমা বিজক রচনা গরিবার বা তার মূল ভিত যুগুলেই দিবার বাঘেনীয়ান তারারই পেভারলাক। চাকমাউনর অগ্রগতি, উৎপত্তি, আদি জাগা ইয়ানি সম্পর্কে ইয়োত আলোচনা ন গরি বানা চাকমা রাজ বংশউনর উৎপত্তি আহ্‌ বংশধারা পুরোণীত্তুন ধরি ইরুক সং আলোচনা গরিবার আড়ি নেযা অহ্‌ল। যদিও এই বংশ তালিকার মধ্যেও সাগচ্যে হেরফের লক্ষ্য গরা যায়। নিত্তাগে এই নিবন্ধবোত চাকমা রাজবংশউনর ধারাবো তেককাবি তুলি ধরা অহ্‌ল। চাকমা রাজ বংশ ধারাবো বেগিদো পুরোনীত্তুন ধরি আরাম্ব অহ্‌লেয়ু মূলতঃ চাকমারাজা বিজয়গিরি আমলত্তুন ধরি চাকমাউনর মূল ধারাবো সর্ম্পকে কিছু প্রমান পা যায়। চাকমাউনে নিজরে শাক্য বংশত্তুন উৎপত্তি ওইয়োন গরি দাবী গরন। এই শাক্য বংশ সূর্য্য বংশত্তুন নিহ্‌গিল্যে এক্য ঢেলা, যিয়োত বুদ্ধ জন্ম গ্রহন গচ্ছে। যদিও বংশপঞ্জিত সাগচ্যে হেরফের আগে স্যেনদ' আগেই কোও ওয়ে, তোও তেক্‌কাবা গরি চাকমা রাজ বিজগর ধারাবো তোগানা গরজ আগে।

সূর্যর পোও বৈবস্বত মনু-তা পোও ইক্ষাকু তারারও বেগিদো জেরর বংশধর সগর-জেরে ভগীরথ, -রঘু, যযাতি, দশরথ, রামচন্দ্র প্রভৃতি রাজাউন সূর্য বংশ ধারাত্তুন সৃষ্টি ওয়োন। এই ধারাত্তুন নিহ্‌গিল্যে আরও ইক্কো ঢেলা শাক্য বংশত বুদ্ধ জন্ম গ্রহন গচ্ছে। এই শাক্য বংশর আরেক্কু ঢেলাত্তুন একজন (নাঙান জানা ন যায়) রাজা হিমালয় পর্বদত কলাপ নগর নাঙে এক্কান নগর সৃষ্টি গচ্ছে। তা জেরেদি চম্পক কলি কলাপ নগরত্তুন দূরোত চম্পকনগর নাঙে রাজধানী স্থাপন গোচ্ছেগোই। চম্পককলির জেরে সাধেংগিরি এ চম্পক নগরর রাজা হ্‌য়। সাধেংগিরির বেগিদো জেরে সাংবুদ্ধা -

তা পোও বিজয়গিরি আ সমরগিরি (আরেক মতে উদয় গিরি)। এই বিজয়গিরি সময়তুন ধরিলে চাকমাউনর বিজগর ধারাবো নিহ্গিল্যে। বিজগী সতীশ চন্দ্র ঘোষ বিজয়গিরির সময়ান চতুর্থ কি পঞ্চম শতগত আ বিরাজ মোহন দেওয়ান ষষ্ঠ শতক, রাজা ভূবন মোহন রায় চতুর্দ্দশ শতক গরি হিয়েজ গচ্ছ্যন। সেনত্যে নির্ভর গরিবার মত ঐতিহাসিক তথ্য হ্াদত ন এযানা সং বিজয়গিরির গেচ্ছ্যেক সময়কাল হুবোন ঠিক হিচ্ছু হোঅ ন যেব'। বিজয়গিরি চাকমা হধায় বিজকগ্রি। এই বিজগ্রিয়ই চাকমাগুনর আদি জাগা চম্পক নগরর যুবরাজ।

যুবরাজ থাগদেই বিজকগ্রি রাজ্য জয়র উদিজে তার সেনাপতি রাধামনরে লগে নিনে দঘিন মোক্যে যাত্রা গচ্ছে। তে পথম দগিনেন্দি 'মগ-লো' রাজ্য জয় গচ্ছে আর সে জাগানত এক্কান চাকমা রাজ্য স্থাপন গচ্ছে, আর সে জাগানর নাঙই দ্যে সাংপ্রেইকুল। সিঙিরি খ্যাংদেশ, অক্ক্রাদেশ, কাঞ্চন নগর, কালঞ্জর -এধক্ষে বেগিদো দেঝ জয় গরিলনার জেরে কালাবাঘা রেজ্যত এইনে সুনিলগিদে তা বাব সাংবুদ্ধা পরাণ সাচ্ছ্যে আর রাজার অভাবে রেজ্যত বিশৃঙ্খলা অহ্বার ডরে প্রজাউনে সমরগিরি (উদয়গিরি) রে রাজা বানেই সিংহাসনত বোজেয়োন। বিজকগ্রি সেবেদেন আর চম্পকনগরত ফিরি ন যেই জয় গচ্ছে রেজ্য সাংপ্রেই কুলত নুঅ চাকমা রেজ্য বানেই রই যেইয়্যে। তা লগে রেজ্য জয়ত লাম্মে সৈন্য সেনাপতিউনেও বিজকগ্রির লগে থেই গেলাক। কিত্তে সৈন্য সেনাপতিউনে বিজকগ্রিরে অমগত্য পোচ পেদাক, সেনত্যে তারা আর চম্পকনগরত ফিরি ন যেই বিজকগ্রি রাজার লগে রই গেলাক। জের' সময় রাজা মুইসাংগিরি রাজধানীয়ান উত্তর ব্রহ্মত সরেই নিনে নিজর নাংধগে মুইসাগিরি স্থাপন গচ্ছে। এই মুইসাগিরি আমলসং চাকমাগুন চম্পক নগরত এযান যান গত্তাক। জেরে এক সময় উজোন-লামোন বন্ধ ওই গেল। তার বেগিদো জেরে চাকমা রাজা অরুনযুগ' আমলদ আরাকান রাজ মেঙ্গাদি বা মেংদি ১৩৩৩ খ্রীস্টাব্দত চাকমা রাজা ইয়াংজরে (অরুনযুগরে মক্কুনে ইয়াংজ' হধাক) কৌশলে যুদ্ধত হ্ারেই দিনে তিনরানী সহ তিন্নোপোঅ-দ্বিবেঝি সমেত প্রায় দশ হ্াজার প্রজারে বন্দী গরি সাগচ্চ্যে এ্যত, ঘোড়া, মনি-মানিক্য, সোনা-ইয়ানি সমেত তারারে নেযেয়োন যিগুনে জেরেদি দৈংনাক আ টংচঙ্গ্যা বা তঞ্চঙ্গ্যা নাঙে চিনেপয্য হ্ন।

ইঙিরি আগেরে ব্রহ্মর চাকমা রেজ্য নাশ অহ্লে অরুনযুগর ডাঙর পোঅবু চজুং মংজাফ্র নাঙে এক্কান জাগাত চাকমাউনর রাজধানী যুগুলেই রয়্যেগোই। চজুং (সূর্যজিৎ)-অর ভেইপুত মুইসাং বা মংসাং বা মুংছুই-অর আমলত আহ্ আরাকান রাজ মংজাফ্র আক্রমন গরিলে মুইসাং আরাকানর তলেদি কালাদান নাঙে গাঙ পারত 'চক্কোই ধাও' জাগাত ধেই এচ্ছে। জেরেদি মইসাঙর পোঅ মরেক্যজ বা মারিক্যার নেতৃত্বত ১৪১৮ খ্রীস্টাব্দত ধেই যায় আ তা গুরোভেই থৈন/তৈন সুরেশ্বরীরে চট্টগ্রাম শাসন কর্তাইধু দি-পাধেয়্যে। নবাব চিৎপুরীনে সীমেনে কায় বার'গান আদামর অধিকার দ্যেএ-(১৪১৮-১৯ খ্রীস্টাব্দ) আ সেলগে বজত্তি স্থাপন গরিবার অধিকারও দ্যে। সিধু থাদে থাদে চাকমাউন বলিবন্ধ ওই উত্ত্যন। কুগি আ মগকুনরে দমন গরিবাত্যে সৈন্য থুবেই ল'ন। রন পাগালার নেতৃত্বত মগ রাজার লগে চাকমাউনর ঘোরত্তর যুদ্ধ হ্য়। জেরে মগ রাজা পরাজয় বরণ গচ্ছ্যে। তৈন সুরেশ্বরীর আমলদ চট্টগ্রামর অধিকার স্থাপন গরিবাত্যে মোঘল শাসন কর্তার সমারে ত্রিপুরার মহারাজার আঘাত্যে জাগুলুক চলের। তা জেরে তা পোঅবু জুনুর (মগে হধাক চনুই) আমলদ আরাকান রাজর লগে যুদ্ধত ন জিনি মগ রাজার অধীনত্তল থেই ঝিজামেই বুড়ো বড়ুয়া লগে ১৫৯৯ খ্রীস্টাব্দত পেগু রাজ্য এক সময় ব্যাংকক সং অধিকার স্থাপন

গচ্যেন। জেরে সাত্তুয়া রাজা হ্য় (যারে পাগালা রাজা কুঅ হ্য়)। পাগালা রাজার দ্বিবে পোঅ - চন্দন খাঁ ও রতন খাঁ-তারারও কন' পোঅ ছাবা ন থানায় প্রজাউনে বেক্কুনে মিলিনে ধাবানা রে রাজা বানেয়োন। ধাবানার জেরে ধরম্যা জেরে গুড়ো ভেই-তা জেরে মঙ্গল্যা -তা জেরে সুবল খাঁ, আরও জেরে তা গুরো ভেই ফতে খাঁ সিংহাসনত বচ্ছ্যে । ফতে খাঁর সময়ত চাকমা রাজার বল বাড়িলে চট্টগ্রামর মোঘল শাসন কর্তার লগে চাকমা রাজা ফতে খাঁ দি পক্ষর যুদ্ধত ন জিনিলে মোঘল সম্রাট ফারুকশিয়রর লগে ১৭১৫ খ্রীস্টাব্দত কার্পাস (তুলো) করর বশ্যতা স্বীকার গচ্ছ্যে।

ফতে খাঁর মরানার জেরে তা পুঅ সেরমুস্ত খাঁ রেজ্য লাভ গচ্ছ্যে। সেজেরে শুকদেব রায়, তা জেরে সের দৌলত খাঁ রাজ্য লাভ গচ্ছ্যে। ইন্দি পলাশীর যুদ্ধত জিদানার জেরে ইস্ট ইন্ডিয়া কোম্পানী বাংলার নবাব মীরকাশিমত্তুন ১৭৬০ খ্রীস্টাব্দর ২৭ শে সেপ্টেম্বর তারিগত চাদিগাঙর জমিদারীনামা আদেয় গরি লয়। সিত্তুন ধরি নিত্তাগে চাকমাউনর সমারে ব্রিটিশর কোজ্যের আরকানি হ্য়। কিত্তে সেক্কেনে চট্টগ্রাম ইংরেজর অধিকারত এচ্ছ্যে। কিন্তু কর আ অন্যান্য ব্যাপারে ইংরেজর লগে বিরোধ অহ্‌লে রাজা শের দৌলত খাঁ সেনাপতি রুনু খাঁলোয় তেম্মাং গরি ইংরেজর অধীনত্তল ন থেইনে যুদ্ধ গরানান ঠিক গচ্যেন। সের দৌলত খাঁর বিরুদ্ধে ব্রিটিশউনে দ্বি-বার অভিযান গরিলেও দোঅ বারদই ইংরেজর সৈন্যউন পরাজয় স্বীকার গচ্যেন। জেরে তা পোঅ জানবক্স খাঁ বাব' রেজ্য লাভ গল্ল্যে আ বাবর বদলায় তে ব্রিটিশর সং-মুওমি হ্য়। চাকমা রাজা জানবক্স খাঁ ১৭৮৩, ১৭৮৪, ১৭৮৫ খ্রীস্টাব্দত পর পর তিনবার যুদ্ধ চালেয়্যে। পথম দ্বিয়ান যুদ্ধত জিদিলেয়ো, তৃতীয় যুদ্ধত জানবক্স খাঁ অহ্‌দি যেয়্যে। জেরেদি ব্রিটিশর কূটনৈতিক চালত পরি জানবক্স খাঁ শেজেন্দি ১৭৮৭ খ্রীস্টাব্দত ইংরেজর বশ্যতা স্বীকার গচ্ছ্যে আ বঝরা ৫০০ মন তুলো দিবার খাম খেইয়্যে।

সে জেরে টব্বর খাঁ, জব্বর খাঁ জেরত জের সিংহাসনত বচ্যেন। তারার জেরে ধরমবক্স খাঁ ১৮১৪ খ্রীস্টাব্দত সিংহাসনত বজে। ধরমবক্স খাঁ পথমে কালাবীরে লোইয়্যে আহ্‌ লনার জেরে 'কালিন্দী রাণী' নাঙ থোয়দ্যে। কালিন্দীর পোঅ-ছাবা ন থানায় আটকবীরে আর জেরে কুরাকুত্যার সর্দার দৌলত খাঁর ঝি হারিবীরে লোয়্যে। ১৮৩২ খ্রীঃ ধরমবক্স খাঁ লুক দি (মরি) গেলে রেজ্যর অধিকার লোইনে জাগুলুক দেঘা দিলে ১৮৪৪ খ্রীঃ কালিন্দীরানী নেক ধরমবক্স খাঁর যাবতীয় সম্পত্তির উত্তরাধিকারীগরি গভর্ণমেন্ট সাব্যস্ত গচ্ছে। হারিবীর ঝি চিকনবীর পুঅ হরিশ চন্দ্ররে কালিন্দীরাণীর মরন হ্‌লে ১৮৪৩ খ্রীঃ ব্রিটিশ গভর্ণমেন্ট 'রাজা' উপাধি দিনে রেজ্য দান গচ্ছে। কালিন্দীরানী জেদা থাগদে ১৮৭২ খ্রীঃ লুসাই অভিযানত রানীর আদেজে হরিশচন্দ্র ইংরেজরে যুদ্ধত বলাবল দেনায় গভর্ণমেন্ট হুঝি ওইনে হরিশচন্দ্ররে 'রায়বাহাদুর' উপাধি আ ১৫০০ টেঙা আ সোনার ঘরি আ চেন বকসিশ দ্যে। রাজা হরিশচন্দ্র রায়বাহাদুর ১৮৪৫ খ্রীঃ মরন হ্‌লে ডাঙর পোঅ ভূবন মোহন রায়রে ১৮৯৭ খ্রীঃ ৭ই মে রাজ পদত বজানা হ্য়। দীঘোল ৩৭ (১৮৯৭-১৯৩৩) বঝর রাজত্বর জেরে সংসারত্তুন বিদেই লইয়্যে। রাজা ভূবন মোহন রায়'র জেরে তা ডাঙর পোঅ নলিনাক্ষ রায় ১৯৩৯ ইংরেজিত ৮ ই জুন রাজা উপাধি লাভ গচ্ছে। দীঘোল ১৭ বঝর রাজত্বর জেরে পিত্থিমীর নিয়মে বিদেয় লইয়্যে। সেজেরে ত্রিদিব রায়র রাজত্ব কাল এল ১৯ বঝর (১৯৫৩-৭১খ্রীঃ) । কিন্তু ত্রিদিব রায়র আবত্তমানে(পাকিস্তান থানায়োই) তা পোঅ দেবাশীষ রায় বর্তমান চাকমা রাজ সিংহাসনত বস্যে আগে। তে ১৯৭৭ সালত্তুন ধরি চাকমাউনর রাজা ওই আঘে।

নিত্তাগে দেবাশীষ রায়র ডাঙর কন' সাম্রাজ্য বা রেজ্য নেই। তারে রেজ্য ছাড়া রাজা কুও যায়। তার রেজ্য নেই; কিন্তু পিত্থিমীর কনা-কুনিত যিদুক্কুন চাকমা আঘন সিগুনর বেক্কুনর রাজা তে। মূলতঃ তে গেচ্ছেক রেজ্যর রাজা ন অহ্‌লেয়ো তে গদা পিত্থিমীর চাকমাউনর রাজা।

**(বিঝুগুলো-৮, ২০০৬)**

# যার যে স্বভাব ধর্ম

## গঙ্গাজয় চাকমা

যার যে নিজর স্বভাব ধর্ম লোইনে এ সংসারত জন্ম। সিয়ানর মধ্যে, এক জনর ধর্মলোই আর একজনর স্বভাব ধর্ম, বিরাত শত্রু আর মিত্রয়ো দেখা যায়। যেমন, বিনিভাত, পাগানা হলা আ দুধ - এই তিনান মিলেলে হি যে অয়, বেগর জানা আঘে। আর মধু লগে তিদ্যা মিলেলে যেকুনো এক্কানর গুন নষ্ট ওই যায়। বাঘর ধর্ম যেকুনো পেলে বলে জিনিলে তারে মারি হানা। আর চিলোর স্বভাব ধর্ময়ো সেদেক্যা। কদ' অমিল আঘে হবার নয়। এক হধায় সিয়ান ভালা হধা। সিত্তুন বেজ দরগরে পারা হধা অলদে মানুজর দোল স্বভাব ধর্ম গোরাচ যুক্কেয় হেই দিনেই মানুজ জেদা মরা গরি থয় - সেধক্যা জিনিষ আঘেদে মানুজর ভিদিরে। আর' বার' জগত্তানত। যেমন মদ, জু-হারা ইয়ানি মানুজর গুনর লগে এক গরিলে বা নিত্য এক গরি রাঘেবার চেত্তা গরিলে, মধু লগে তিদ্যা এক গরে পারা অয়। মানুজর দোল স্বভাব গুন হমদে হমদে সবাই ন থেয়ো পারে, সে ছারা নানা দোল নেই হামত মিঝেই দিলেয়ো সে দঝা অয়। সেনত্যায় নানা দোল নেই হাম আর' মদ, জু-হারা তারার স্বভাব ধর্ম অলদে, মানুজর দোল স্বভাব ধর্ম হেই দেনা। সেনত্যায় পবিত্র মানুজর স্বভাব ধর্মগানরে, হন পবিত্র ধর্ম লগে মিঝেই দিলে আর দোল অব, ভাবি চানা দরকার নয় হি ?

মানুজত্তুন আঘে মেয়ে-দয়ে, ইত্তো-হুদুম, সঙ্গি-সমাচ্ছে, আদাম্মে-পারাল্লে, দেজ-গাঙ আর আঘে ধর্ম-পূণ্য, নানা গুন দোষ সাজেয়া এক্কান মানুজর জীবন। যেমন নানা দোল ফুললৈ সাজেয়া ফুলদানি। সেত্যায় ভগবান বুদ্ধ হোয়েদে-"দূল্লভঞ্জ মনুসসত্তং" তার অর্থ মানুজর জীবন বহু দামী। এধক্কানি গুন মানুজর জীংহানিত নলে ন পায়। সেত্যায় মান্য জীংহানি দেবেদা আর' ব্রহ্মাত্তুন উগুরে। যে মান্য জীংহানিত্তুন বেগ দুগ হাদেইনেই নির্ব্বান পায় ! ইয়েন হয়েদে ভগবান বুদ্ধ। মানুজ মরি যান গুন অমর গরি থায়। বুদ্ধ নেই, তার গুন অমর গরি আঘে। তার গুন লবাত্যায়, পেবাত্যায় হুধি হুধি মানুজে তারে দাগদন, পুজো গত্তন। হিত্তেই-সেধক্কে গুন' লগে মানুজর গুন'ন এক গরি পারিলে বিনিভাত, দুধ আ পাগানা হলা এক গরিলে যেধক্যা অয়, সেধক্যা ন অব' হি ? সিয়ানত্তুন অব' নিজর আর দেজর-দজর মঙ্গল। সেনত্যায় এত্তমান দোল মান্য জীবনান নানা দোল নেই হামত লাগেনেই নষ্ট গরি ফেলেলে উল্ল ফিরি পেবার নয়, পাদেয়ো কঠিন। উয়ান হয়েদে ভগবান বুদ্ধ, যে গুনানিলৈ মান্য জীংহানি পায় সে গুনানি নষ্ট ওই গেলে পেবার হধা আঘে ? যেমন, যে হুন' বিজি যদি তা সাচ্ছান নষ্ট ওই যায়, উধি পারিবনি? ঠিক সেধক্যা। সেনত্যায় সজাগ গরি থানাই অল আজল হাম। যেমন নিজর গুনন নষ্ট ন গরিনেই হিঙিরি ডাঙর ওই উধিব' সে চেষ্টাগান রাগেলে নয় গম অবদে ? সালেন নানা দোল ফুললৈ সাজেয়া ফুলদানি ধক্যা দেগেব'নে ন দেগেব' ? সালেন সার্থক অব মান্য জীংহানি। সুখ বাড়িব ইয়ো হালর, পর কালর।

**(বিঝুগুলো-২, ২০০০)**

# চালাক ন অইনে পন্ডিত অনা

## প্রিয়ানন্দ স্থবির

ভালোক বজর আগ হধা। বুজ্জ্যা ফগিরে নাঙে এক্কো চালাক চাঙমা এল' রাঙামাত্যা জেলাত। একদিন্যে শ্রদ্ধেয় বনভান্তে দেশনা ঘরত তা বর আসনানত পহ্ন মনদোই বোই আঘে। আহ্ সয়সাগচ্ছ্যে পূণ্য গরিয়্যে মিলে-মরদোও দেশনা ঘরত বোই এলাক বনভান্তের হুজি আহ্ দোল মুওয়ান' হিত্তে চেই। সেক্কে আবাধা গরি বুজ্জ্যা ফগিরেয়ো লুঙিল'গি। আদত্তুন তা পোঝানি থোয়তায় বনভান্তে লোই তর্ক গরিবাত্তেই আহ্ ফাজিল্ গরিবাত্তেই পাজি মনে মানজো ঝাগ' সেরে লাম্বাগরি বেঙচাগা ওই পড়ি, বনভান্তেরে সালাম গরের। তা ধক্কান দেগি আহ্ মন হবর পেই বনভান্তে তারে হয়েক্কান হধা হল'। বুজ্জ্যা ফগিরেয়ো বনভান্তেলোই উল্লো-ফুল্লো গরি হয়েক্কান হধা হল'। তারা দ্বি জনর হধা বদলা বদলি অলদে-

বনভান্তে ঃ - ইয়ো বুজ্জ্যা ফগিরে, তুই মানজো সেরে সিঙিরি হিত্তেই সালাম গরচ ? মানজে হিঙিরি গরদন ন দেগচ।

বুজ্জ্যা ফগিরে ঃ - আ ভান্তে বজিনেয় সালাম গল্লেদ' সিয়ান এক্কান বিরেট হারাপ হাম।

বনভান্তে ঃ - হারাপ নয়। বুদ্ধ ধর্ম নিয়মে বজিনেয় পিজেদি ঠেং গরি সালাম গরা পরে।

বুজ্জ্যা ফগিরে ঃ - ভান্তে তরে না ভালা সালাম গরিম্বে, ম' পিজন্দি বেক মানুষ্যুনরেদ'পুন'ফক চিরি দেগানা অহ্ব'। তরে সালাম গরি পূণ্য ওই হি অব', পুন'ফক চিরি দেগেলে সিয়ানদ' বেজ পাপ অহ্ব'।

বনভান্তে ঃ - ইয়ো বুজ্জ্যা ফগিরে, তুই ধর্মলোই হারা ন হোচ। তুই বনভান্তেরে হি চিন্যোস। তালি-মালি গল্ল্যে পুনভেদা পজি পজি মরি পেবে সিয়ে।

বুজ্জ্যা ফগিরে তা অদ্‌তান পুরেয় পারায় আজের ওইনেই ঘরত গেল। বুজ্জ্যা ফগিরে পাগল চলিনে আহ্ বনভান্তেলোই উগুধো হধা হোনেই যে পাপ গরিলো বনভান্তে সে পাপ' ফলান্দোই হি অহ্ব' সিয়ান বুজ্জ্যা ফগিরেরে হোই দিল'। হয়েক বজর বাদে বুজ্জ্যা ফগিরের বিরেত অসুখ অহ্ল। মরঙ মরঙ অবস্থা। যেরে শেজ-মেচ বিচ্ছোনত আশ্রয় লল', যে বিচ্ছোনানত্তুন আর হনদিন জাগি ন উধিবো। তা রোগকান বেচ অইনেয় তা পুন'ভেদাত্ শণ'দাদি পারা পারাহ্ এরেয়্যা পুক অলাক। সিগুন মানজে ফুয়োইদি পেদাক্ ভালোকদিন সং হিজেক হারি-হারি দুগ পেই পেই মরি গেল'।

বুজ্জ্যা ফগিরে চালাক হোলেনেয় দুগ পেই পেই মরি পেল' আহ্ নরকগামী অহ্ল। চালাক মানুজ'র যে হন' এক সময় এদক্ক্যান গরি বিবদ্ ঘোনেয় এঝে। এক্কান হধা আগেদে - 'অতি চালাকে গলায় দড়ি'। বেচ চালাক হোলেলে বিবদত্ পড়ি পায়। বুদ্ধ হোয়েদে চালাক ন অইনে পন্ডিত অবাত্তেই। কারন, চালাক মানুজ ফাগারা। চালাক মানুজোর পাপ অহ্য়, মানুজরে দুগত ফেলান। চালাক মানুজর মুজুঙত সুগ আহ্ লাভ অলেয়ো, পরেদি ভারী গুনহার আহ্ দুগ অহ্য়। চালাক মানুজর শত্রু বেজ থান। ইক্কুনু দিনত পরেয়েরে ঠোগেই পাল্ল্যে, ফাগারা-নাগারা বেজ গরি পাল্ল্যে, হারাব্ কাম'দি জিত্যা গরি থেই পাল্ল্যে মানুজে সিবেরে বেজ চালাক হ'ন। বুদ্ধ সে বাবত্যামানুজরে হোয়েদে দুষ্ট, হল্, অসৎ, প্রতারক, অসাধু আহ্ মূর্খ। পন্ডিত মানুজ কধায়-বাত্তায়, কামে-আচার-ব্যবহারে ভদ্র, নম্র। পন্ডিত মানুজত্তুন ইংসা-পিঝুম ন থায়, ফাগারা-নাগারা ন গরন। পররে ন ঠোগান, দুগত ন ফেলান, শীলবান অহ্ন। মারামারি, হোচ্ছে-ঝগরা নগরন। পন্ডিত মানুজত্তুন দয়া, মৈত্রী, ক্ষমা করুণা আহ্ মুদিতা এ গুন'নি থায়। পর উপকারি অহ্ন। সৎ হামত উচ্ছো তুলি দোওন। অসৎ হামত মানা গরন। পর'হালে স্বর্গত যেই পারন। নির্ব্বান লাভত্ত্যেই পারমী পুন্ন গরি পারন। সেনত্ত্যেই পন্ডিত মানুজর চের' হিত্ত্যেদি লাভ মঙ্গল অহ্য় হিনেই ভগবান বুদ্ধ চালাক ন ওইনে পন্ডিত অবাত্ত্যেই হোয়্যে। গম হামত ন দোরান, হারাক্কায় মন'দুগ ন পান।

সাধু - সাধু - সাধু **(বিঝুগুলো-৬, ২০০৪)**

# আমা জাদর এগত্তর হিঙিরি ?

## অজিত কান্তি চাকমা

আমি অলংগে চাকমা জাদ। আমা জাদর মানুজ হম। সেনত্তেই মনে গরন আমা জাত্তুঅ চিগোন। হিন্তু আমি ইয়ানি মনে ন গরিবং। কারণ জাদর মানুজ হম অলে উক্ক জাদ চিগোন ন অয়। জাত্তুঅ চিগোন অয়দে, যদি সে জাদর এগত্তর ন থায় অর্থাৎ জাদ ডাঙর অয়দে এগত্তরর মাধ্যমে। জাদর যদি এগত্তর থায় সালেন সেই জাত্তুরে দাঙর মনে গরা পরিব। জাদর এগত্তর ন থেলে সে জাত্তুঅ হন দিন দাঙর ওয় ন পারিব। কারন আমি ইয়ান হবর পেই যে, এগত্তরই বল আহ্ ছিত্রি বংশই মরা মরা।

আমিয়ো আমা জাত্তুঅরে মরা মরা মনে গরি। কারন আমা জাত্তুর এগত্তর নেই। সেনত্তেই আমি আহ্ অন্য মানুজে আমা জাত্তরে মরা মরা মনে গরি বা গরন। আমা জাদর এগত্তর নেই হিনেই আমি আমা জাত্তরে হোয়, 'পাল্লাত তুল্লে বেঙ,' উক্করে তুলিলে আর উক্ক ফাল্লে যায়োই। আজলে ইয়ান ঠিক হধা। আমি এক জনে রোন হলে আর এক জনে হোয় পিঁয়াজ। সনত্তে আমি হনদিন এগত্তর ওয় ন পারি।

হন' জনে হন্, 'ইস মুই হিত্তে আমা জাত্তত জন্মোয়ং, যদি গম জাদত জন্মোদুং হদক গম লাগিদ'। আজলে ইয়ান মনে গরানা ঠিক নয়। কারন নিজত্যেই নিজ জাদর দোষ অয়দে। নিজে গম অলে জাদ' গম। তাছাড়া আমা জাদর হি নেই ? না নেই শিক্ষা ? না নেই সংস্কৃতি ? না নেই ধর্ম ? অন্য জাদ' ধক্কেন আমা জাদর বেক্কানি আগে। তবে বেক্কানি আগে হলে ভুল অব,' কারন আমা জাদর এক্কান নেইদে সিয়ান অলদে 'এগত্তর'। হিন্তু এই এগত্তর আমি যে আমি জাত্তরে হোজ ন পেবং সিয়ান হন দিন ওয় ন পারে। কারন তুমি চ' এগত্তর হন ভগবানে বানেই ন দে, পেদ' ভিদিরে-য় ন জন্মায়; এগত্তরান আমার বানা লাগেদে। নিজ জাত্তরে হোজ নপে যে জাত্তরে আমি হোজ পেবং সে জাত্তরে তুমি চ তারা যে এগত্তর আগন, সেই এগত্তর হন্না বানেয়ে ? আমি নিশ্চয় হবঙ্গে সেই জাদর মানুয্যুনে বানেয়ন। তারা যদি এগত্তর বানে পারন্দে অয় সালেন আমি হিত্তে এগত্তর বানে ন পারিবং। আমি যদি সিয়ানি পারিদে অয় সালেন আমি আমা জাত্তরে হিত্তেই চিগোন মনে গরিবং।

ইয়ানি ছাড়া-য় মাঞ্চে আমা জাত্তরে হিচ্ছু নয় মনে গরন। তে মুই হদুং চাং উক্ক জাদ হন মাদির জাদ নয়, উক্ক চিগোন জাদ-য় সোনার জাদ ওই পারে। এই সেয়ান্নেং আমা জাত্ত-ও সোনার জাদ ওয় পারিব। এই পিথিমিত মাদি যেদক আগে সেই মাদির নগন্য পরিমান আগেদে সোনা, ঠিক সেয়ান্নেং আমিয় অন্য জাদর তুলনায় নগন্য অর্থাৎ আমিয় সোনা লগে তুলনীয় অর্থাৎ আমি অলংগে আমা জাদর এক উক্ক সনার হত্তা। এক ফুদ' এক ফুদ' পানি জমেনেই যিঙিরি পানির সাগর অয়, এই সেয়ান্নে গড়ি আমিয়ো এক উক্ক সনার হত্তা মিলিনেই সোনার সাগর ওয় পারিবং। সেক্কেনে হন' শক্তি ন থেব সেই সাগরানরে শুগেবার। অন্য জনে আমারে চিগোন হিনে হিচ্ছু মনে ন গরন। কিন্তু তারা পুরিফেল্লোন্নোয়, 'চিগোন মরিচ বেজ ঝাল'। কিন্তু মন' দুখ লাগে আমা জাত্তুঅ চিগোন অলেয়ো ঝাল নেই, ঝালর বাজও নেই। তার প্রধান কারনঅলদে, আমি এগত্তর নেই। যার ফলে আমি কষ্ট পেলেয় পজা হলা গাজ' ধক্কেন ঠিয়েই থেই। এচ্ছে আমি আমা ঘর হুরে জাদরে চেই, তারা এক লগে উদন, এক লগে বজন। কিন্তু

আমা  মানুষ্যুন আমি  একজন ভালেদ একজনে দেগি ন পারি। আর' এক্কান আগেদে হি, যদি হন' জনে এক্কা গমে দালেই খান তে আর জাদ' মানুষ ন চিনে। তে ইঙিরি আমি হিঙিরি সং অবং বা আমি হিঙিরি এগত্তর অবং।

তাছাড়া আমা মানুষ্যুনে এই এগত্তরানত্তেই এক জনে এক জনরে দোষ দেদি গরি। এক জনে হোয় তুই সং নেই, আর এক জনে হয় তুই সং নেই। আজলে সং নেই হন্না ? এই উত্তরান তগেবার সময় আমার নেই। ইক্কুনু সময়ান অলদে আমি হনাহনি বেগ সনার হত্তাগুন এগত্তর অবার।

তবে এগত্তর অদেয়ো হয়েক্কান পধর প্রয়োজন। মর মতে সেই হয়েক্কান পধর মধ্যে প্রধান তিনান অলদে -শিক্ষা, সংস্কৃতি আর' ধর্ম। এই তিনান পধর মাধ্যমে আমি হিঙিরি এগত্তর ওই পারিবং মর জ্ঞানে এক্কা আলোচনা গরঙর।

মুই পল্লে শিক্ষার মাধ্যমে হিঙিরি এগত্তর ওই পারিবং সিয়ান দেগেবার চেষ্টা গরঙর। শিক্ষার আলোচনা গরদে মুই পল্লে যেমমে আমার বর্তমান শিক্ষা ব্যবস্থার ইদু। বর্তমানে আমার শিক্ষার হার লোভ গরে পারা। কিন্তু তা সত্ত্বেয়ো আমা জাদর  শিক্ষা ব্যবস্থায়ান গম নয়। সিয়ান হিত্তে ? সিয়ানর পিজেদি আগেদে আমা জাদর পাজিয়ান। যেই পাজিয়ানর ফলে আমা গম শিক্ষিত মানুষ্যুনে অপদে যাদন্নোয়। সেই পাজিয়ান অলদে মদ হানা পাজি। বর্তমান দিনত আমা গম শিক্ষিত মানুষ্যুনুত্তুন গম শিক্ষা ন পায় আর। তারাত্তুন ইক্কুনু পা যায়দে পাজির শিক্ষানি। যে শিক্ষিত মানুষ্যুন এচ্ছে শিক্ষিত আহ্ অশিক্ষিত মানুজর হুল অনেই আমারে এগত্তর গরেবাক সেই হুলুনোয় এচ্ছে দিন দিন ভাঙি যাদন্নোয়। যার ফলে দিন দিন আমি আরবেজ ফারগ ওর। সনত্তে আমার ইক্কু এগত্তর অবার অদে লাগিবদে এই কুশিক্ষা অর্থাৎ পাজি শিক্ষায়ান বাদদি গম শিক্ষায় শিক্ষিত অনা।

তবে শিক্ষা হধে বানা উচ্চশিক্ষা নয়, এই শিক্ষায়ান অবদে সাধারণ জ্ঞানর শিক্ষা। এচ্ছে আমা চাকমা অনেকেই উচ্চ শিক্ষা গরদন, কলেজত, বিশ্ববিদ্যালয়ত পড়ি বড় বড় ডিগ্রি লদন, হিন্তু তারাত্তুন হয়েক জনর বাদে বাগিগুনত্তুন সাধারণ জ্ঞানর শিক্ষা ন পায়। সেই সাধারণ জ্ঞানর শিক্ষায়ান হি ? সেই সাধারণ জ্ঞানর শিক্ষায়ান অলদে - আমি যেহেতু আমা জাদর একজন বা আমা সমাজর একজন অংশীদার, সেইহেতু আমার কর্তব্য অলদে আমা জাদর সমাজর হি প্রয়োজন সিয়ানি উদিজ পানা আহ্ সেই প্রয়োজনানী পূরন গরানা। হিন্তু আমা জাদত্ হি শিক্ষিত হি অশিক্ষিত হার' ইদু এই সাধারণ শিক্ষায়ান নেই। বিশেষ গরি গাবুচ্ছে-গাবুরী গুনর। যিগুনে স্কুল-কলেজত, বিশ্বদ্যিালয়ত পড়দন। তারা বানা বড় বড় ডিগ্রী লদন হিন্তু আমা সমাজর ইক্কু যে এগত্তর অনায়ান প্রয়োজন অয়ে তারার সেই সাধারণ জ্ঞানান নেই। যার ফলে আমার এগত্তর অবার এই শিক্ষার পথান বন্ধ আগে। কিন্তু আমি যদি এচ্ছে উচ্চশিক্ষার লগে লগে সাধারণ শিক্ষানো অর্জন গরিদে অয়, সালেন আমি অবশ্যই এগত্তর ওই পারিবং।

এই সাধারণ শিক্ষা অর্জন গরিগুরায় যে আমা জাদর এগত্তরত্তে হাত দে তা লগে দশ জন এবাক, সেই দশ জন' লগে সমাজর বেগ্ মানুষ্যুন এবাক। যার ফলে আমি অবং এগত্তর। ইঙিরি শিক্ষার মাধ্যমে আমি এগত্তর ওয় পারিবঙ।

ইক্কুনু মুই আমা জাদর এগত্তর অবার দ্বিতীয় মাধ্যম বা পথ সংস্কৃতিয়ানত এজঙর। এই সংস্কৃতিয়ান-অ উক্ক জাদর এগত্তরত্যে ভারি দরকার। সংস্কৃতি বা রীদি-সুদোমর মাধ্যমে আমি হিঙিরি এগত্তর ওয় পারিবং সে আলোচনাত ন যাদে মুই পল্লে সংস্কৃতি হধে হি বুঝায় ম জ্ঞানর  মাধ্যমে সিয়ান এক্কা উল্লেখ গরঙর।প্রত্যেক জাদর নানা ধক্কেন পুরোনি আমলত্তুন ধরি মানি এচ্ছে বা গরি এচ্ছেনিয়ম-নীতি বা রীদি-সুদোম আগে। আমা জাদর-অ পূরণী আমলত্তুন ধরি মানি এচ্ছে রীদি-সুদোম

আগে, সিয়ানি অলদে আমার সংস্কৃতি। যেমন আমা সংস্কৃতিত পল্লে এজেদে ভাষা, তারপর লেঘা, জাদর পোশাক আর' আঘে সামাজিক আচার অনুষ্ঠান।

সংস্কৃতির মাধ্যমে আমি হিঙিরি এগত্তর অবং এ সম্বন্ধে মুই পল্লে এজঙর ভাষা বা হধায়ান' ইধু। এক ইক্কু জাদর এক্কান ভাষা আগে। সে ভাষাগান অলদে জাদর সংস্কৃতির প্রধান ধারক ও বাহক, যিয়ান ছাড়া জাদর পরিচয় দি ন পারে। হিন্তু আমা এই ভাষাগান এচ্ছে সংকটর মুজুঙ্গে। কারন আমা জাদর মানুষ্যুনর বিশেষ গরি শিক্ষিত মানুষ্যুনর এচ্ছে এমন অবস্থা যে তারা নিজ বড় বোন্নরে হন্নে 'দিদি', মঝেঙা পিঝেঙা গুনরে হন্নে 'মাসি-পিসি', নিজ বাপ্পরে 'বা' দাগিবার জাগানত দাগন্নে 'বাপু', আর' সাগচ্ছে। তে ইঙিরি আমা জাদর হধায়ানি লুগেব'। যার ফলে আমা ভাষাগান অদূর ভবিষ্যতে সংকটর মুজুঙে। তে ইঙিরি আমা সমাজত ভাষাগান দ্বি-ভাগ। একভাগ অব শিক্ষিতগুন ইদু, আর একভাগ অব' যিগুনে হম শিক্ষিত সিগুন ইদু। যার ফলে আমার ভাষাগত সংস্কৃতি ন মিলিব। একদাগি অবাক্কে নাঙান চাকমা হিন্তু ন মিলিব চাকমা ভাষানিলোই।

আমা চাকমা গুনর এয়ান্নেন ঘটনা আগেয় ঘদি যেয়ে, সিয়ানি আগেদে 'ডাগ বিজগত'-(কিংবদন্তী) । ডাগ বিজগত আগে, আমা রাজা এলাক্কে নাহি দ্বিভেই, বিজয়গিরি আহ্ চম্পকগিরি। পরে তারা যেক্কে ভাগ অয়োন তারা আর্ লাগত পা-পি ন অন আর। তে এজ' তারার দ্বি বংশধর মিলামিলি ওই ন পারদন। এর পিঝেদি এক্কান কারন আগে সেই কারনান অলদে সংস্কৃতির অমিল। বিশেষ গরি ন মিলে ভাষাগান। ঠিক এযান্নে ঘটনা ঘদিবার সময় এযের বর্তমান সমাজত। আমা চাকমা জাত্তু-অ আর' ভাগ অবং এযান্ন্যে কারনর ফলে। তে ইক্কু আমি যদি আমা জাদর এগত্তর চেইদে অয়, আমা ভাষাগান বেক্কুনর ধরি রাগা পরিব'। তে ইক্কু মুই আমা লেঘায়ান এক্কা গরি উল্লেখ গরং, যে লেঘায়ান আমার এগত্তরর পিজেন্দি হত্তমান ভুমিকা আগে। লেঘায়ান ন থেলে হন উক্ক জাদ পরিপূর্ণ জাদ ওয় ন পারে। তবে বানা লেঘা থেলে ন অব, লেঘায়ানর বিস্তৃতি বা প্রচলন থা লাগিব। হিন্তু মনদুঃখ লাগে, আমার যদিও লেঘায়ান আগে হিন্তু সেই লেঘায়ান আমি প্রচলন গরি ন পারির। যার ফলে আমার লেঘার মাধ্যমে ভাষা প্রকাশ গরদে গেলে বাংলা লেঘায়ানর উগুরে নির্ভর গরা পরে। যার ফলে আমার ইংরেজী, বাংলা ধক্কে হন'সাহিত্য ন নিঘিলদন। যার ফলে আমার আমার এগত্তর অবার এক্খান বড় পথ বন্ধ ওয় আঘে। এচ্ছে আমার যদি গম গম সাহিত্য নিগিলিদাক, সেই সাহিত্য সম্পর্কে যদি আলোচনা অদ' সেই আলোচনাত আমি ভালকজনে এগত্তর ওয় পারিদং। তবে বর্তমানে আমা চাকমা সাহিত্য নিঘেলেবার চেষ্টা চলের। সেই উদ্দেশ্যে পেচারতলত এক্ক্য সাহিত্য সভা বজে। হিন্তু সেই সাহিত্য সভার যে প্রচেষ্টা সিয়ান ধূল্যা চরর এক হোলোয় হরলি ধক্কেন। তবে মুই আঝা গরং এই সাহিত্য সভার মাধ্যমে একতা এব এবংকি একতা এজের। কারন সেই সাহিত্য সভাত চাকমা জাদর অনেক ভাবনা-চিন্তা উধের এবং সাহিত্যর মাধ্যমে যার যার ভাবনা প্রকাশ গরি পারদন এবং সেই সাহিত্য সভাত ভেক্কুনে মিল অদন। যার ফলে পেচারথল বামত অনেক একতা আগে। হিন্তু আমি যদি চাকমা লেঘার মাধ্যমে সাহিত্য বানে পারিদং সালেন আমার এ পথ্খান আর' উজু অলুন। কারন নিজ লেঘার মাধ্যমে আহ্ পর' লেঘার মাধ্যমে বজমান ফারগ আগে।

ইক্কুনু মুই এজঙর আমা সংস্কৃতি বা রীধি সুদোমর আর এক্কান অন্যতম ধারক ও বাহক আমা চাকমা মিলেগুনর পিনোন-হাদিয়ানীত। এই পিনোন-হধায়িানিঅ হিন্তু আমা জাদর এগত্তরর পিজেন্দি বড় ভুমিকা আগে। এই পিনোন হাদিয়ানী আমা জাদর সংস্কৃতিয়ানর পরিচয় দে। এচ্ছে উক্ক চাকমা মিলে যদি পিনোন হাদি বুগত বানে তে সেক্কে মাঞ্জে হবাক্কে, অয় চাকমা জাদর এয়ান্নেন সংস্কৃতি আগেদে। এয়ান্নেন পিনোন হাদি পিঞ্জে মিলে হন জাগাত দেলে তাল্লোয় এগত্তর অবার ইচ্ছে গরে। হিন্তু যে মিলেবো পিনোন-হাদি পিঞ্জে ন থেব তারে অনেক সময় বাংলা হধাদি মাদা লাগে। পরেদি যখন হবর পা যায় যে তে চাকমা সেক্কে অনেক মন' দুখ লাগে। সনত্তে বার

বার মুই মিলে গুন’ ইধু হোজলী গরং, তুমি যাদে নিজ’ পোশাক্কানি পিন’। তবে মুই তমা ইদু ইয়ানত্তে কৃতজ্ঞতা স্বীকার গরঙর যে, এচ্ছে তুমি এক্কা অলে হাদি পিনোন বুনর আহ্ পিনোর। এই সিঙিরি আমা সংস্কৃতির চিহ্ন এক্কা অলে রাগর। তাছাড়া আমার এই ট্রেডিশনেল ড্রেস আহ্ সুতা হাদানা, বেইন বাঝানা, বেইন বুননা ইয়েনি শিগে দে-দি অয় যার ফলে তোমার মধ্যে এগত্তরর এক্খান দোল পথ হুল’ থায়, যদিও মনে গরা যায় এই এগত্তরর পথান এক্করে চিগোন; হিল্ক সিয়ানই আমার এগত্তর অবার একখান বড় পথ মুই মনে গরং। কারন এগত্তর অবার আমার সেই পথান যতই চিগোন ওক্, আমি এগত্তর ওয় পারিলে অবদে। তবে এই এগত্তর পথান হিল্ক আদামত বাদে শহরত নেই। যার ফলে শহরত থাননে মিলেগুন হনদিন এগত্তর ওয় ন পারন। সেনত্তে আমার এগত্তর অবার অদে আমার এই পোশাক্কানি অমহদ গরি তিগেই রাগা পরিব বা মিলেগুনর ইয়ানি বুনি জানা লাগিব, আহ্ মরত্তুনেঅ এ সর্ম্পকে সচেতন ওয় পেভাক। তে ইক্কুনু যা আদত আমা সংস্কৃতি তারা যদি গমে দালেন ইয়ানি ধরি ন রাঘান্নে-অয়, তে হিঙিরি দিবং আমা জাদর সংস্কৃতির পরিচয়। ইক্কুনু যদি আমি আমা সংস্কৃতিয়ানি ধরি ন রাঘেদে অয়, আমা সংস্কৃতি একদিন আরেই ফেলেবং। পরেন্দি এমন উক্ক দিন এব’ সেক্কে আমা রীদি-সুদোম সম্পর্কে হিচ্ছু মনত ন’ উদিব, আমা সংস্কৃতি পর’ সংস্কৃতিলোয় মিজেল অব’ আহ্ সে লগে আমা জাত্তুঅ-র পর জাদত মিজেবার এক্কান সম্ভাবনা আগে। সেক্কে ন থেবগোয় আর আমার এগত্তরর যু (সুযোগ)। সনত্তে মুই হঙত্তে আমি এজ’ সিদ্দুরত ন লুঙিয়োয় - এয’ বেক্কুনে মিলি আমা রীদি সুদোম ধরি রাগেনে জাদর এগত্তর অবার পথান মুক্ত রাগেই।

ইক্কুনু এযঙর আমা জাদর আচার অনুষ্টান ‘বিঝু’ সম্বন্ধে আলোচনাত। ‘বিঝু এক্কান অলদে আনন্দ আহ্ হোচ পানা। হিল্ক ‘বিঝু’ অর্থ ইয়ান নয় যে, অপসংস্কৃতি চর্চা গরিবং বা উৎসাহ দিবং। অথচ দেঘা যায় আমা সমাজত বিঝু লক্কেন মদ হেই-হায় মানুজ পদ’ পাজারাত গচ্ছান। যে নেশা-আন হেয় মানুজ বিবেক বুদ্ধি আরান, সিয়ান হনদিন হন জাদর সংস্কৃতি ওয় ন পারে। হিল্ক আমা চাকমাগুন এযসং এই অপসংস্কৃতি ফেলে ন পারন, যার ফলে আমা চাকমাগুন এজসং তলে লামদন। এবং কি এয়ান্নেন অবস্থা থেলে আমার আর’ বেজ চরম অবস্থা অব’। সেক্কে আর হুদু এগত্তর অদং। সেনত্তে এজ’ বেগ গাবুচ্ছে গাবুরী, বুড়-বুড়ী আমি আমা জাদত্তুন অপসংস্কৃতি লুঙিমারি দোল সংস্কৃতি বানেয়। এই অপসংস্কৃতি লুঙিমারিণে পার্বত্য চট্টগ্রামত চাকমাগুণ অশান্তির বদলে শান্তি আনি দোল সংস্কৃতিআনিলোই এগত্তরে আগন। মুই আজা গরং বানা পার্বত্য চট্টগ্রামত নয় বেগ চাকমাগুন যাতে এই অপসংস্কৃতি লুঙি মারিণে দোল সংস্কৃতি বানেয় এগত্তর ওয় পারি।

একখান বাংলা হধা আগে-মেলা অর্থ মিলন। ঠিক সেদক্কেন আমা জাদর সংস্কৃতির এক্কান উৎসব বা মেলা অলদে ‘বিঝু মেলা’। মেলা অর্থ যেহেতু মিলন, ঠিক সেয়ান্নেং বিজু মেলাত-অ আমি বেক্কুনে মিলি। বিজু মেলাত আমি একজনে একজনরে হবর পের, জানির এমনকি ন চিন্নে মানুষ্য-অ আমার হুদুম নিঘিলের। তে এই মিলনান অত্তে আমার বিজু মেলাত অর্থাৎ আমার সংস্কৃতির ধারাত। এই ইঙিরি আমি যদি আমা সংস্কৃতি বা রীদি সুধোম ধরি রাগেদে অয় আমি এগত্তর ওয় পারিবং। হিল্ক আমা এই রীদি-সুধোমর শুগলং সম্পর্কে এক্কান হধা হদুং চাং। সেই হধায়ান অলদে এদক্কেন-আমি অলঙ্গে বুদ্ধজাত। আহ্ আমার বুদ্ধ ধর্মর মূল হধা অলদে, ‘পরাণ নেযানা অমহদ পাপ্ আহ হিংসা ন গরানা অমহদ ধর্ম’। তে ইক্কু আমি যদি আমা রীদি-সুধোম মেলাত শুগলংআন মানিদে অয় সালেন আমি বুদ্ধধর্ম পালেই ন পারি। কারণ আমা রীদি সুধোম শুগলংয়ান মানিদে অয়, আমার শুগর-হুর, হাবা লাগে। তে ইক্কু আমি হি গরিবং ? না সত্য বুদ্ধ ধর্ম পালেবং, না আমা রীদি-সুধোম শুগলংয়ান মানিবং ? এই প্রশ্ন উত্তরানত্তে মরে মাব গচ্ছো। কারণ ম ইদু এই উত্তরান নেই। এই হধাগান পরিয়্যেগুন তোমা উগুরে মুই ছাড়’ঙর।

তবে মুই ইয়ান হোয় পারিম কারণ মুই ইয়ান শুন্নং যে, আমার এই শুগলংঅ রীদি-সুধোম নাহি বিলে পরিবর্তনর ফল। এই যে অঝাবৈদ্যগুনে হুর'-শুগোর হাবিদোন, ইয়ানি ভিলে আমার আগে ন এল'।

এগত্তর অবার মুই যে প্রধান তিনান পধর হধা হয়োঙ সেই তিনান পধর বেগ' শেজ পথান অলদে 'ধর্ম'। ধর্মর মাধ্যমে আমি হিঙিরি এগত্তর অবং সেই টেমমাঙত এজঙর। পত্তি জাদর এক্খান এক্খান ধর্ম আগে। ঠিক সে ধক্কেন আমা চাক্মা জাদর-অ এক্খান ধর্ম আঘে। সেই ধর্মআন অলদে সত্য ধর্ম বুদ্ধ ধর্ম। সেই ধর্মর মাধ্যমে আমি এগত্তর ওয় পারিবং যদি আমি সেই ধর্ময়ান গমে পালেদে অয়। অর্থাৎ আমা বুদ্ধ ধর্মত যে 'পঞ্চশীল' আগে সে পঞ্চশীল যদি আমি গমে পালেদে অয় সালেন আমা জাদর এগত্তর হামাক্কায় অব। এচ্ছে আমি চেয়, আমি এক জনলোয় আর এক জন হিত্তে ফারগ, সিয়েনর পিজেদি আগেদে আমার হিংসা, অহংকার, চুর আহ ভালক্কানি। এক হধায় চরিত্রগত দুজ্ আমি দেগির আমা সমাজত। হিংসা দিন দিন বারিযার যদিয় আমা সমাজ অনুন্নত। যার ফলে এই হিংসার হামে দিন দিন পারগ ওর। সিয়ান হিঙিরি ? আমি চেই, আমি একজন ভালেদ আর একজনে দেগি ন পারি। অর্থাৎ আমি একজনে আর একজনরে হিংসে গরি। তে ইঙিরি আমি যারে হিংসে গরিদে অয়, তে দ আর আমা লগে ন মিজেব' আর। সিয়ান বাদেয়ো আমা জাদত অহংকারান যদ'পদে আগে। যে অহংকারান অলদে আমার সর্বনাজর মূল কারন। আমি হক্কে অহংকার গরি ? যক্কে আমি এক্কা হেয়-দেই পারি। গমে হেই দেই পারিলে আমি মনে গরি যে, আমি সমাজ ছাড়া চলি পারিবং। আর এই মনোভাব লোয় আমি সমাজত্তুন ফারগ অবার ব্যর্থ চেষ্টা গরি। কারন আমি হবর ন পেই, 'মানুজ সমাজবদ্ধ জীব'। হিন্তু যদিয়ো আমি এই চেষ্টায়ানত্তুন ব্যর্থ, তবুও হিন্তু আমি এই মনোভাব লনে সমাজত্তুন আলাদা থেবার চেই। যার ফলে আমার এই দুর্গদি। তে এয়ান্নেন মনোভাব থেলে আমি হিঙিরি এগত্তর অবং। ইয়ানি বাদেয়ো আমা সমাজত লাগি রোয়ে- চুর, ডাগেত, মদ হানা, মিঝেহধা হনা আর ভালক্কানি। ইয়ানি অলদে আমা জাদর আন্ধার আহ্ ফারগ অবার পথ। কারন ইয়ানি যেদক দিন পর্যন্ত আমা জাদত থেব' সেদক দিন পর্যন্ত আমা জাদত সু চরিত্র গঠন ওয় ন পারিব'। যার ফলে আমার এগত্তর অবার হধা দ' দূরোত, বরং আর ফারগ অবঙ্গে।

সালেন ইক্কু আমার এগত্তর অবার পথান হুবোন ? সেই পথান অলদে আমার চরিত্রয়ান পাল্টানা। অর্থাৎ আমার সু চরিত্র গঠন গরানা। আর এই সুচরিত্র গঠন গরদে লাগিবদে আমার বুদ্ধ ধর্মর পঞ্চশীল। এই পঞ্চশীললো যদি আমি গমে মনত লোয়দে অয়, সালেন আমি হামাক্কায় এগত্তর ওয় পারিবং। এই ইঙিরি আমি আমা ধর্মর মাধ্যমে এগত্তর ওয় পারিবং।

ইয়ান বাদেয়ো আর' এক্কান হধা, উক্ক জাদরে যেহেতু ধর্ময়ানে এগত্তর রাগায়, যে জাদর দ্বিয়ান ধর্ম সে জাদ হি হন' দিন এগত্তর ওয় পারে ? না, ন পারে। ঠিক এয়ান্নেন ঘটনা আমা জাদত-ও ঘদের। আমা জাদর একদল মানুজ আঘন যিগুনে নিজ' ধর্মগান ফেলেই পর' ধর্ম লদন। তে তারা হি আর আমাল্লোই এগত্তর ওয় পারিবাক ? হিন্তু আমি যদি বেগ চাকমাগুন এগত্তর অবার অলে তারারো নিজ ধর্ময়ান রাগা পরিব।

ইঙিরি তিনান পদর মাধ্যমে আমি হিঙিরি এগত্তর ওয় পারিবং মর জ্ঞানে আলোচনা গরিলুং।

**(বিঝুগুলো-৪, ২০০২)**

# এবিঝুত অরুনাচলর বড় পরঙা চাঙমাউনোত্তেই হিঝু ভাবিই

রেগা

পত্তি বজর বিঝু এজে বিঝু যায়। সুগে দুগে আজি হানি বজর ঘুরে। বজর' মাধাত বিঝুবুয়া ঘুঝি ঘুঝি এলেইয় এ দুনিয়া সংসারর কোও ধক আমা জাদ' সংস্কৃতি বদলী যাত্তে যার। এ বদলী যানানরে ধুরি রাগেবার নয়। মাত্তর এ বদলানার ভেলোৎ ভেল মিলেই চলি পারানানই কাবিল মানজ্যুর কাম। গেল্লে ২০০৩ সালত হিল চাদিগাঙত্তুন চাঙমা রাজা দেবাশীষ রায় তিবিরা রেজ্যর চাঙমা বিঝু মেলাত যুগ দেনা আ তা যেরে বজর তিবুরাত্তুন ২৫ জন্যা সাংস্কৃতিক জধা রাঙামাত্যা বেড়ানা আমা ভিদিরে যোগাযোগর এক্কান নুঅ পাদা রজেই দিল। সে কামর নাল আহ্‌দেই গেলাক সিদুয়র এক ঝাক নাচ গান গরিয়া জাদভেই বোন তিবিরা রেজ্যত।

আমি ধারাজ গরির পত্তি বজরর বিঝুবুয়া এক জাগাত, এক ধক্যা গরি ন কাদেই নানান জাগাত ছিদি পজ্যা আমনর জাদভেই বোন' সমারে বিঝুর সুখ ভাগ-যুগ গরানা। এ বজর যা অর অরুনাচলত। তিবিরা রেজ্যত্তুন এক ঝাক চাঙমা নাচ গান গরিয়েই এবজর বিঝু বেড়ানাত যুগ দেদন ডায়ুনত। সে যেরে বজর ২০০৭ সালত যা অব' কমলানগর। এগ্ডিরি ভঙি বিঝু মেলাত যুগ দিলে ভজমান কোচপাপি রাগেই পারিবং।

চাঙমা দাগ' কধা আগে 'ন দেগিলে ন লাগে পাপ।' ন দেলে, ন গেলে কেনে চিনাচিনি অবং আমি। মেয়ে দয়ে বাড়িব কেনে ? উজু কধায় আমার বেড়ান-চেরান গরা পড়িব। অরুনাচল, মিজোরাম, তিবিরে আ হিল চাদিগাঙ যে যিধু থেদং সাত আমার বেড়াবেড়ি বাড়েই ন পাল্লে দিন দিন ফারগ অবং। এব সং কধাবাত্তা এক্কা-উক্কো ঠিগ থেলেয্য আমি লেগালেগিন্দি ফারক ওই যিয়েয়োই। এ লেগান, আমা এ বিঝুগুলো ম্যাগাজিননো ইরুক অরুনাচল মিজোরামর কন' পুয়াছাবায় হামাক্কায় মাদেই ন পারিবাক। তারা বাংলা শিগি ন পান। এগ্ডিরি এমন একদিন ঘনাল্লি যেদিন আমি কধাদিইঅ লাগৎ পা-পি ন অবং চাঙমা চাঙমা ভিদিরে। অরুনাচল' চাঙমাউন অহমীয়া ভাষা, সংস্কৃতি, মিজোরামত মিজো, তিবিরাত বাংলা আ হিল চাদিগাঙত মুজুলমান' সংস্কৃতি ঢেল গাদে-গাদে আমারে গিলি হার। কাজেই কধাঅ আমার বজমান বদলের। সেনধ্যে আমি কোজলী গরির সমাজর মুরুব্বী লগরে, এ পইদ্যানে হিজু চিদা গরি দিবার। অনসুর কোজলী থেল' ছাত্র জধা, গাবুয্যা গাবুরী দাগিরে, যারা সময়র লগে লগে সমাজরে বদলেই দি পারন। চাগুরী গরি, দুগকাম গরি, সংসার গরি, পুয়া ছা লেগাপড়া শিগেই জীংহানি বেগে কাদান। মাত্তর সমাজত্যে জধা ভালেদ' কাম নিয়ালজি গরি কয় জনে গরন ? আমি বেগে আমনর সার্থলোই বেচ ভাবি। আমন' পেরাবো কেনে পুরেবং আমিজা সে চিদা। পরত্যেই,

সমাজ আ জাদত্যেই চিদা গরিবার সংস্কৃতি এব আমা মন-মানসিকতাত ন আবাড়ায়। নানা কারনে আমি চাঙমাউন চেরোকিত্যা ছিত্রিভংগ' অলং। কাজেই চাঙমাউনর ইক্কুয়া দর'মর' জাদ অবার কন' আড়ি ন উদের। এক জাগাত থিদ' গরি কুদুম গরি শত খানেক বজর চলি ফিরি পাত্তং, এধকদিন আমি আর' বেগিদো ভালেদ ওই পারিলঙুন। জাগায় জাগায় আমি থেলা হের, মেঝা হের। লোড়েই দেদ'ন অরুনাচলত, ধাবেই দিবার চান মিজোরামত, আ হিল চাদিগাঙ' কধাদ' বাদই দিলুং। তিবিরাতও হি এধক সুগে আগন চাঙমাউন ? ইধুয়ো হাক্কে ইন্দি মের হের, হাক্কে উন্দি মের হের। কন' জাগাত চাঙমাউন সুনযুগে থেই ন পের।

দেজকুল' চাঙমাউন' কধা আমিজা শুনা যায়। তারা ধুম' সেড়ে সেড়ে ফুরি উধিবার চাদন - একধা মানা পরিব'। অরুনাচল' ভেই বোনুন' হবর আমি লই নি ? মুরত পরি কোনদিন আমি ভাবি চিয়েই নি তারা কধা ? বিজোগর পইদ্যায় পইদ্যায় চাঙমা জাত্তুয়া যে ছিত্রিভংগ' অলং সে খবর রাগেই নি আমি ? ১৯৬৪ সালর হিল চাদিগাঙর চাঙমাউনর নেফাৎ বড় পরং অলদে আমনর জাদ বিজোগর এক্কান অহ্মা কালা দাগ। এ কালা দাক্কান আমার ঘা ধক্যা বুক বানি আগে জাদ' কিয়েত।

সংসারর নানান দেশ, নানান জাদর সমারে তলবিচ গল্লে আমা চাঙমাউনর বড় পরং অনার ঘটনান এক্কান সীমানেইয়া দুগর বিদি যিয়া কাল। পিথিমির কন' জাদে এত্তমান দুগ ন পান। বড়গাঙত কাপ্তে গধা দিনেই আমি যে দেশছাড়া অলং সে কধা ইরুক কয়জনে নিগুজ গরি ভাবি ? ভাবিলেইঅ বা কয়জন' মনত পীড়া ফুদে ? মাত্তর সে ঘা-য়ানর পীড়াদ' এধক ঝাদি-মাদি থুম অবার নয়। সেক্কে আমলত নেফাত বড় পরঙ্যা চাঙমাউনর লুঙ'দৈগে লাক্যে বজর ছ মাস। আর ইচ্যা চল্লিজ বঝর বিদি গেলগৈ - তারার নাগরিকত্ব ন অল। সিদুঅর আমা ভেই বোনুনে ন পাদন গমে লেগা পড়ি, ন পাদন চাগরী বাগরী, ন পাত্তন চাজবাজ গরি, আড়ি নেই ব্যাবসা বানিজ্য গরি হেবারো। তারা সান্যা দুগর জীংহানি আর আগেনি ? অরুনাচল' পুয়া ছাউনর ইচ্যা গদা সংসারান আন্ধার। ইত্তুক সুযোগর তালাজে ইলে ইলে বিলে বিলে গরি হাক্কনে তিবিরাত, হাক্কনে মিজোরামত, কিয়ে কিয়ে দেজকুলত-য়ো লুঙদন্দই। এ ঘর ও ঘর গরি দিন কাদাদন ইন্দি উন্দি। পরানে কয় তারাত্যে কিজু গরিবার। তারাত্যে কিজু ভাবি দিবার। ইন্দি আমনর কেচ ফড়াবুয়াইঅ যে কন্না বিন্দেই দিব সে হবর নেই।

তুওয়া দ' আমার তারারে ইত্তুক আত্তাক চিৎপুরা পরিব। তারা দুগে দুগী, তারা সুগে সুগী ওই পারা পরিব। সে ধগে তারার হবর লওয়া পরিব। বেড়া যা পরিব তারা ইদু। তারারেয়্য আমা ইদু বেড়েবার বলা পরিব। দি এক্কা পাল্লে বল দিয়া পরিব নানা কিত্যে। কয়দিন তারা ছাদাঙা পুয়া ধক্যা দুগ পেবাক। এই বড় পরঙ্যা চাঙমাউনর দুগকালর জীংহানি রিনি চেইয়োই এ বজর। ভাবি দি তারাত্যে কিজু এ বিঝুত। এজেত্তে বজর যা যেব' কমলানগর।

**(বিঝুগুলো-৮, ২০০৬)**

# ধর্ম প্রচারত রানী কালিন্দীর অবদান

## ধীমা চাকমা

১৯৪৭ সালত ভারত্তান স্বাধীন অনার যেরে বেক দেশ্যানরে ভারত-পাকিস্থান দ্বিভাগে ভাগ গরা ওয়্যে। এই ভাগখান বানা মেপ ইজেবে কয়েক্কান দাগওই ভাগ গরা ন' অয়। দ্বো-দেজর জিংহানি গানিরেও সারখার গরিদ্যে। আমা চাকমা জাত্তোরেও আহ্ভা আনি দ্যে। বিজগ মাদেলে আমি বুঝি পারি আমা দেশ্যান কুধু এল, আমি কুধু এলং। আমা পূর্ব পুরুষ কন্না। কি আমার পরিচয়। আমারও বিজগ আঘে, রিদি-সুদোম আঘে, এলাক আমার রাজা রানী আর একখান দোল রেজ্য। সেলগে এল আমার একখান দোল ধর্ম। যার নাঙ বুদ্ধ ধর্ম। ধনে জনে, রীদি সুধোমে, রাজনীতি, শিক্ষে-দীক্ষেয়, মানে সম্মানে আমি যদে পদে ধনী এলং। আমা রাজাবো একসময় যুদ্ধ গোচ্ছে ইংরেজ ইস্টইন্ডিয়া কোম্পানীর ফিরিঙ্গি সাভউনো লগে। দিন দিন রাজন্য প্রথা ফুরেই গেল, রাজা-রানী আরেলং। কাপ্তাই গধাত দুবি গেল' আমা রাজবাড়ীয়ান। আগুন বাচ্ছ্যে ঝারত যিঙিরি পশু-পক্ষী আরাহ্-আহ্রি অন সিঙিরি আমিও আমা দেশ্যান আড়েনেই বেক্কুন সিদে-সিত্তে অলং। কিয়ই রলাক বাংলাদেজত (পার্বত্য চট্টগ্রামত), আর কিয়ই ত্রিপুরা, আসাম, মিজোরাম আহ্ কিয়ই গেলাক নেফা (অরুনাচল)। সিঙিরি আমি বেক্কুন ভাগ অলং। কিন্তু দেজ ভাঙিলেও আমার মনানি ন' ভাঙে। তুঅ ন আরেই আমার বিজগর কাবিদ্যেঙ, ন আরেই আমার সংস্কৃতি, রীদি-সুদোম। সে বিজগর পাদা মাদেনেয় খবর পেই আমাহ্ পূর্ব পুরুষ্যুনেও ডাঙর ডাঙর কাম গরি যেইয়ন। ধর্ম প্রচার গচ্ছ্যন, যুদ্ধ গচ্ছ্যন। মরত্তুন যুদ্ধ গত্তে মিলেগুনরো কম আত্ ন এল'। যেমন রাধামনর বল হলধে ধনপুদি, কুঞ্জধনর এল কুঞ্জবি আর এল আমার পয়নাঙী রাজা বিজয়গিরি, রাজা জানবক্স খাঁ সেলগে এল পয়নাঙী কবি শিবচরন। সিগুনর মধ্যে রানী কালিন্দী হধা শুনিলে মনত উধে আমা জাদর মা-বোনুনর হধা। রানী কালিন্দীর হধা বানা চাকমা জাদর বিজগত নয়, বুদ্ধ ধর্মর ইতিহাসতও আঘে। বুদ্ধ ধর্মর প্রচার যেধক্কেন কয়েক্কো মিলের নাঙ চির স্বরনীয় ওই আগে সিগুনর মধ্যে রানী কালিন্দী অলদে নাঙ গরা। সূত্র পিটকত (সুত্ত পিটক) লেঘা আগে থেরী গাথার তেহ্ত্তুর জন ভিক্ষুনীর হধা। যেমন সম্রাট অশোকর ঝি সংঘ মিত্রার হধা বেক্কুনে হবর পান। তে গাবুর' হালে বুদ্ধ ধর্ম প্রচারত্তে সমুদ্রর (সাগর) উহ্লে দেজতও যেয়্যে। সে দেশ্যানর নাঙ সিংহল (বর্তমান শ্রীলংকা)। সিধু যেইনেই সংঘমিত্রা বুদ্ধর বানী প্রচার গচ্ছেগোই। যিয়েনি নাকি শ্রীলংকার মানুষ্যুনে এজসং পালেই যাদন।

উনিশ শতগত ভারতবর্ষত (চাকমা রেজ্যত) বুদ্ধ ধর্মগানরে নুও জিংহানি দিবাত্তেই রানী কালিন্দী নিজে ভূমিকা লোইনেই পিথিমির বুদ্ধিস্টউন' ইদু চির স্বরনীয় ওই আঘে। চাকমা জাদর ইতিহাসত একমাত্র মিলে শাসিকা রানী কালিন্দী এক জন সাধারণ কুরুংকুট্যে গঝার গুজোঙ (গুজোঙ্যা) চাকমার ঝি। তার বুদ্ধি আ সেদামর খবর পেইনেই রাজা ধরমবক্র খাঁ তারে রাজ মহিষী বানেয়্যে। ধরমবক্র খাঁ

মরানার পর ১৮৪৪-৭৩ ইং সাল পর্যন্ত তে চাকমা রেজ্য শাসন গোচ্ছ্যে। রানী কালিন্দী বুদ্ধ ধর্মগানরে ডাঙর গরিবাত্যেই পার্বত্য চট্টগ্রামত নানান হাম গোচ্ছ্যে। যেমন (১) সারমেধ মহাস্থবিরে বাত্যেয়্যে (২) তা রেজ্যত রাজগুরু আন্ন্যে (৩) মহামুনি বুদ্ধ মন্দির বানেয়্যে (৪) ভিক্ষু সীমা (ঘ্যেঙ) বানেয়্যে (৫) বৌদ্ধ রঞ্জিকা প্রচার গোচ্ছ্যে।

প্রকৃত বৌদ্ধ ধর্ম আ বিকৃত বৌদ্ধ ধর্ম লোইনেই যেক্কেনে বাংলা দেজর বুদ্ধিস্টউনে ওলোঝোলো ওয়োন, সেক্কেনে সারমেধ মহাস্থবিররে বাত্যেই আনি তাত্তুন বেগ ভেদ ভাঙি লোইনেই বেক্কুনরে বৌদ্ধ ধর্ম সম্বন্ধে সজাগ গরেয়্যে। আর তে ১৮৬৮ সালত শ্রীলংকাত্তুন এচ্ছে আচার্য চন্দ্র মোহনর দেশনা শুনি হুজি ওইনেই তারে চট্টগ্রামর রাজবাড়ীর রাজ গুরু বানেয়্যে।

রানী কালিন্দী তার রাজগুরুর হধায় ১৮৭০ সালত এক্কান মন্দির বানেয়্যে আর তে আচার্য চন্দ্র মোহনর হধায় ভান্তেগুনর উপসম্পদা দানত্যেই এক্কান নির্দিষ্ট জাগা বানেই দ্যে। সাধারণ মানুষ্যুনে বুদ্ধ ধর্মগানরে হবর পেবাত্যেই মাধব চন্দ্র চাকমার বল লোইনেই আদামে আদামে ধর্ম প্রচার গোচ্ছ্যে। রানী কালিন্দীর বল পেই গদা চাকমা সমাজত ধর্ময়ান নো গরি ফুধি উধিল’। রানীর যদপদে হষ্ট গরানায় বেক চাকমা জাত্তো পিথিমিত ইক্কু শ্রেষ্ট বৌদ্ধ সম্প্রদায় হিসেবে স্বীকৃতি লাভ গোচ্ছ্যে। তে বিভিন্ন ধর্মর প্রতিও শ্রদ্ধাশীল এল’। আমি তারে হনদিন টুরি ন ফেলেবং। বিজগর পাদাত তার হধা চিরস্বরনী থোক। ইয়েনই মুই ভগবান বুদ্ধ ইদু বর মাঘঙ।

**(বিঝুগুলো-৩, ২০০১)**

# চাঙমা শর্ট ফিল্ম ‘উন্দুচ্চ্যে বৈদ্যর’ দারু তালিক আ ‘দুলু হুমোরি’ পইদ্যানে কিজু কথা

পংকজ চাঙমা

শর্ট ফিল্ম হোক বা পূর্ণ দৈর্ঘ্য ফিল্ম হোক এ পইদ্যানে আলোচনা গরিবের মত অভিজ্ঞতা মর নেই, তো হাত দিলুং ‘দেড়গাঙ’-র কাবিদ্যাঙ তথা পৈনাঙী লেখক মামু ভবন্তু বিকাশ চাকমার হোজলিয়ে। তবে আলোচনাও থেবদে কুসুম কান্তি চাকমার ইরুক নিগিল্যে “উন্দুচ্যে বৈদ্য” আ ও কুলর তরুন চাকমার “দলু হুমোরী” পইদ্যানে।

“উন্দুচ্যে বৈদ্য” পইদ্যানে পলিম আলোচনা গরা যোক। সাহিত্য পন্ডিত কুসুম কান্তি চাকমা তার এই দারু তালিকর মধ্যেদি কি জা’র গরিবের চেয়ে সিয়েন আলোচনাত সোমেলে দোলে তোলে চেই পারিবং। ফিল্মর পইল্যেদি দেঘা যেয়ে দ্বিজন গাবুচ্চে গাভুরীর পোজপাপি। গাবুচ্যে নাঙান রাঙাচান, গাভুরী নাঙান তুঙোবী। প্রায় মজি পচ্চে পোজপানা দ্বি জনর। লো-লি ওবার কধা আহ্‌ধা যেয়ে রাঙাচান। কিন্তু পোজপাপি অলে কি সহজে জদন অয় ? তার চা পরিব’ জ্ঞাদি-গুট্টি, বংশধর, তারার ভবিষ্যৎ। রাঙাচান বি.এ পাস তো কি অল’, চাগরী নেই। কি খাবেব’। সেনেই দ’ তুঙোবীর চিগোন মামু তুঙোবীরে বৌ-দিবার রাজী নয়। চিগোন মামু অবশ্য রাঙাচানরে জানেইদে - তুই চাগরী পেলে তে আমা ভাগিনেবো বৌ দিবঙ্যে। সিযেন দ’ স্বাভাবিক। বেক্কুনে চেবাক ভাগিনেবো বা ঝি-বো দোলে হোক্কোই। অভাব অভিযোগ ন পোক্কোই। কারন ইক্কিনে চাগুরী ছাড়া বাজিবের পথ ভারী নিধুকটুক। ভারী চিন্দেত পড়িল রাঙাচান। তবে মধ্যেদি এক্কান ইন্টারভিউ আগে, সিয়ত দোলে দালে প্রেপারেশন নিম আয় - রাঙাচানর মুওত্তুন এমন এক্কান কধা বার অলে তুঙোবী হুত্তোবো রাঙাচানরে এক্কান যুক্তি দিল’ - সালেন এক কাম গর রাঙাচান, তুই উন্দুচ্যে বৈদ্যেয়ে সিধু যা, তে অলে হামাক্কায় তরে চাগরীয়েন পেইদি পারে স্যা। এক্কেনা মন ডাঙর গরি ফিরি এলগৈ রাঙাচানে।

গভীনমুড়’ আশাবাদী প্রেমিক, অথচ বেকার, কাহিনীকার কুসুম কান্তি চাকমা দ’ সেদক্কেন ন এল’। তে জীবনত ভারী বেকারও খাদি ন পায়। প্রেমিকও নয়। তে বরংচ দেশ, জাদ, সাহিত্য ইয়েনির প্রেমিক। কিন্তু তার মেযেবান চোঘর তলে যে পরিবর্তনহীন বেকার ভরাসমাজ ব্যবস্থা সেই সমাজত কধক বেকার জাত-ভেই-বোন প্রেমিক-প্রেমিকা বেকার দুজে দুঘী, বিরহ জ্বলায় ভুক্ত তার কন’ ইয়েত্তা নেই। ঠিক সেই সমাজ ব্যবস্থা উজু কুসুম কান্তি আমারে দোলেই গরি আঙুল দেঘেই দে-এ।

সহজ সরল জনমন। নিরিবিলি আদাম, সিধু আঘন গেঙহুলি- এযান্যে দিন মাদান আমি শুন্যেইদে দেঘা ন পেই। এক হধায় পুরনী আমল। এমনই দিন মাধানত আদাম্মে-পাড়াল্ল্যের সহজ সরলতার হধাক-তালাক ওহ্‌ই জন্মোয়ে ফিল্মর প্রধান চরিত্র উন্দুচ্যে বৈদ্য। “ম’ নাঙান উন্দুচ্যে বৈদ্য। ন জানঙ পারা মন্তর নেই, ন চিনোঙ পারা দারু নেই। একবার ইক্কো উন্দুর

ঝিগির মারিলে ভুদোর বাপ্পুনেয়ো দেজ ছাড়ি যেনেই অন্য দেঝত শরনাত্তি ওহ্‌ই থেই পান্নোই”- ইয়েন উন্দুচ্যে বৈদ্যর জিল’ আগা ডাইলক, হধায়ান্নোই বুঝো যায় বৈদ্যেয়ে হেজান পাজি অহ্‌ব’। কিন্তু বৈদ্য আলি বিধানে লারাজারা হেয়ে চাঙমা সমাজর মানুজ বৈদ্যেয়ের হধাগান (গপ্পান) এক্কোবারে উড়েই দিও ন পারং। কারন, সহজ সরল মানসিকতাত নিত্য বিশ্বেজসানোই কাম গরে। বৈদ্যআলি বিধানত সেধেক্কেন বিধেন নেই এমনো অহ্‌লে নয় সেনে আদাম্মে পাড়াল্ল্যে অসুগ অহ্‌লে বৈদ্যেয়েওই একমাত্র ভরসা।

লাম্বাশিরে বাব’ ঘর, বৈদ্যেয়েলোই লাম্বাশিরে বাবর আলাব, এন অক্তত বৈদ্যেয়েরে তোগেই তোগেই লুঙিলগি গেঙহুল্যে। বৈদ্যেয়ে মুরে মুরে গেঙহুল্যেরে গ্যেল দেদে দেঘা গেল’, গেঙহুল্যেলোই তার যেন রোই রোই ন মিলে। গেঙহুল্যের সিয়েন উধিজ নেই পারাপাং। তে বৈদ্যেয়েরে দেনেই উভগীদেদি রোগর লক্ষনান কি কল ন বুঝিলুং। তবে বৈদ্যেয়ে বুচ্চ্যে, তে কত্তে ‘চিলেঙ দেবেদা আঝর’ আ তালিক ইক্ক দিব ভিলে। ঝারি দিলো - সিএ এক বেধক্ক্যে ঝারা। সে জেরে বুঝেই দের তালিক্কো- এন অক্তত হনহিজেচ্চ্যে গরি লুঙিলগি রাঙাচানে। তার যে মুজুঙেদি ইন্টারভিউ আঘে। বৈদ্যেয়েত্তুন হিচ্ছু নি নাই তার চাগুরীয়ান হামাক্কায় পানা চায়। আ নলেন তার পরানে পরান লাঙনী তুঙোবীরে লোই পেধ’ নয়। এইনেই তার আসয়-বিষয় বেক্কানি জানেল বৈদ্যেয়েরে। বৈদ্যেয়ে মনে মনে ভাবিল’ - পো-বো ভদ্দর’ আঘে, টেঙাবলা অহ্‌ব পারাপাং, এ জু বাড়া জু নেই। তারে সহ্‌জে আরা ন যায়। তে কল’ - তর তাবিত ইক্ক লাগিব’ - একশত টেঙা, সে লগে ম’ ঝিগিরবো শিগেই দিম- পোজোশ টেঙা, অব দ’? অব’ অব’ কোনেই নাজুক-হাজুক গরি ঘরত গেলগৈ রাঙাচানে। গেঙহুল্যে কিন্তু বেক্‌খানি ঠাহ্‌রেল’। তবে জু পায় ভিলিনে বাননোই রাঙাচান’ উগুরে এত্তমান ড্যেন’ থুট্‌ বোজেই দেনা ঠিক ন অয়। এমনই মনে গরিলো গেঙহুল্যে । তে গেই গেল’ - “যে যুগত যে কাল, অরিঙে চুমি যায় বাঘ’ গাল্‌’, বাঘ’ গাল.......।”

কল্পনা নয়, ফিলিম্মো আঝলে বাস্তবতার অনুগামী। ঘর’ ভেজাল, নেক-মোগর মারামারি, সুঘ-শান্দি নেই -ইয়েনির বিরাট অংশ দায়ী মদ খানায়ান - ফিল্মর এধক্যেনই একখান ঘর সংসার নেইয়ে বাপ-নেইয়ে মার। নিত্তাগে নেক্‌কুনে মদ খান, মোক্‌কুনে দুঘ পান - সে’র্‌ মধ্যে নেইয়ে মা একজন। মদ খেব’, ভেজাল গরিব’ ধগে ন অলে মের খানা, - এধক্যেন অবস্থাতই নেইয়ে মার ধুন্দুগর এক হত্তা - “যার দুঘ ভিলে সারা জনম্মো দুঘ, আগেধে আয় ম হবালত” ! কাহিনীকার কুসুম কান্তি সেধক্যেন ঘর সংসারত মিলেউনর দুঘ’ হ্‌াল পরাক পরাক গরি ফুদেই তুলি দি পাচ্ছে, সন্দেহ নেই।

ইন্টারভিউদিন, আহ্‌জিয়ো এঝে দুঘ’ লাগে। আঝলে সুঘ-দুঘ, আহ্‌জানা-কানানা কাহিনীয়েনীই দ’ পোগোন গুল’ থুর ঘাচ্ছে কাহিনী। প্রেপারেশন অন্য হিচ্ছু নয়, তাবিত ইক্কো পিন্নে আ মুখস্থ ঝিগিরবোলোই বুকদর’ গরি ইন্টারভিউ দে-এ এল’ রাঙাচান। রঞ্জিতা আ সারথিকার জেরে রাঙাচানে সমিলোগোই ইন্টারভিউ রুমোত। ইক্কুত্তুন ইক্ক ডাঙর গরি তিন ঝিগির শুন’ গেল’ বাড়ত্তুন। এক্ষেনা জেরে শুন’ গেল’ ধুম-ধাম, বুং-বাং, ওমা-খদা। থা-জা মের হেইহায় বেয়াল অবস্থায় হাসপাদালথ ভর্তি অহ্‌লগোই রাঙাচানে। ফিলিম্মর আঝল রোমান্টিক ঘটনান ইয়দই। বানা রোমান্টিক ঘটনা নয় নয়। চাগরী, চাগরীপেলে তুঙোবী, রাঙাচানর এমনই বেগ আঝা আওজচানির মরাগেট পড়ে এ ঘটনায়ানত। তবে ইয়দই আবার উচ্‌ বজে রাঙাচানর। তা আন্দাজত ধরা পড়ে, উন্দুচ্যে বৈদ্যর ফাগারি বাজি। সে জেরে ধরি ফিলিম্ম ঘুড়িল’ উন্দুচ্ছে বৈদ্যর আক্রমনেদি।

একদিন বৈদ্যেয়ে লাম্বা শিরেবাব’ ঘরত ইক্ক ভূদে পেয়্যে মিলে ঝাড়া যেয়্যে। বুগত ন আট্যে কেনালৈ রাঙাচানে বৈদ্যেয়েরে তোগে তোগে লুঙিলোগৈ সিধু। তে ফগদাঙ গরি দিল’ বৈদ্যেয়ের ফাগারি বাজি বৈদ্যয়ালী। আদাম্যে উনেও রাগে আগুন। এধক্যেন পরিস্থিতিত লাম্বাশিরে বাব’ ঘরত বৈদ্যেয়ে পেল’ তা কর্মফলর বিরাট শাস্তি। “দশদিন খায় একদিন পড়ে”। এ ডাগ’ কধায়ান বার বার আমারে ঈধোত তুলি,দে ফিলিম্মোর প্রধান চরিত্র উন্দুচ্যে বৈদ্য।

উন্দি “দুলু হুমোরী” চাকমার এক্কান পূরনী পচ্ছন, ইয়েনরে নাট্যরুপ দিনে শর্ট ফিলিম বানেয়্যে তরুন চাকমা। **১৯৯২** সনত জুম ইসথেটিক কাউন্সিলর প্রযোজনায় ‘আন্দলত পহ্‌র’ নাঙে পথম চাকমা শর্ট ফিলিম বাহ্‌না অয়। ভালক বজর জেরে তারই (জাক) প্রযোজনায় নো রঙে বাহ্‌র অল’ ‘দুলু হুমোরী’। শর্ট ফিলিম দুলু হুমোরী পইদ্যানে আলোচনা গত্ত গেলে মর ছয়সাগর ভূল থেই পারে। কারন এই পচ্ছনান মুই চিগোন থাগদে দ্বি এক পল্‌লা শুনিলেয়ো জেরেদি প্রায় পুরি ফেল্যঙ্যে। সেনে মূল পশ্চনান’ লগে ফিলিম্মো খাপ খেল’ না ন খেল’ নলেন হুদ্দুর খাপ খেল’ স্যানি যাচাই গরানা মর পক্ষে সম্ভব নয়। এক্কান পচ্ছনর নাঙ দুলু হুমোরী অলেয়ো সিয়ান আঝলে আদরর ঝি নলেন আদরর বোন এমন মিলেরই এক্কান নাঙ। পচ্ছনানত সাত ভেই, এক বোন। সাত ভেই অলাক্কে রাঙাচান, কালাচান, ধলাচান, পুনংচান, কিরবে চান, কিনে চান আ নিগিরে চান। এই সাত ভেয়র এক বোন, তে-ই দুলু হুমোরী। তারে নাহি সাত ভেয়ে মাদিত থলে পিগিরে খেবাক পারা, মাধাত থলে উগুনে খেবাক পারা গরি আদর গরিদাক।

বাপ-মা নেই, আদরর দুলু হারোচ্ছে গাভুর ওহ্‌য়েগি, ডাঙর দাদা রাঙাচানে মোক লোয়ে, ছ-ভেই গাভুর - এমন অবস্থাত্তুন ধরি আরাম্ভ অয়্যে তরুন চাকমার শর্ট ফিলিম ‘দুলুহুমোরী’।

হান সু.......ঘ্ বাজনায় বাজের ধুদুক, ডগরের আর’ হাত্তোল পেখ, দ্বি উভো মুড়ো ঝাবেয়্যে গভীন জাড়, রিপ্ রিপ্ লেজাৎ শিল্‌লো ছড়া, গগল গগল নাল আদের পহ্‌ন পানি, সোয়ত শিল ওগোদেই ওগোদেই হাঙারা তোগাদন পুনংচান-কিনে চান দাগি - ফিলিম্মর পইলেদি এধক্যেনই চাকমা আল্যেঙর চিনপচ্চ দৃশ্য দেলে চাকমার পুরোনী দিন মাধানর এক্কান নির্ভূল আন্দাজ বেক্কুনর মনত আবুজি থায়ী। ঝারত শিগেরে যেয়ন-জেৎ বাদল, ফু’ শিগের’ আত্তের, ভেয়ে-বোনে সোক্কা খারা, আলুলো দুলুলো মেয়েদয়ে চলা চলি, বিগিধি, ইয়েনি বেক্কানি পূরোনী দিন মাধানর চিন, স্যানি দেলে এগেম পরানে হয় চেই থেবার।

ফিলিম্মর পইলেদি রাঙাচান দাদার দুলুরে পোজপানার ম্যেধ পেই ইয়ত, যেক্কে দ্বি-ভেই বোনে সোক্কা খারা খদন, পিজোরত শিমে আলু ফা-ত্ দিদাই তা ভূজি দুলুরে কোয়ে - দুলু এক্কা পানি হুম্মো আননোইদে, দুলু নোনেই সুর তুলি কোয়ে - হাক্কে আনিম্মোই আয় ভূজি। তা ভূজির যেয়্যন এক্কান স্থায়ী পিজুম বা ধুন্দুক র’ মেলি কোয় পেল’ - হাম ওজেলে এহ্ হাক্কে, এহ্ হাক্কে। সিয়দই দুলু ইন্দি বাচ্চে গরি মাদি পেল’ রাঙাচান দাদা, “আহ্ঃ আনিবোগৈ আয় হাক্কে।”

রাঙাচানরে দায়িত্ববান মানুজ ভিলিনে থাহ্‌রেলুং, কিত্তে কলে, তা তলেদি ছ ভেই এক বোন, বেক্কুন গাভুর। তারারে নিনে ঘর সংসার সামেলে রাগানা ইরুক দিন মাধান’ লগে মিলেলে সহ্‌জ কধা নয়। দুলু সদর ইক্কো গরি গুরো বোন, নোনেয়ের থুপ, তে এক্কা দুখ পোক বা ইচ্ছে নেই গরি হাম গরোক সিয়েন কন’জনে ন চান। সেনে তা ভুজি ওজেয়ে কাম মনে কলে গইল্য ন গইল্যো - উল্লোফিরি ওহ্‌জা খেবদে আঝা নেই।

এধক্যেন আদরর বোন ফেলে একদিন সাত ভেয়ে হাত্তোনত যেয়োন, ঘরত রলাক চিকচিখ্যে গরি দুলু হুমোরী আ তা ভুজি। সে পিজে ঘদিল' এক্কান দেব হরম ঘদনা। দুলু এগামনে নুক্‌খুরুক খারা খ-র্‌ ঘর' উদোনত। এন অক্তত ঘর' ভিদিরেত্তুন নিগিলিনেই তা ভূজি কলগী - দুলু এক্কা ধান তোলোয়ান আননোইদে। দুলুর কধাসুর নিত্য নোনেয়্যে, তে হল' - 'হাক্কে আনিম্মোই ভূজি'। হধ' গেলে অগমানে মু ফিরেই নেযাদে কিঙিরি যেন আগাজ হেত্তে চোগ গেল, দেল' ইক্কো চিল উড়ি উড়ি পাক খার। ঠেঙানিত আঘে একতারা আঙোর মাছ, স্যানি লোভ গরিনে নাহি বিগিধি গরিনে কিজেনি তা ভূজি যাজি দিল' দুলুরে - "চিলে চিলে, ত আঙোর মাছ্যেনি দি যা, আমা দুলু হুমোরীরে নেযা"। এধক্কেন গরি দি-তিন বার ডাগিনেই, কধায় কধায় বু'ক গরি উদোনত আঙোর মাছ্যানি ফেলেইদি গেল চিল্‌লয়। স্যানি পেদেনিনাই ওলোনচালত পুরেলৈ তা ভূজি- ঠিক সে পিজে দুলুর হধা-হিজেক- "ও ভূজি, ইবে হি-য়ো, মরে নে-যা-ত্তে-য়ো।" তা ভূজি হিজেহিচ্ছে গরি বাহ্‌ড়ে নিগিলি এইনে চাইদে দুলু নেই, ডাগি ডাগি চেরোপালা রিনি চেল', নেই, পাত্তা নেই। আগাজ ভাঙি হাল পড়িল' রাঙাচানীর। লগে লগে আদাম্যে পাড়াল্যারে জানেল' - দুলু আহ্‌জি যানার কধা। আজু (বৈদ্যেয়ে) বিগিধি গরে - "না কন' গাভুর মরত্তে ধেই গেল?" কিন্তু আদামত্তুন কন' গাভুর মরদ নেই, এধক্যেনয়োদ' শুন' ন যায়। সে বাদে দুলুর কারল্লে আয় পায় আগে সেধক্যেও নয়, আহ্‌মক ওহ্‌বার কান্ড। চিদেই চিদেই ভাত পানি নেই রাঙাচানীর। হাত্তোন্যেগুন ফিল্লেগৈ কি দজা অয় হিজেনি।

তিন-চের দিন বিদি গেল', রাঙাচানদাগি হাত্তোনত্তুন ফিরদননৈ। আদরর বোন দুলুরে নানাক্কান জিনিজ আনি দেদন। কনজনে হাঙারা, হন জনে পত্তিং গুলো সেধক্যে। কিন্তু ঘরত লুঙিনেয়ী বেক্‌খুন মূ কালা। মূ কালা গরি আন্ধার গুদিত বের্চেগাত আবুজি বোই আগে রাঙাচানী। আ দুলু ! দুলু হুধু যেয়ে ? জনে জনে (রাঙাচানবাদে) পুজোর, "আ দুলু হুধু যেয়ে ভূজি ?" বিরেট দুষ গরিনে শাস্তির পালা। মূক্তি পেবার হোজলী, এধক্যেনই চিগোন মনে ক্ষেমা চাং র' মেলি রাঙাচানীর জোব - "মুই ধেয়ে হবর ন পাঙ্যে দুলু হুধু যেয়ে।" ঝিমিদত তাদি উদিল' রাঙাচানে, -"কি, দুলু হুধু যেয়ে তুই হবর ন পাচ্যে ?" (মারিবেল্লে গঙ তুলে আ তা ভেয্যুনে ধরি রাগান) "ইক্কো গরি গুরো বোন সিবেরে তুই চোঘে চোঘে রাগে ন পারচ্যে। এক্কেনা দুলুরে ন পেই, সালেন চে-চ্‌ তর কি দজা অয়।" কালাচান পুনং চান দাগি তারা দাদারে হনরগম বুঝেবুঝায় বেক্‌খুনে তেম্মাং গরিনে লগে লগে সাঙু লামিলাক দুলুরে তোগা।

দুলুরে থা-জী তোগেতোগায় মু চুধো গরি ফিরি এলাক্কে। রাঙাচানীর ভালা ঈদোত উধিল-আজু -বৈদ্যেয়েত্তুন এক্কা গোনেই চেবাল্লে। গোনেনেয়োই আজু কোইদিল, দুলু উত্তর কোনদি আগে, কালিক ভিলে এক্কা বেসুঞ্জুক গরি আগে। লগতালক আর গেলাক উত্তর কোনা মোখ্যে। যাদে যাদে এগে এগে ডাগি চান, - "দুলু....... । দুলুরে...... । ও- দুলু..... ।" সেধক্যে গরি ডাগি ডাগি যাদে যাদে আবাদা শুন গেল ইক্কো হানানা র'। একজনে র'-বো উদিজ গরি হুদ্ধুর উজেইনে রিনি চেলগৈ, সুগ পেলগৈ দুলুরে - "উয্যু উয্যু দাদা উয্যু, দুলুরে সুগ পেয়ং, এজ' এজ'।" হিযেচ্চে গরি যেইনে চাননোইদে বিরেট অজল ইক্কো গাজ' উগুরে বিরেট ইক্কো খের' বা', সে ভিদিরে দুলু, তারারে দেইনে ডাগি ডাগি হানের দুলু। হিযেচ্চে গরি লাম্বা লাম্বা বাচ হাবিনে অজল এক্কান সাঙু বানেলাক। সে সাঙু আবুজেনে উদিলাক্কে গাচ্ছ উগুরে। খুব সাবধানে ধরাধচ্যে গরি লামেলাক দুলুরে। রাঙাচান দাদা দুলুত্তুন পুজোর গইল্য আ হিঙিরি এচ্চোজ দুলু ? দুলুর জোব - "দাদা,

ভূজি নি, এক তারা আঙোর মাজ' বদলে মরে চিল্‌ল'রে যাজি দেদে।" লগতালক চোখ রাঙা ওহ্‌ই উদিল, র' গিরগিচ্যে অল' রাঙাচানর। চুপচাবে টুমটুম ঘরমোখ্যে আহ্‌দা ধল্য রাঙাচানে, পুনে পুনে বেক্‌খুনে এত্তন ঘরত। আক্কল আক্কল এইনে গায় গায় ঘরত লুঙিলগি রাঙাচানে, তা মোক্ক চোতপোত্তে ওহ্‌ইনে পূজোর গরের - "ইয়ো, দুলুরে পেয়োগোইদে অয়নে?" রাঙাচান (রাগে গিরগিচ্চে), "দুলুরে পেয়োগৈ দে, দুলু হুধু যেয়ে তুই হবর ন পাচ্যে, একতারা আঙোর মাঝ' বদলে দুলুরে যাজি দোচ্যে"- হদে হদে দি তাঙল্য কয়েক ভূক্‌, ঈল ন অল', আর' ইক্কো মুগোর আনেল্লেদে পুনংচান দাগি লুঙ্যোননি। হিজেচ্যে গরি হারি ললাক্কী তারা ভুজিরে। কালাচান-পুনংচান দাগির আন্দাজ - ইয়েন আঝলে হারর দুজ নয়। ভুজিরও দুজ নয়। ইয়েন 'দেব' হরম' ঘটনা। আনলে ইক্কো চিলে বুঝ' ইক্কো মানুজ তুলি নি পারেদে। বেকখুনে ধরি নিলেক সিয়েন দেব হরম ঘটনা। ইয়োদই ফিলিম্মো থুম।

ফিল্ম দুনিয়েত অভিনয় এক্কান ডাঙর জিনিষ। অভিনয় যে জানে তারে কন্নে শিল্পি, অভিনয় যে গরে তারে হন্নে অভিনেতা। যে অভিনয় গরিবো' তার শিল্পিজ্ঞান থানা-ই দরকার। মর এক্কান আন্দাজ অবস্থা বা ভূমিকা বিশ্বেজে যেমন, রাগ, দুঘ, মাত্তল, অহংকার, নিলোজ, পোজপাপি বা লাঙ্যে-লাঙনি, ফাজালামি - এধক্যেন অভিনয়ত যে বেশ নিজর মন, কোয় আ ইন্দ্রিয় গঠন গরি পারে বা খাপ খাবে পারে আ ভুমিকা ধগে আচরন গরি পারে তে বেশ শিল্পি। সেনে ফিল্মি দুনিয়েত হুচ বারেদ' গেলে গম অভিজ্ঞ শিল্পিত্তুন যঠেষ্ট রিয়েরসেল বা ট্রাইল ল'না বা দেনা উচিৎ। কারন হাজার হাজার লাখ লাখ শ্রোতা দর্শক ফিলিমুন চান। সেই শ্রোতা দর্শক'র মন জয় গরি পাল্লেদ' হন অভিনেতার অভিনয় সফল অহ্‌ল, শ্রোতা-দর্শকর মন জয় গরি ন পাল্ল্যে অভিনয়ও সফল ন অল', পুরো ফিল্মিয়ো দাম কমি যেবগৈ, মাত্র অলে কয়েক্কান কারনে ( সিবে শর্ট ফিল্ম হোক বা লঙ ফিল্ম হোক, চাঙমা ফিল্ম হোক বা অন্য ফিল্ম) । চাকমা শর্ট ফিল্ম 'দুলু হুমোরী' দেইনেই ম' ধগে সে শিল্পিউন ভালা সফল ওহ্‌য়োন। তার মধ্যে রাঙাচান,তা মোক্ক (তৃপ্তি), দুলু হুমোরী আ আজুর অভিনয়ানি নাঙ - ঘিনিবার লাক। যেমেনঃ-

রাঙাচান - বেগ ডাঙর ভেই ইজেবে তার গাম্ভীর্য, দুলুরে আরেইনেই আ পেইনেই তা মোক্ক উঘুরে যে রাগ দেঘেয়্যে অবস্থা বিশেষ মো'সিক্কে, কধাসুর বেক্কানি দোল ওহ্‌য়ে ভিলি মুই মনে গরঙ।

রাঙাচান' মোক্ক (তৃপ্তি) - দুলুরে আহ্‌রেইনেই তার নিরুপায় মানসিক অবস্থা প্রদর্শন, দুলুরে পেইনেই রাঙাচানত্তুন মের-হাদে তার হানানা দর্শকর মন জয় গরি পারে পারা।

দুলু হুমোরী - সাত ভেইয়োর এক নোনেয়্যে গুর' বোন ইজেবে তার হধা ঘাচ্ছারা, আচার-আচরন'র অভিনয় প্রদর্শন মন্দ হবার নয়।

আজু - আদামর একজন আধ বুচ্ছে আত্তে ইজেবে তার নানান বিগিধি, নিলোজ বাবত্যে কধা গাচ্ছারায় তারে জদে-পদে সাজ্‌সে ভিলিনে মুই মনে গরং।

ইন্দি 'উন্দুচ্যে বৈদ্য' ফিল্মমো রিনি চেলে দেঘা যায় রোমান্টিক ফিল্ম ইজেবে মন্দ ন অয়। তবে ফিল্মিমো সারে পারা গুনর মধ্যে বেজভাগ দায়ী উন্দুচ্যে বৈদ্য। যেমেন- রাঙাচানরে তাবিত পরি দেনা, রোগী ঝারানা - এ হধক্কানি রোমান্টিক দ' আগেয়োই, সেবাদে তার চাল-চলন, কধাবাত্তানি একজন ঝেচ্ছেক টেঙা লোভী আ ভন্দ বৈদ্যর যা অহ্‌বার হধা সেধক্যেনই ওহ্‌য়ে বিলি মুই মনে গরঙ অন্তত আশি শতাংশ। তে বাদে এমনে আর' কয়েক জনর অভিনয়য়ো মন্দ হোবার নয়। যেমেন- নেয়েমা, লাম্বাশিরেবাপ, গেঙহুল্যে, বৈদ্যনি- ইগুনর।

এমনে, চাঙমা ফিল্ম দুনিয়েত ( শর্ট ফিল্ম অলেয়ো ) এজ'- তে কয়েক হুচ, গিরগিচ্ছে ওহ্‌বার হধা সাভাবিক। ইক্কুনু চাঙমা ফিল্ম দুনিয়েত যে তুবোল দেঘা দ্যে, হুদ্দুর মুজুঙেদিই আমি দোল- দর' মর' ফিল্ম চেই পেভং ভিলিনে আঝা গরং।

**(বিঝুগুলো-৯, ২০০৭)**

# 𑄇𑄙 𑄉𑄣𑄴𑄛𑄴

## গল্প

চাঙমা অজিত কান্তি ধামেই, বিজয়া চাকমা, কুসুসিং চাকমা, ঝানুদেবী চাকমা, মন্দিরা চাকমা, যুধিষ্টির চাকমা, উদয় জ্যোতি চাকমা।

# সেদিন্নে মিলেবো

## চাঙমা অজিত কান্তি ধামেই

এ বজর রিপরিপে ক্লাস টুয়েলভ্ পাশ গরি ধর্মনগর কলেজত ফার্স্ট ইয়ারত ভর্তি ওয়েগি। ভর্তি অনার লগে লগে তে সমাচ্ছেলোয় পরিচয় অল। পরিচয় অনার পরেত্তুন ধরি সমাচ্ছে গুনে তারে 'রিপ' হোনে ডাগন। রিপ তেমন গম ছাত্র ন অলেয়ো ফেলর মু তে হন' বজর ন দেগে। স্কুলত যক্কে পড়িদ' সক্কে কম স্কুলত যেদ'। আ যদিও যায়, বেক্কুন' পিজেন্দি বজেগোই। কিন্তু সমাচ্ছেলোই মিলানাত তে পোল্লে নম্বরত। এই সে স্কুল' হাস্যেক্কান তে কলেজত এনেয়ো ফেলেই ন পারে। কলেজত যানা দ দূরো হধা কলেজ নাঙ ঈনিলে তাত্তুন ঘুম এযে। সনত্তে সমাচ্ছেগুনে কলেজত যাদে তে ঘুম যেই যেই থায়। আ তার সিনিয়র ভেইয়ুন্নোই এমন মিল অন্য হন' ফার্স্ট ইয়ার' পো তা ধক্কেন মিলি ন পারন। অবশ্য তার একখান বড় কারন অল, রিপে হন' দিন তার বড় ভেইয়ুনর হধা অবাধ্য ন গরে। ওক্ তার পক্ষে কঠিন, ওক্ তার পক্ষে উজু কাম। হলে গরিব'ই। সনত্তে সিনিয়র ভেইয়ুনে বেঘে তারে হোজ পান। যেমেন সে দিনর হধায় ধরা যোক-

চের-পাজ জন থার্ড ইয়ার আ সেকেন্ড ইয়ার' পো মিলি চুগিত বোয় 'ব্রে' খেল'দন। সে দিন্নে থার্ড ইয়ারত ফাইনাল এগ্জামিনেশন' ফর্ম দিবার হধা। কিন্তু সেই ফর্ম হন্না আঘে আনিয়ে ? জগরা হুম ইরি দিয়ে হন' জন নেই। ফর্ম আনিবার সময় এল'। তগেই চান দ্বি-একজন ফার্স্ট ইয়ার' পোও পা ন গেল'। বেক্কুনে কলেজত যেয়োন। হাক্কন পরে রিপে চোক রাঙা গরি তারা মুজুঙ্গে আহ্জিল। মনে অহর দ্বি-একজন উগুলে পাধেয়্যে। তারে দেঘি দ্বি-একজন দরেয়োন। যেরে অবশ্য সে দরান হাদি গেল', যক্কে তে মাদিল'। হল, "হক্কে ঘুম যেয়োঙ হবর ন পাঙ। তা হধা শুনি সুরজে মাদিলো। তে হল', "ঘুমনে যেয়ছে, মুই দ মনে গচ্ছং দ্বি-একজন.........।" এই হধায়ান হোনে বেক্কুনে আহ্জিলাক। রিপেয়ো আর তা আহ্জিবো চিবেই রাগেই ন পারে।

তেল ফুরেলে যিঙিরি চেরাক মরি যায়, ঠিক সিঙিরি রসর অভাবে তারা আহ্জিগুন মরি গেলাক। আহ্জি থামানার পরে রনকে হল'- "রিপ, তুই কলেজত্তুন আমা ফর্ময়ানি আনি পারিবেগোইনি ?"

নেপোলিয়ন' ডাইরীবোত যেন্ 'ন পারিম' শব্দবো নেই, ঠিক সেধক্যেন রিপ' ডাইরীবোত-য় সিনিযর ভেইয়ুন' নাঙে 'ন পারিম' শব্দবো নেই। তে হল' -"পারিম দ'। কি কি লাগিব' সিয়ানি ম আহ্দত তুলিদো।"

হাক্কন খেলা বন্ধ রাগেই যে যার কাগজপত্র তারে গজেই দিলাক। কাগজ পত্রয়ানি গজি লোই তে পূজোর গরিল' - কন সেকশনত্তুন ফর্ম দিবাক ?

রনকে হল' - স্টাইপেন্ড সেকশনত্তুন।

এর পর রনক দাগি পুর'দমে 'ব্রে' খেলা শুরু গরিলাক। রিপে-য় আহ্দা শুরু গরিল'

তা উদিজে। ঘরিবোত মিনিদ' হাদাবো দশ পাক খেল'। রিপে কলেজত লুঙিল'। কলেজত লুঙি তে উজু গরি গেল স্টাইপেন্ড সেকশন'মুজুঙ্গে। যেইনে চায় কেরানীবো নেই। আগে জুদ' একজন। তে হল'-কেরানী বাবু নেই, হাক্কন পরে তে-এ এব'। তা হধা শুনি রিপে পিজেদি মুজোঙ দিল'। দেগে তা ধক্কেন বয়জর দ্বিজন মিলে। বুঝিবার জু নেই তারা হন ইয়ারত। তারা দ্বিজনত্তুন এক জনে রিপরে উদিজ গরি হল - ফর্ম ন পাচ ?

রিপে হল - না, কেরানীবো নেই।

হুধু যেয়ে ? - পুজোর গরে সেই মিলেবো।

রিপে হয় - হবর ন পাং। আর হয় - তা লগে আঘেদে সিবে হোয়ে যাদি এব'গোই, হাক্কন বাচ্ছেই থেলে অব'।

রিপ' হধা শুনি তারা-য় মনানি ঠিক দিলাক। রিপরে হদন-আমিয়ো বাচ্ছেই থেবং। রিপে হল - থেবং আয়।

তা পরেদি শুরু অল পুজোর' উগুরে পুজোর। পোল্লে সেই মিলেবো পুজোর গরে - ত নাঙান কি ?

রিপে হল - রিপরিপ, তবে সমাচ্ছেগুনে মরে রিপ হোনে ডাগন। এর পর তে-য় পুজোর গরে, তমা নাঙানি কি কি ?

পোল্লে মিলেবো হয় - ম নাঙান কোয়েল। এরপর আর এক জনে হয়, ম নাঙান শীতল। নাঙদি পরিচয় অনার পরে কোয়েলে হয় - থার্ড ইয়ারত্ অয়নি ?

তা হধা শুনি রিপে মনে মনে হল'- ইত্তুন পারা জু নেই থার্ড ইয়ার' মিলেলোই গপ দিবার। তারারে মিঝে হধা হং। এর পর তে হল' - হন' সন্দেহ আঘে নাহি ?

কোয়েলে মনে মনে এক্কা লাজেল'। লাজ ঘুরেবাত্তে তে হল - শত শত ছাত্র-ছাত্রী, বেক্কুনরে চিনিবার জু নেই। সনত্তে......। তা হধায়ান শেষ গরিবাত্তে ন দিল' রিপে। হধার মাধ্যমে তারা বড়ি তারারে খাবেল'। হল - ত হধায়ান সেন্ট পার্সেন্ট ঠিক। সনত্তে পারাপাং আমি এক্কুই ইয়ার অলেয় চিন্ নেই। রিপ' হধা শুনি শীতলে এক্কা মূ চিবে চিবে আহ্জে। তারে আহ্জদে দেগি কোয়েলে' তারে রিনি চেই রিপে ন বুঝে পারা চোগ' ঈজিরেদি হল - ন আহ্জিচ। কিন্তু রিপর বুঝিবার হিচ্ছুই বাদ ন রল'। তে মনে মনে ভাবিল' - পিথিমিত এভ' সং সেধক্কেন মানুজ আঘন যিগুনে নাহি পর' হধাত আহ্জিলে সত্যিই দুগ পান। মনে মনে হুব হুজি তে কোয়েল' উগুরে।

চুপ গরি থায় শীতলে। কিন্তু চুপ গরি থেবার মিলে নয় কোয়েলে। পুজোর গরি যায় তে একখানর পর একখান। জোব দে রিপে। অবশ্য মধ্যে মধ্যে রিপে-য় পুজোর গরে জোওব দি যায় কোয়েলে।

কোয়েলে পুজোর গরে - কি অর্নাস নিনে পড়র তুই।

রিপে হয় - History। এর পর তে-য় পুজোর গরে, তর কি অর্নাস ?

কোয়েলে হয় - Pol. Science।

কোয়েল' হধা শুনি রিপে নিজরে তারা মুজুঙ্গে প্রমান গরিবার আর' বেজ জু পেল'। তে হল - অঃ ! সনত্তে অবদে তমাল্লোই দেগা-দেগি নেইদে।

কোয়েল হল - অই পারে। তারা হধা শুনি শীতলে আগরতলাত বজি গাজ' পাদানি রিনি চেই চেই চুবে চুবে আহ্জে (আগর গাজ' তলে বজি থান হিনেত্তে স্যার প্রবাল বর্মনে (প্রফেসর) সেই জাগায়ানর নাঙ দি-এ আগরতলা) ।

কোয়েলে আর' পুজোর গরে - রেজাল্ট দোওন না হি ?

কোয়েল' মুওত্তুন এই পুজোরান শুনি ধরা পরিবার দরে রিপর টিগিনি চুলানি যেন উব'ওই উদিল'। কিন্তু চালাক রিপে, ধরা পরিবার মরদ তে নয়; উপস্থিত বুদ্ধি তার সাংঘাতিক। ইয়ান যেন তার ভগবানর দান। তে হল - রেজাল্ট' হবর দ নপাং। তবে মুই কিন্তু রেজাল্ট ন চাং। কারন মুই হবর পাং কম নাম্বারলোই অলেও মুই পাশ গরিম। আর হল - তমার রেজাল্ট চেবা নাহি ?

কোয়েলে রিপর পুজোরান থুম অদে ন অদে হল - না না আমিয় ত ধক্কেন। কোয়েলে আর হল - পরীক্ষে দ যা দে-এ দে-য়োয় রেজাল্ট চেলেয় হন' বেজ নম্বর ন পেবং।

পাগানা ফল যিঙিরি যেদক বেজ চিবা যায় সেধক বেজ রস নিগিলে, ঠিক সেধক্কেন তারার দ্বিজনর যে গব্ সেই গবর রস যেন্ যেদক বেজ গব্ দেদন সেধক বেজ নিগিলের। কিন্তু এরই মধ্যে একখান অঘটন ঘদিল'। শীতলে ধৈর্য্য আহ্রা অল। তে হল, কোয়েল, যেই। কেরানীবো এচ্ছে নাহি চেয়োই। কোয়েলেয়ো হল, যেই। যেই, রিপ চেয়োই।

আগরতলাত্তুন উদিনেই তারা তিন জনে কেরানীবো ইধু গেলাক। কেরানীবো বোই আঘে জাগাত। কেরানীবোত্তুন ফর্ম পেবাক নাহি পুঝোর গরিলাক। কেরানীবো হল - পেবা, ফি কার্ড দেগ'। রিপে একে একে বেক্কানি নিগিলেল'। কিন্তু কোয়েল দাগি ফি কার্ড ন আনন। তারা ফি কার্ড ন আনন দেগিনে রিপে আবিলেজ খেল'। হল - ইস্ ! এক হামত্যে এস্যে, এক লগে হধা হোর, ইক্কু ম কামান অল' তমা ইয়ানি ন অল'। রিপে ফর্ম লল'। কেরানীবোরে হুজলী গরি চেলাক কোয়েল দাগি। কিন্তু সফল ন অলাক। এর পর ফারগ অবার পালা। রিপে হল - কি গরিবা ইক্কুনু ?

কোয়েলে হল - কি আর গরিবং, যেবঙোয়। আ তুই ? পুজোর গরে কোয়েলে। রিপে হয় - মুই-য় যেম্মোয়।

কোয়েলে পুজোর গরে - হুধু থাচ্ তুই ? রিপে হয় - হোস্টেলত।

দ্বি-য় দাগির হধা শেজে চোগ' ঈজেরেদি হলাক পথ ধরা অল'। ফারগ অলাক তারা। রিপে এযের হোস্টেল' পথ ধরি। মনে মনে খুব হুজি তে তারা লগে গব দিনে, আহ্ সিত্তুন বেজ হুজি নিজর চিন লুগেই রাঘেই তারারে ঠগেনেই। মনে মনে গর্ব গরে তার এই মহাপুরুষত্বর কামানত্তে। সত্য হধা হধে কি, বেহ্ঠারৎ যে হারে হন্না ঠগেই যায়, ইয়ান যেন ভগবানরও হিজু বুঝিবার বাগি থায়।

আজি ধরি রাগেই ন পারের রিপে। সাত মাচ্ছে গুরয় যিঙিরি গায় গায় ভেগৎ ভেগৎ আঝন আ এক্কা রিনি চেলেদ' হধাই নেই। এচ্ছে রিপেও সেই অবস্থা। গায় গায় আঝে তে। আঝি আঝি সমেলগি তে। যেন্ পাগানা ফল যিঙিরি অনসুর ঝুরি পরং পরং। মনে অর আহ্দ ন পাদিলে ইক্কু অ কাজে যেব'। ইয়ান বুজিবার বাকি ন রল' রনক দাগির। Clubs -অর ২ নম্বর পাদানত 'ব্রে' পাড় গরি দিই সুরজে হল - আ কি আজর ?

পানি বান ঈরি দিলে সেই পানিয়ানরে যেন্ আর বানি রাগেবার নয়, বোয় যায় পানিয়ান, ঠিক সেধক্যেন রিপর মুওত্তুন যেই একবার আজিবো নিগিল্লে আর রাগেবার নয় তারে। ভালক্কন পরে হন'মতে আজিবো বন্ধ অল'। রিপে হল - দ্বিজন থার্ড ইয়ার' মিলেলোয় মুই থার্ড ইয়ার নাঙ দি গব দোওঙে। তারা বুঝিয় ন পারন। তা হধা শুনি বেক্কুনে আজি উদিলাক। দ্বি-এক জনে পুজোর' গরিলাক - হিঙিরি ? রিপে আগর হধানি হোয় যায়।

সে দিন্ন গেলগোই। রিপে আর কয়েকদিন ঘুম যেই যেই হাদেল'। সে দিন্নে সোমবার। কলেজ' নোটিশ বোর্ড'ত্ 70% Attendence Percentage টাঙে দোওন। রিপে সমাচ্ছে মুওত্তুন শুনিল' তা রোল নম্বরবো -য়ো আঘে। বিশ্বেজ গরি ন পারের তে, কিন্তু মনে মনে হুজি। অবশ্য তার বিশ্বেজ গরি ন পারানার কারন অল, তে সারা বজরবো ঘুম যেই যেই হাদেয়ে। কলেজত যেয়ে হলে, মনত রাগে-এ পারে পারা কয়েকবার মাত্র। আর সেই পো'বো নাহি কলেজত Attendence 70%। অবিশ্বাস্য। তবে অবিশ্বাস্য অলেও হধায়ান ঠিক। আঝল হধা অলদে - এই বার' Principal Madam- এ খুব গম। তার উদ্যোগে মনে অয় Professor Sir দাগি Attendence দি দোওন। বেক্কুনে চাদন্নোয় যে যার Attendence। তারারে দেগি রিপর-অ মনে হল এক্কা কলেজত যেবার, নিজর Percentage চেবার।

সে দিন্নে রিপে গায় গায় আধা ধরিল' Attendence Percentage চেবার উদিজে। আস্তে আস্তে চাদ' আধা দি লুঙিলগোয় নোটিশ বোর্ড' হায়। সিয়ত লুঙিনে চোখ তার হবালত উদিলাক। দেগিল' কোয়েলে মন দি নোটিশ বোর্ড রিনি চাআর। একখান হধা আঘে যার মনত হালি তার মনত ছালি। কোয়েলরে দেগি তে আর সে মোক্কেন হুজ ন বাড়েল'। আর এক হিত্তেদি গেল' তে। অবশ্য কোয়েলে যে তারে ন দেগে সিয়ান নয়। তে-য় রিপরে দেখ্যে। তারে দেগি তে পোল্লে তদ'বদ' অল। তবে খুব ঝাদি নিজরে সামাল দি সিয়ত্তুন দূরোত অন্য কিত্যেদি সরি যেইয়ে।

ঘটনাক্রমে দ্বি জনে আর' লাগত পা-পি অলাক। এইবার রিপে মনত হন' দর ন আনি থার্ড ইয়ার' ভান ধরি কোয়েলত্তুন পুজোর গরিল'-আ হিত্তেই এস্যোচ ?

কোয়েলে বুক ফুলেই হল - ম গুড়' বোন্নর Attendence Percentage চেবাত্তে এচ্যোংগে। জোওব' শেজে কোয়েলে-য় পুজোর গরিল, আ তুই ?

দমিবার পো নয় রিপে। কোয়েলত্তুন দ্বি গুন বুক ফুলেই হয় - এক্কা অফিস কামত এস্যোঙে।

তা হধা শুনি কোয়েলে -য় আর হিচ্ছু ন হল।

হাক্কন অলর গরি থান দ্বি-য় জনে। এর পর শুরু অয় ইক্ক যুদো প্রসঙ্গ। যে প্রসঙ্গবো লেঘা-পড়াত্তুন রেইত-দিন দূরোত। পোল্লে কোয়েলে মাদিল' - তমা আদামত বিলে এবারত বিঝু মেলা অব' অনি, মরে নেযেবে ?

কোয়েল' হধাত সঞ্জুক ন পেল' রিপে। এন ধরা পরিবার দর সিত্তুন' কোয়েলর বেধক পুজোর। তারে আর' বেজ ভাবেই তুল্লে। মনে ন হোয়ে গরি হল - তুই যদি ঘিচ্চেক ম লগে যেবার চাচ সালেন যেই পারিবে। মর হন' অসুবিধে নেই।

তা হধা শুনি কোয়েলে হুজি হুজি ভাব দেগেল'। সে লগে একখান নূও প্রসঙ্গ তুলিল'।

হল - এযেত্তে ১৭-১৯ তারিখ সং কলেজত Annual Sports অব' পার্টিসিপেত ন গরিবে ?

কোয়েল' হধা শুনি রিপে আর বেজ সঞ্জুগ নেইয়ে ওহ্‌ই উধে। তে মনে ন হোয়ে গরি হল - খারা-টারা দ মুই কম খেলং, তো চাং। জোওব দেনার পরে তে কোয়েলত্তুন পুজোর গরে - আ তুই ন খেলেবে ? রিপর মুওদি পুজোর, কিন্তু মনে মনে ফারগ অবার চায়। ভাবে, যদি তা ইদু ধরা পরে।

এরই মধ্যে কোয়েলর একখান জোওব রিপর মনানরে বেক্কান বদলী দিল'। রিপর পুজোর গরানায় কোয়েলে হোয়ে মুই যদি খারাত পার্টিসিপেত গরঙে অয় তরে পিজেন্দি হন্না সমর্থন গরিব' ?

আমক অল' রিপে। ভাবের যে মিলেবত্তুন মুই দুরোত যেবার চাঙ, সেই মিলেবো হিত্তে বার বার ম হায় এযে। ইবে কি মিলে না মাহ্‌র ? মনত পুজোর জাগে রিপর। আর' মনত পুজোর জাগে না কি মর নকল পরিচয়-য়ান সত্য মনে গরি ম হায় এযে ? মনত যক্কে এই পুজোরান জাগে সক্কে রিপত্তুন সত্য হদায়ানি ভাঙি হবার মনে হয়। কিন্তু হোয় ন পারে। কারন তে হবর পায় মিলে ইদু একবার চিগোন অলে সিত্তুন বেজ দুনো দুনো চিগোন দেগন মিলেগুনে। রিপে মনে মনে হয় - যদি সত্যয়ান ভাঙি হং তা ইদু হন'দিন আর মুই দাম ন পেম। সনত্তে যিয়ান চলের সিয়ানই চলোক। এক্কা ফারগ গরি থেলে অল'।

ভাবনাত মনে মনে এই হধায়ানি হোয় যায় রিপে। ঠিক সেই অক্তত তারা মুজুঙে আজিল অলগি শীতলে। তে হল - ভিদিরে যেই কোয়েল। কোয়েলর যদিও মনে ন হল কিন্তু যা পড়িল। যেবার আগে কোয়েলে রিপরে হল - আর' দেঘা অব'।

তারা যানার পরেদি রিপে লাম্বা নিজোচ ফেলেল'। এর পর তে-য় Attendence Percentage ন চেই উজু গরি হোস্টেল মোক্কে আধা ধরিল'। এত্তে এত্তে মনে মনে ভাবে - যেদক দরায় সেধক লরায়। আর ন দরেম আর মন' হলে সত্য ঘটনাগানই তে হবর পোক। ইয়ানি ভাবদে ভাবদে রিপে তা জাগাত লুঙিলগি।

লুঙিনেই কোয়েল' হধা শুরু গরিল। তে হল - সে দিন্নে মিলেবোলোয় আর' লাগত পা-পি ওয়েই। এচ্যেয়ো ভালক্কন গব দোওং।

তা হধা শুনি সুরজে বিগিদি গরি হল - তে আরেলে নাহি রিপ ?

রিপে হল - নয় দো। তে আগে আগে গব দে তে মুইয়ো জু পাং তাত্তুন বেজ গব দিবার। ইঙিরি রিপর হধায় বেক্কুন' মুওত্ একখান হধা ছড়ি পরিল - 'রিপ' মিলেবো'। ইক্কু হোস্টেলত বেগে 'রিপ' মিলেবো' হলে বুঝি পারন সে দিন্নে মিলেবো।

আগর ধগে রিপে আর' দ্বি-তিন দিন হাদেল। এনে এনে খারার দিন এ্যই গেল'। বেগে যার যার পছন্দমত খেলাত নাঙ দোওন। কিন্তু হন' খেলাত রিপর নাঙ নেই। সমাচ্ছেগুনে খুব গরি নাঙ দিবাত্তে হলাক আহ্ সে লগে মনত উধিল' কোয়েল' হধা। তে হোয়ে-মুই তরে বাইরেত্তুন সমর্থন গরিম। সমাচ্ছেগুনর হধায় আহ্ কোয়েলর হধার টানে তে যেরে ৮০০ মিটার ধাবা দেনাত নাঙ দিবার ঠিক গরিল'। তে সমাচ্ছেগুনরে হল-মুই দ ন যেইম তুমি মরে ৮০০ মিটারত নাঙ দি দোগোই। সমাচ্ছেত্তুন চন্দনে হল-অদে।

১৭ তারিখ এ্যই গেল'। এচ্যে Annual Sports-অর পোল্লে দিন। রিপে তা

সমাচ্ছে লগে খারা চাহ্ গেল'। কোয়েল-য় রিপত্তুন আগে এস্যে। তবে তে এস্যেদে রিপরে বাচ্ছেই থেবার নাঙে। মাঠদ্ ইন্দি যাদন রিপ দাগি। দুরোত্তুন চেই আঘে কোয়েলে। কিন্তু রিপর হায় যেবার তার সাহস ন অল। জু তগেই তগেই আঘে, গায় পেলে হধা হবার আঝায়। হাক্কন পরে রিপর সমাচ্ছেগুনে আর' এক হিত্তেদি খারা চাহ্ গেলাক। সেই জাগানত গায় গায় রই গেল' রিপে। সিয়ান দেগিনে কোয়েলে যাদি যাদি তা ইদু গেল'। তে পুজোর গরে, তর হক্কে খারা ?

রিপে হয় - তুই হিঙিরি হবর পাচ্ মুই খারাত নাঙ দোওং না ন দোওং।

কোয়েলে হয় - মর বিশ্বেজর উগুরে। কারন মর বিশ্বেজ আঘে তুই মর বিশ্বেজসান মাদিত ফেলেই ন দিবে।

কোয়েল' হধায়ান প্রত্যক্ষভাবে অস্বীকার গরি ন পারিল' রিপে। পরোক্ষভাবে অস্বীকার গরি হল - তর বিশ্বেজ অবিশ্বেজ সিয়ান দ মুই হবর ন পাং, তবে একখান হধা হবর পাং, মর ইচ্ছে গচ্ছে মুই নাঙ দোওং।

কোয়েলে পুজোর গরে - হমলে তর খারা আঘে ?

রিপে হল - হেল্লে, ৮০০ মিটার ধাবা দেনাত।

তারা দ্বি জনে হধা হধে হধে রিপ' সমাচ্ছেগুনে তারা হায় লুঙদন্নি। তারারে দেগি কোয়েলে হল - এচ্যে যেম্মোয় অবল। হেল্ল্যে তে এ্যইম। Good Luck for tomorrow.

তারার ফারক অনার ২৪ ঘন্টার পর - থুব' থুব' অয়ন দর্শক রিপ দাগির ৮০০ মিটার ধাবা চেবাত্তে। সেই থুব' থুব' দর্শকর মধ্যে কোয়েলে এক জন। মাষ্টর্চ্যে হুইসেল লোয় রেডি, রিপ দাগিয় রেডি ধাবা দিবাত্তে। সেই ফাগে রিপে কোয়েলরে একবার চেল'। কোয়েলে বুচ্ছে আঙুল দেগেই হল - Good Luck.

বেক্কুনে রেডি ধাবা দিবাত্তে। মাষ্টার্চ্যে হুইসেল বাজানার লগে লগে শুরু অল রিপ দাগির ৮০০ মিটার ধাবা জিদেজিত্তে। মাঠত্ পাক দেদে থান তারা। পত্তি পাকে যে যার সমর্থক তা নাঙান ধরি উৎসাহ দে। কোয়েলে-য় রিপ' নাঙান ধরি হয়, রি-প-প আর' যা-দি। ইঙিরি মাঠত্ চের পাক দি ৮০০ মিটার জিদেজিত্যে থুম অল। জিদেজিত্তেত্ রিপে পত্থম অল'।

জিদেজিত্যে শেজে যে যার সমর্থকরে পানি খাবে দেদন। পিজে ন থেল' কোয়েলে-য়। তে তা ব্যাগকত্তুন ইক্ক কোক্ নিগিলে রিপ' আদত্ গজিই দি হল - Congretulations for your performance. রিপে হল -Thank you.

Thanks মরে নয়, Thanks মুই জানেম্মে তরে, কারন তুই মর আঝায়ান স্বার্থক গচ্ছোচ - হল কোয়েলে।

রিপে হল - তুই মত্তে এদক্কানি গচ্ছোচ, এচ্যে তুই ন অদে মুই পত্থম ওহ্ই ন পারিলুঙুন। সনত্তে Thanks মুই-ই তরে জানাঙর।

তা হধা শুনি কোয়েলে হল - আপনোকে লিয়ে ইয়ে তো কুছভি নেহি হ্যায়।

আমক অল' রিপে। তারে এই অবস্থা দেগি কোয়েলে হদায়ান ঘুরেল'। হল-একখান কলেজত পরি, এক লগে হধা হোয়, এক লগে বেড়েয়, ইত্তুন পারা আপনাপন আর কি ওই পারে। এই হধায়ান হোনে তে সিত্তুন গেলগোই।

কোয়েলে কি হবার চেল' রিপর বুঝিবার বাকি ন রল'। মনে মনে হর - কোয়েলে হি স্বার্থ দেখ্যে তে যে মরে এই হধানি হর। মানিয়' নেযেলুং মুই থার্ড ইয়ার, এবারত বি. এ পাশ গরিম। কিন্তু তার স্বার্থ কি, তে দ এবার গেচ্যেক গরি বি.এ পাশ গরিব'। মনে মনে হয় - যে দিন্নে পরিচয় ওয়ে সেদিন্নে মুই যদি ফার্স্ট ইয়ার হোনে পরিচয় দিদুং মরে তে হয়ত নয়ো মাদেলুন। থার্ড ইয়ার হোয়ং হিনেত্তে মরে নিনে তার এই হধা। বিশ্বেজ ন গরের রিপে।

মরদ মানুজর মিলের প্রতি ইয়ান একখান বিরেট ভূল। মরত্তুনে any time মনে গরন যে, মিলেগুন যেন্ স্বার্থ ছাড়া হিচ্ছু ন চান। কিন্তু মিলেগুনে যে স্বার্থ ছাড়া-য় হোজ পেইয়্যে মানুষ্যরে পেবাত্তে যে হধক মূরত্ পরি ভগবান' ইদু তবনা গরন সিয়ান হন মরত্তোয় ইজেব রাগায় ? তবে রিপর সন্দেহ-য়ান সবাই নয়দে নয়, কিন্তু সিয়ান মরদর বেলায়-য় অয়।

হারুন বল ভরেই ঠিয়েই উধিল' রিপে। লগে আঘন তা সমাচ্ছে দ্বি-তিন জন। টিগেনেই কোয়েল' হধা মনত তুলিল' - হুধু গেল' কোয়েলে, তারে দ হিচ্ছু ন হয়। তাল্লোয় পরিচয় অয়োন ধরি ন হোয়ে বাদে হন দিন ফারগ ন অয় তে। কিন্তু এচ্যে হিচ্ছু ন হোয়ে বাদে হুধু গেল'।

পদ ধরিল' রিপে। যাদে যাদে হন্না জানি পিজেত্তুন দাগিল', রিনি চেল' পিজেন্দি। দেগে শীতলে তা হায় এযের। রিপে পুজোর গরে - হিত্তে ডাগিলে ?

শীতলে হন' হধা ন হোয় তা ব্যাগ্‌কত্তুন একখান চিদি নিগিলে তা আদত্ দিল। বানা হল' - কোয়েল। এর পর হল' - যাঙল্লোয়। রিপে হিচ্ছু ন হল। জুরো গরি চিদিয়ান লোয় হোস্টেলত এনেই খুলি চেল'। লেঘা আঘে-

রিপ,

তুই মরে মাপ গরিচ। ত লগে মুই একখান মহা মিজে হধা হয়োং। এই চিদিয়ান পেলে মরে মাপ গরিচ। মুই তরে থার্ড ইয়ার হোনে চিন দোওং। কিন্তু মুই থার্ড ইয়ার নয়, ফার্স্ট ইয়ার। সে দিন্নে আমি শীতল্লোয় বেবেই দাগি ফর্ম-য়ানি আনিবাত্তে যেয়েই। সক্কে তরে দেগিনে মর ত লগে ভারি গরি হধা হবার মনে হোয়্যে। কিন্তু তুই থার্ড ইয়ার হিনেত্তে আমিয়ো তরে থার্ড ইয়ার চিন দিয়েই। সিয়ত শীতলর হন' দুজ নেই। সিযত যা ওয়ে বেক্কানি মর প্লেন মাফিক। এর পর মুই তরে সত্য হধা হবার চেয়োং, কিন্তু হোয় ন পারং। দরেয়ং তুই মত্তুন দূরোত যাচ্ছোই বিলিনে। এচ্যে তরে বেক্কানি ভাঙি হলুং, ভাবি চেইচ্ হিত্তে ? এত্তে তরে হোয় ন এযং সনত্তে বিলিনে মাপ গরিচ।

শেজে, মত্তেই যদি তর ইক্ক হুত্ পারা হোজ পানা থায়দে অয় সালেন হেল্ল্যে ৯ টায় যিয়ত্ পথম তল্লোই হধা হোয়েই সিয়ত এইয্ ।

ধূজিত-
কোয়েল

**(বিঝুগুলো-৬, ২০০৪)**

# স্ববনর সমারী

## বিজয়া চাকমা

ফাগুন মাচ্ পূর্ণিমা আর পাচ্ দিন বাগি। জুনো পোচ্ছ্যে রেত। বয়স একষট্টি অব'। চান্নোলী দাবা বুঅ মুওত আগে। আ মুম দিএ বাজিবুঅ আদত্। পজিম মোক্কে গরি, ইজোরোত বজিন্যায় ভাবের। দাবা বুঅ চুজিবার পুরিফেল্লে। দাবা বুঅ থোইন্যায় বাজিবুঅ বেবার ইধোত নেই। ভাবেত্তে ! হি ভাবের ।

তার বয়স সেক্কে সত্তরঅ নলে আদরঅ। তার সমাচ্ছে ঝিমিত। তারা ঘর ভরন্দি আদাম। ভরন্দি আদাম তে পত্তম বেরা গেল, সমাচ্ছ্যে ঝিমিত্তে লগে। ঝিমিত দাগি ঘরত লোবিয়োত পেইন্যায় আ হদাবাত্তা, চলন ফিরোন দোল পেইন্যায় ভাবিল হয়েক দিন থেই যেইম। আর হমলে এজং তার ঠিক নেই! ঝিমিত দাঘিরে দেইন্যায় সে ভরন্দি আদামান বেক্কান বেরেই চেবার আওজ গরের। সিয়েনে ঝিমিদে তারে আদাম্মে-পারাল্লে গুন্দই পরিচয় গরিদে পারা আদামান লৈ বেরার। আদামান ভারি গম লাগিল। ঘরত ফিরিলাক। বেল্ল্যে হানাদানা সেচ্ গরিন্যায় ঘুমোত পলাক। বেন্ন্যে পহ্র অলে আর বেরেবাক্কোই।

দেখেত্তে, বেরাদে বেরাদে অহ্রান অলাক। এক্কান দঘিন দোরী ঘরত উদিলাক্কোই। ঘরান শনসেনি, মাত্ত্যেগুদোম। ঘরানর মুজুঙে দোল দোল ফুল গাছ আগন। সিগুনত নানা ধোক্ক্যেন ফুল ফুত্তোন। পিজিরেদী আম, হাত্তোল গাজঅ ছাবাত্ বজিন্যায় ইক্কো হার হোচ্ছ্যে গাবুর মিলেই বেন বুনের। তারারে দেইন্যায় সে গাবুরী বেনত্তুন উদি তারারে পানি হত্তি নিগিলেই দিলোগী। ঝিমিদে হলদে, ইয়েন তার মৈল্ল্যে ঘর। সিয়েনে বুঝি নিল, ইভে তার মৈল্ল্যে ঝি বোন। এক্কা চোঘত বাজেল। সিয়েনে তে, চোঘঅ লেজদি এক্কা এক্কা গরি মনদি চার। চুল ঝুদোবুঅ নেইগরানত্ গুচ্ছ্যেয়্যে গরি মত্তো আগে। পূর্ণিমা চানঅ ধক মুঅন জলং জলং পোতপোত্ত্য। উত্তোনী রাঙা চিক্ চিক্। দাত্তুন রাঙা হাদিত ধুপ সামুলেজ বুন্ন্যেদে ধক্। নাক্কোয়ো সুচ্চ্যেঙ। গত্তনা বুঅত্ ঘিলেক তাক পিনেই দিলে অমহদ' সাজিবো। আদেদে ধক্কান এদো-ছ' আদেত্তে ধক জুচ্ গরি হুচ্ বাড়াই। হধা হলে রঅবু অয় নোনেয়্যে। বারানি অঝার গরি হমরবো চিপ্পে। গাবুরীরে পিজোর গল্লো তার নাঙান হি ? হিস্তু মনে মনে তে এক্কান নাঙ দিএ, নাঙান 'দোলবি'। হলঅ মর নাঙান 'সমারী'। আর হল', ঝিমিত দাদারে চিনং আ- তরেদ....... । মরে ন চিনিবে। মুই সিক্কো আদামত্তুন বেড়া এচ্চ্যং মর নাঙ 'তারুম'। ঝিমিত দাগি ঘরত বেড়া এইন্যায় গম লাগিল। সিয়েনে গদা আদামান বেড়ে যাঙর। হধা হধে হধে ঝিমিদে যানি হুধু গেল! সিয়েনে তারুমে এক্কা সুযোগ পেইন্যায় হল, তমা আদামান মত্তুন অমহদ' গম লাগিল। সে লগে সাগর জিনিষ, নানান মানুষ মনদ পল' হোজ পেলুং। সমারী বুঝিল, হল ঠাট্টা ন-গরিচ। হল, যদি ভূল অয় পাল্ল্যে মাপ গরিচ। আমারে পুরি ন ফেলেচ, আর বেরেচ্ছি। তারুমে হল, ঠাট্টা ন গরঙর। সিয়েনি মর গম ন লাগে। গিচ্চ্যেক গরি হঙত্তে। এ আদামত রাঙা হাদি ধবার ঘাত পেলে মামারে দি পাদেম্মোই। সিয়েন হবার লগে লগে ঝিমিত দাগি রাদাবোই ডাক হারিল'। তারুমর স্ববনান ভারি গম লাগিল। চোক্কোন মেলিন্যায় সেই সমারীর

হধা ভাবি চার। মনে মনে হল, আ ভগবান ! স্ববনান গেচ্চ্যেক পথমে অহ্‌দ'।

তারুমে বঝর বাগেনে ফাগোন মাজ এলে এহধা ভাবে। কারন, তে ঝিমিত দাগি ঘরত ফাগোন মাজ যেয়েদে। এই স্ববনানে তারে জনম্মো ভাবাত্তে। তার হধক আঝা। একদিন তে সমারীর লাগত পেব'। সেদিন্ন্যে ঘুমত্তুন উধি ঘরর চের'পালা রিনি চেয়ে, হন সে দঘিন দোরী ঘরান দেঘেনি। সেক্কেত্তুন ধরি তারুমে বদলি যেয়্যে। আগে এ অক্ত এলে সমার দাগিন্যায় সমার বদেই ঝারত তোন তগা যেদাক ঝাক ঠিগে। সেক্কেত্তুন ধরি তারুমে হারর সমারও ন অল আ সমারও ন দাগিল'। বানা ভাবে আর ভাবে। হি ভাবে ? হিয়োজনে হবর ন পান এযসং। বিঝুদিনত ঝাক বদিনেই বেড়েদাক। ফুল বিঝুত ফুল পারিনেই গাঙত ফুল ভাজেদাক হলাপেল ফুল পাদালৈ। নাক্র ফুল পারিনেই ঘর সাজেদাক। মূল বিঝুত বেন্ন্যে পত্ত্যে মন্দিরত বুদ্ধ বন্দনা গরি এই, ঘরে ঘরে হুর' আদার দিদাক। বেল আলেলে ঘরে ঘরে বেড়েই বেড়েই বুড়-বুড়িত্তুন আর্শীবাদ লদাক। বেল আলেবার আক্কে বুড়-বুড়ি গাদেধাক। ঝাগে-ঝাক সমার, এক সমারে মিলেমত্তে মিধে জগরা হেদাক। গচ্চ্যে-পচ্চ্যে দিনত যার ঘরত তে গরবা-গরবি লোবিয়োত গরিদাক। নুঅ বজরত বুড়-বুড়ি ফাং গরিদাক। সিয়েনি তার হিচ্ছু মনদ ন উধে। তার জীবনর নিজেনি ওই রলদে স্ববনর সমারী। বয়স শেচ অর এজ দেঘা ন পায়, ন পেব' আর ! তার স্ববনর সমারী স্ববনত রল। তারুমর একবুগ আহ্‌বিলেজ ।

**(বিঝুগুলো-৩, ২০০১)**

# এক দিন এভ’ পারা পাং

## পিজি কুসুসিং চাঙমা

**৪৫** বছর ১১মাস ১০ ঘন্টা বয়োজত্ সিজি বিঝু দোল হেনত্ আবাদা গরি আনান রিনি চেলুং। এ আনান মর এরি ন পাচ্ছে ঝালাব্বর সুখ-দুঘর সমার। বিদি যেয়ে জীংহানিত হধক হান্যং, হধক আচ্ছ্যং বেগ সুগ-দুঘর লগে নিরিবিলি গরি এ আনান মর জীংহানির নিজেনি ওই আঘে। মাত্তর এচ্ছ্যে যেক্কে মুই তরাতাঙ’স্যে গরি আনান রিনি চেলুং, এক ঝলগা বয়েরর চিদে মরে গেচ্ছেক জীংহানির আলামত্তুন বিজিদি নেযার সেই ভালোক ....ভালোক দিন আগর জীংহানিত। ভাবনার তুবোলত থাক্কে থাক্কে......... ।

বিগিদির ইক্কু বেসুনযুক তিরোচ র’ ম’হানত্ ভিদি, ইগুর উগুর ওই ফুরি গেল। বিগিদি মর মোক্ক’ নাঙান। নাঙান তার ‘বিগিদি’ অলেও মাত্তর তে বিগিদি নগরে। যিয়ান হব’ সিয়ান চান-বেল-বয়ের’ ধক্কেন গেচ্ছেক গরি হব’। মুঅন বেঙা গরি চোক্ষুন পাদারি গরি হল’-“হেল্লে পরশু অলে চবাশাল’ ভিদেত ঢেঙি শাক উদি যেব, আ এদক হিয়া সে বান্নর’ দক্কেন সলঙান রিনি চানা। বুড়ো অয়ে, লাজ হয়দে তিন পয়জের নেই।” তিন পয়জের লাজ হত্তমান অব’ আন্দাজ গরি ন পাল্লুঙ। জোল গরি গরি নিগিলি যাদে এক্কা পিজে ফিরি রিনি চে’নে বানা দেড় বিবথ্যে শুগুনো পুনন দেলুং। হবালপরা অনতিত্যে হবালর মোক ! সক্কেন বেজ গরি বাজি থেবার আওজ গরিবো, তে গরেত্তে মরিবার তবনা। ইদিক্কেন অব’ হবর পেদুং এক্কেরে ন ললুঙুন। গাবুর’ অক্তত লীনারে লবার হধক আওজ এল’। ধেই যেবার পচ্ছোন তেম্মাং গচ্ছেই, এ হবাল পুরনী বিগিদি মরে সে আওজছান পুরেবার জু ন দিল’। উঃ ইক্কিনে নয়, সে ভালোকদিন আগর হধা, সেক্কেনে .......যক্কে, ইস্কুলর পইদ্যে থুম গরি লীনা দূরোত পড়িবার নাঙে আদাম ছাড়ি লর দিল, -মুইও চাগুরীত আজিল দিবাত্যেই তাক্যে আদামত গেলুং। সেক্কেনে ১৯৭৯ হি ১৯৮০ সালর হধা। পাচ্ছে হারবাচ্ছে ঘরত এক্কান ঘর উদোর লোনেই থেবার অক্তত এ লুগোনী বিগিদি লগে মর চিনপচ্য অয়ে। হারবারী ঝি, লেগাপড়া ন পারিলেও (ন শিগে হিনেই ন পারে) এক্কাউক্কো দরেদুং। মাত্তর বিগিদির মিদিঙে বাজর দাবা হাদে হাদে ইক্কিনে জীংহানিয়ান এক্কেরে পুরি যেয়ে ধুন্ন্য চবা সান ওই যার। মনত আঘে একবার পুজোর গচ্ছং -“আ বিগিদি তুই এদক দাবা বাজে বাজে হাবাচ, বেতন পেলে তরে হি আনি দিম, হোই চাদে।” হমরবোত্তুন আহ্‌ধতান মুওত নিনেই হল’-“মরে দে লোই পেবেদে। ওমা, তুই হি মনে গরচ মুই তরে মাগানা দাবা বাজেই হাবাং ? হন্ দুঘে মুই তরে দাবা বাজেই হাবেম ?.........আ, হি ঠিক গচ্ছ্যে আগন্ নাহি- এক্কেরে মু-চুধো অলে। বিগিদি গরিলুঙ্যে সিয়া মাস্টরদা ন দরেচ।” হদানি হনেই হেদেক হেদেক আজি উধি গলি গলি পরে। জীংহানিত এই সিয়ান এক্কান বিগিদি গরিলো, এব সং নগরে, আ ইয়ান্নোঅই মরি যেব’ পারাপাং।

আ হি গরিবো, হবাল’ বারা বিলে গরি ন পারে, পেদ’ বারা হেই ন পারে। মানুজর মনর আওজ হনোদিন ভরন ন অয়। যিয়ান চেই সিয়ান ন পেই, যিয়ান ন ভাবিই ন চেই সিয়ান উজি

ধরি ধরি এযে। বেগ সম্পর্কর এক্কান আয়ু থায়, আয়ু ফুরেলে সম্পর্ক ভাঙি যায়। স্ববন মিঝে অয়, জীংহানি ওই উদে শুগুনো হরোলী। ম' হধা ভাবি চ'না - লীনালোই চিগোন থাক্কে এক্কান মালা ভাঙালোই হেরা হোয়েই, ইক্কো ফিরিঙ ভাগ গরি হেয়েই, ইক্কো পাগানা গয়েম্মোই চিমপুক পাত্যেই, ডাঙর অনেই এক থালত ভাত হেয়েই। হধক হোচপাপি, হধক সদর ভাবাভাবি! সেক্কেনে মনে গরিদং আমি পা-পি নঅলে নবাজিবং, মরিযেবং........।

লীনা যেক্কে ধেই যেবার হধায়ান হোয়ে মুই পথমে তিগুত্ গরিলেও পরে ভাবিচেলুং, মুইদ' বানা নুঅ চাগুরী পেলুং এব সং আজিল পচ্ছ্যন ন অঙ। বরং হয়েক বজর বিদি যোক, লীনা বি. এ. পাশ গরোক - সে পরেদি অব' আয়। এ সিঙিরি পরেদি অব' আজায় লীনা ম' জীংহানির ফিয়েবোত্তুন হানা চেরেদি পরি গেল'। এর পরেদি চাগুরী গরিবার এক বজরর মাধাত বিগিদিরে লোলুং- হিত্যে লোলুং - হিঙিরি লোলুং - সিয়ানি ভালোক্কানি হধা। মধ্যেদি মুই মোক লয়োং হবর পেনেই লীনা মরে হবর ধরা এচ্ছ্যে। সেক্কে মুই ঘরত ন এলুং। বিগিদি লগে লীনার হি হধা অয়ে হবর ন পাং। এ সিঙিরি লীনা লগে আর দেগা নঅল'। বি.এ. পাশ গরিনেই তেও মনে হনেই নেক লল'। বিগিদি আহ্‌ধত্ পরি জীংহানিয়ান মর গেচ্ছেক অল'। আরম্ভ অল' মর অনতিত্যে দিনুনর দুঘর হেন। চিগোন থাক্কে মা-বাব আরেয়োং, বিরবিচ্ছ্যে অক্কত লীনারে আরেলুং, আ ইক্কিনে বুড়োভাগত পড়িনেই অক্ হধার জুওব দিবার সাহচ্ছান আরেলুং। আরও হি আরেম হবর নপাং। ঘর বানিলুং-পো'-ঝি পেলুং। যা হেবার হেলুং, যা চেবার চেলুং। ম' পো' পেরাগে কলেজত চান গ্রহত্ হি এক্কান পিথিমি বানেবার নুঅ কোর্সত পড়ের আ ঝিবো রানজুনি দ্বি-বজর আগেন্দি আমেরিকাত ভাঙি যেয়্যে ১১০ তলা ওয়ার্ল্ড ট্রেড সেন্টারান আ হিঙিরি নুঅ গরি তুলা যায় সে পইদ্যানে বিদেশত যেনেই পড়ের। মক্কো ঘরত ডি.এম' চাগুরী গরের। মুই এব' সং বলপচ্ছ্যে হিয়েলোই স্কুলত হিজেক ছাড়ি-ছাড়ি হধা বিজি বুদ্ধি হরচ গরি টেঙা হামেইযাঙর। তুমি অলে আমক অয়ো পারাপাং, আজলে ম' পো'-ঝি এ দ্বিবে অমহত্য মাধাবলা হিনেই সরকারে উদোর নেযেনেই মাগানা শিঘার। মাষ্টার অনেই ম' সেদামে সিঙিরি পরেদুং! আজলে ম' পো'-ঝি দ্বিবে তাম্মা ইন্দি মানে বিগিদি ইন্দি ঘাচ্ছোন। এ সিয়েনত্যেই মোটামুটি রিলাক্স থেই পারং।

মাত্তর গেল্ল্যে হেল্ল্যে সুনীল গঙ্গোপাধ্যায়র 'অর্ধেক জীবন' পত্তে পত্তে আবাদা গরি এক্কান চিধি মরে এধক্কানি ভাবিবার আরি গরি দিএ। চিদিয়ান লীনার। অমহত্য দোল, পরাক পরাক লেঘা। এ লেগানিলোই মর ভালোকদিনর পরিচয়। গাবুর' অক্কত চিগোন হধাত ঝিমিত গরি হিয়ের লো গরম ওই যেদ', মাত্তর হেল্ল্যে এ বয়সত থেনেই চিদিয়ান পচ্ছোং মত্তন আঘেদে লোগান হক্কেনে ঠান্ডা ওই যেয়ে টের ন পাং। চিদিয়ান এ দক্কেন ঃ

"আজেরদা,

আঝা গরঙ ঘরত বেগে গাওলি গম আগ'। ভালোক বজর পরে চিদি লেঘঙর, মাপ গরিচ। তুইদ' মোক্ লনেই এক্ক্যরে বেগ আজের, ইক্কো মিলেরে আঝা দি-দাই পাঝা মারি গেলে। আমা দ্বি-জনর যে উধোর হেয়ে উধোর লয়ে মিলে নপাচ্ছ্যে বেঙা ইজেব বাগি আঘে, সিয়ানি উজু গরা পুরিব'। বিঝু হেবার লগে আ ম' ঝি তিনেঙীরে

এক্কেনা সেপবত্তা দি-যেবার আঝায় মুর দিনোত গাই গাই এবাত্যেই অমহত্য চিৎদিঘোল গরি মুই তরে ধারাচ গরঙর। পুরি নফেলেচ- হষ্ট গরি হামাক্কায় এইচ্। মুই বাচ্ছে আগং। বিঝু পাততুরুতুরু।

ধুজিত

লীনা,
ডাংডাঙ্যে রোড,
আধানগর,
তাং ১৪/০৪/২০০৩ ইং।"

চিধিয়ান পড়িনেই আমক অলুং, মাত্তর হিচ্ছু নবুঝিলুং। উদিজ গরি নপারঙর ম' লগে লীনার হি হধা ঠেই পারে। হষ্টমষ্ট গরি রেত্য হাদেই মুর বিঝু দিনত রাদা ডাগত গাধিগুদায় শিরেবো আজুরিবাত্যেই যেনেই এ দুর্গতি। নিজরে নিজে নচিন'ঙর। রুমালান্নোই আনান পুজিনেই গমে দালেই রিনি চেলুং। অয়, মিঝে নয়, মাধাবোত ভালোক্কানি পাগানা চুল। ধরি চেনেই বুঝি পারিলুং চিবিলে গালচাবানি ভজমান সমেগোই, হাত্তোং অয়। দাত্যুন লারে চেলুং। পাগানা ভূয়োত পেগ রাগেবার অক্তত যে গারেংছ' বানান, যিঙিরি তাগ' দগিয়ান টানিলে গদা গারেঙয়ান লরে, ঠিক সেদক্কেন, ইক্কো দাত লারে চেলে দ্বিবে-তিন্ন্য লরন। আদু গিলেগুন হোক্কে চেলুং, এনে এব' দরমর আঘন। ঠিয়েই ছাত্র/ছাত্রী পড়াং হিনেই পারাপাং দরমর'-আঘন্। মাত্তর `Every Demand' ফিল্টার সিগেরেট্য টানোদে টের পেলুং-একহালে মুই হুধু এলুং, ইক্কিনে হুধু আগং আ পরেদি বা হুধু যেম্। ইক্কো সিগেরেট টানোদে ভালোক্কন লাগে, হিয়েত বলপেয়ে নলাগে, উচ্ছ্য ন'উদে, আ গাবুর' অক্তত দ' ইক্কো সিগেরেট তিন টান নথরে। আঙুল' পাবপুন্ চিদে চিদে অয়োন। মুওত্ হয়েক্কান নকভাচ গচ্ছ্যে দাড়ি টুর নিগিল্ল্যে ধানো শিজে দক্কেন চিগোন ডাঙর অই লাম্বা-বাদি গরি বাজি আঘে। ঝুগুলুক ঝাগালাক পাদল্ ধুব পেন্নো উগুরেদি উলু হুলুন ধরি চেলুং, বুড়ো অনেই আন্দাজে দেড় ইঞ্চি চিধে অয়োন, আ গাবুর' অক্তত দ' এক্কোরে পেন্নো ভিদিরে নআদন। আঃ হি গরিবো, দুনিয়ের রীদি সুদোম ইয়ানি, বুড়ো অলে লাগৎ পায়। বুড়ো অনেই বেগ হমি যেয়ে। ইধোত রাগানা সেদাম হমি যেয়ে, হমি যেয়ে হানা-ঘুমযানা, ঠিনেং বেড়ানা........আ ভালক্কানি। মনে হলে ইক্কিনে আর আঘ' ধক্কেন রাদা ডাগোত উধি হাজুর' পানি চুর গরি হেই নপারং, র' শুনিলেও ভগা ব্যাঙ মারা যেই নপারং। এক্কান জাগাত অলর গরি আর বোই থেই ন পারং। ক্রিকেট হেরাও আর গম ন লাগে। আমি যেক্কে কলেজত পড়িদং সেক্কে ঝাগবুদি কপিল, গাভাসকার দাগির হেরা চেদং আ হোষ্টেলত এনেই সং-মুওমি বজিনেই হা-মনে হি-হয় হোহি গরিদং। ইক্কিনে হুধু সে শচীন, শ্রীনাথ দাগি, ইক্কিনে ইগুন ন পারন ব্যাট গরি না পারন বোল গরি, চাদে আলসী গরে। আজলে বেগ সময়, চাঙমা হধায় হেন্ । সময়ে বেগ সলঙ বদলি যায়। সদর পর ওই যান, পর আপন ওই যান। বয়োজ বাড়িনেই বেগ হমি গেল । মাত্তর মিজে গাল ন মাদিম, এক্কান জিনিচ দিন দিন বাড়ি যেয়ে, সিয়ান অল' নেইবু' হুরে পেদ' চামান, চাঙমা হধায় যারে হন 'পেদেলা'। তলেধি চেলে নেইবো দেগা ন'যায়। ম'

বিগিদি বুড়ির ইয়ান দ্বি নম্বর গুনর ফল, তার দ্বি-আহ্ধ' পুচ্ছনি হিরবেত সহ্য গরি নপারি পেদেলা ওই পেলুং। আ হি গরিম দিনপত্তি অগ'ধা শুনোনা, আরও অয়ে হত্যাল মিলে, এই জমে থদে থদে পেট্য বর অলদে আয়। জীংহানিত ইয়ান এক্কান দাঙর পানা। পুরোনি হধা ভাব'দে ভাব'দে গাবুর' অক্তত, কলেজত পড়িবার সময় বরছড়া পারর হুরোলী চরত, ব্রুসলী, জ্যাকিচ্যানর আরও ভালোকজন নায়কর মারামারি গরিবার গেসিং-গাসাং ইয়াহুঁ -ইয়ানি মনত উধিলো। হক্কেনে ইয়াহুঁ গরিনেই মুজুঙে এলদে আনানত্ বুক্কেয়োং হবর নপাং। স্ববনর আনান হত্তা হত্তা অই ভাঙি গেল, ফেলেই গেল। অভিশাপ লামি এযানার পর লেডি অফ শ্যলটর আনান যিঙিরি ভাঙ্যে, ম' আনান সিত্তুন বেচ চিতপুরে পারা গরি ভাঙি গেল'। ডেনেদি আহ্দ' আঙুলোত্তুন ধারা-দিগোলি গরি লো পরের। হিয়েঘান গিরগিরার। ধাবা ধাবা ম' বুড়ি এনেই জোগার পারি পারি হর-"মরার বুচ্ছ্যে তিনঘন্টা অয়ে আনান' মুজুঙে ঠিয়েই আগচ্ছ্যে। আ হি ধংগা অজরের। না হি চবাশালত্তুন তোম্মা দাগেল্ল্যি, এনে এনে আজের অদে, সারিদুং। আ হয়দিন........" হধে হধে এক্কান হাজর হানি ফাদালোই নাগানাক্যে গরি আঙুলুন বানি দিল'। জু পেনেই হুলুং- "মরার বুড়ি, এদক্কন নবেরবেরেই ইঙিরি বানি দিদেগী দ' শান্তি পেলুঙুন। আ যাদি মাধি মামা ইধু যেই পাত্তুং। হুত্তুরি বুরি, হিচ্ছু নবুঝোছ, সারা জিংহানি হামে যাঙর, বোধে বোধে হর। মর বিলে উগুরে উগুরে বংযার, তর হলগ' মাদিয়ে থান নপার।" আ হাক্কন ভাবিনেই এক্কেনা র' বুদিলি হুলুং-"আ লীনা হিত্যেই হোই পাদেল' ! পাজোন তোন্ দিলে হিঙিরি হেম্। ও, ও বিগিদি, তা ঝিবো দ' গাবুর অয়ে ন'নেই ? আমা পেরাগত্যেই বৌ আনি দিবং-এ। হেনযান বুঝোছ ?" বদা পারা দ্বিবে চোগ হবালত তুলি বুড়ি হল'- "আ বিলে হিচ্ছু নবুঝোং। লীনা হধা হলেতে আগুনত্ দি-এ ছুরি মাজ' দক্কেন আড়ি পাক হেনেই নরম অয়দে। আ যেই চানা, আজা গরি দুরি দুরি হাবেই দিব' চে, পাজনতোন, এক্কা অলে এ তাম্মা নাঙান.........”(ভালক্কন অগধা হোনেই) জোগার পারি পারি যিঙিরি এচ্ছ্যে' সিঙিরি গেলগোই, লগে শুনে গেল' পাগানা রাগর ঠেং আজারানি ।

তুমি এক্কা ভাবিচ' ভেইলগ, বিঝু দিনোমায় মোক্ক যনি ইঙিরি হয়, ইঙিরি রিজায় আ পিরে জাগাত মলম লাগেই দিবার বদলে আরও উল্ল্য ফিরি পিরে ফুদেই দে, তোমার হেনযান লাগিবু ? অমহত্য আহ্জর ও, মাত্তর তুমিও তৈয়ের থাগ ম দঝাত পড়িবা। আয় থাক্কে ভাবি চ'। আঝা গরং ইদিক্কেন হেন্ একদিন তোমারো এব' পারাপাং।

**(বিঝুগুলো-৫, ২০০৩)**

# সোনা রেগা

## ঝানুদেবী চাকমা

নাঙান শুনিলে গম লাগে, চিৎ জুড়োয়, পরান একবানি গরে! হত্তমান দোল অব ? সেত্তুন দ্বি-চোগে দেলে বা হত্তমান গম লাগিব হন্না হবর পায়। ন দেখ্যে জিনিষ দেগানা, ন চিন্যে চিনেনা, মানেই জীংহানির বেগিদো ধারাজে মনানে নিমোন গরি নিলোজ গরে। মান্য নাঙে এলাফেলা অলেও ম নাঙে দ’ ইঝু সোনাদোলা ওহ্নেই নো রঙে নো ধগে ভরি আগে সে নাঙান।

নাগরী মানুজঅ আভালে এজানার সমারে ‘সোনা রেগা’ নাঙান নিত্য তা হানত আভর হেদ’, নাগরী নিরিবিলি বজিনে এগামনে ভাবি চায়, সে সোনারেগাবো হন্না বানেয়ে ? আর হদ্দুর দুরত অহ্‌ব’ হিজেনী! হুদ্দুর অজল ? হামাক্ষায় দোল ঝিমিট ঝামাত্ রঙে আগুলেই বজি আগে পারাপাং। নলেন ‘সোনারেগা’ নাঙান মানুজ মুঅত্ সেদক সদরে সিদি ন বেড়েলুন। এক বার চেই পেদুং মানেই জীংহানিত এক্ষান আঝা নাগরীর পুরেলুন হামাক্ষায়।

এজান গরি সোনারেগা হধা ভাবদে ভাবদে আবাদা গরি নাগরীর মনানত ভাজি উদিল তার আওজর হোজ পেয়ে সমারী চুচ্যেং নাগীর হদা। নাগরী টায়ঠিক গরিল, এচ্যে সালেন, চুচ্যেং নাগীলোই হামাক্ষায় সোনারেগা রেনি চেবাক্কোই। দুমুরি যেইনেই ডাগি আনিলগোই তার সে হোজ পেয়ে সমারী চুচ্যেং নাগীরে।

নানান নাগচ্যে হধা সেরে সেরে আবাদা নাগরী হোই উদিল, যদিও হধাগান হবার এগেম ধারাজে বেআল্। আচ্ছা চুচ্যেং, মুই এক্কান হধা হদুং মানিবেনি ? চুচ্যেং নাগী হল, হি হধা ? আ মানিলোই পারে পারা অলে হিত্যেই ন মানিদুং। চুচ্যেং নাগী নাগরী মুওত্ চেই চেই উত্তর দিল। নাগরী নোনেই সুরে হোই উদিল, যেই চুচ্যেং, সোনা রেগাবো তোগেই আনিয়োই। নাগরী হধাগান শুনিনেই চুচ্যেং নাগী আহ্‌জিবো হনমদে লুগেই রাগেল, তে নাগরীরে আজা গরি ধরি দরাং দরাং সুরে হল, তুই হবর পাচ্ নে নাগর, ইরুক পধে পধে সয় সাগর মিজিলিক, পাগল হুগুর নিগিল্যন। মামা মরে হোয়েদে দুরোত বিলে ন যেদং। বানা চিগোন গুর’ পেলে বিলে মিজিলীক্কুনে পত্তমে পিদে দেগেই ডাগন, তে সে পিদেগানি হজা গেলে, আগুলেই ধরি বত্ত্যা ভিদিরে ভরেনেই নেযান্নি। আমারেয়’ সিঙিরি নিলে হি গরিবে পারাপাস্ ? এচ্যে ন যেবং নাগর। দাঙর অলে হামাক্ষায় সোনারেগাবো তল্লোই চেবংগোই আর পারিলে বুগি আনিবং। চুচ্যেং নাগী হধাগান শুনিনেই নাগরীর এক্কা উমুচ্ছে উমুচ্ছে গরি উদিল। মনে মনে নাগরী হল আমি ডাঙর অদে অদে সে রেগাবো হ্‌লে ভাঙি-চুরি মাজারায়’ থেদগোই নয়। চুচ্যেং নাগীরে মু হুলি হিচ্ছু ন হোনেই মনান মরা মরা গোরি হনরগম সিরেবো তিগুত্ তিগুত্ গরি, আচ্ছা হল। আর চুচ্যেং নাগীত্তুন বিদেই লোনেই ঘর মোক্কে লারে লারে আহ্‌ধা দোল্যো। সেক্কেনে সাজন্যে লামি এই ঘরে ঘরে চেরাক জ্বালেবার হোজলী গরের।

সেদিন্যে নিঝি রেদোত নাগরী হানত ইক্কো হিজেগ’ রঅ বারে বারে আবর হা-ধোল্যগী। নাগরীর রবো চিনং চিনং লাগিল, হামাক্ষায় চুচ্যেং নাগী হিজেগ’ রঅ অহ্‌ব’ পারাপাং।

ডিঙি শাক তোগাদে তোগাদে ঠেঙানত জুগে ধরিনেই যিঙিরি হিজেক হাচ্ছে ঠিক সে হিজেক্কো নাগরী শুনের। হারুন থেইনেই নাগরী অনুমানান ঠিগোই নিগিলিল। অয় চুচ্যেং নাগী হিজেক হারের। হিজেগ' সেরে সেরে 'হিউক্ হাক্ হাক্' আহ্জিয় নাগরী হানত ভাজি এজের। নাগরী বিচ্ছনত, মনানত হি উধের হি পরের হোয় ন পারের তে। ভাবিয়োদ' নপারের তে হি স্বপনে দেগের না গিচ্ছেক গরি শুনের ! আবাধা নাগরীয়ো হিজেক ছাড়ি তা মারে জাগেইনেই হল' এক্কা রবো চিবে চিবে গরি, মা- শুনি থাক্কে হন্না হানের, হিজেগ হারেত্তে ! নাগরী মা হিজে হিচ্ছে গরি উধি হান পাদি শুনি রল'। চাইদে নাগরী হধায়ান মিঝে নয়। তারার সেই হধা-বার্তা শুনিনেই নাগরী বাব'রো ঘুম ভাঙিল। এবার বেক্কুনর মনে অল', র'বো হারর নয়, চুচ্যেং নাগীর বাদে। নাগরী তা বাবরে হোজলী গরা ধল্লো, চুচ্যেং নাগী দাগি সিদু যেবাত্তেই। তা আওজোর সমারীর হি অল' হি ন অল' নাগরীর মনান থেইনেই ওই উধিল'।

নাগরী বাবে তার সে হিরবের ঝিবোর হোজলী থরি ন পারি, নিঝি রেদোত ঘুম' পুদুং-পাদাং উধি লর দিল' চুচ্যেং নাগী দাগি ঘর' মোক্কে। নাগরী বাবে যেইনেই চায়দে, চুচ্যেং নাগীর নাহি ভূদে পেয়্যে। তা বাবে ফুনি, রেজি দেঘায়, সেনি দরে চুচ্যেং নাগী হিজেক হারে আহ্ তাম্মা হাক্ হাক্ গরি আহ্জি ফেলেইদে। রেদে বেলি গরিবার হিচ্ছু নেই। বৈদ্যয়ো হুধু তগেবগোই। বেন্ন্যে পহ্র অলে যা অহ্বার লাক্ অব'। নাগরী বাবে ফিরি এইনেই হলগি তারার সেই হারবারানি। নাগরী চুচ্যেং নাগী সিধু যেদ' চেইনেই, নাগরী মা বুঝেই হল', বেন্ন্যে পহ্র অলে চেবংগোই। ইক্কু ঘুম যা নাগর। নাগরী ভূদে পেয়ে শুনিনেই এক্কা এক্কা দরেল'। আর' তার মার হোজলীত মজিনেই নাগরী লারে লারে দ্বি চোগ' পাদা এক গরিল। তুও তার দ্বিয়ান হান সজাক রাঘেল। হক্কে পহ্র অব' সে ধারাজে হনরগম এগুর-উগুর, দিঘোল ব' নিজেস্ ইরি দি-দি রেত্য গঙেই দিল'। বেন্ন্যে পত্তে উধি নাগরী দুমুরি যেইনেই চাইদে চুচ্যেং নাগী নুঅ-জামেই সাজনী সাজেই বিচ্ছনত উগুরে সুনজুগত যেন্ এগেম মনে পড়ি আঘে। চুচ্যেং নাগীরে আজা গরি ধরি তা-মার চোগ পানিলোই বুগ ভাজি যার। ইন্দি উদোন' আম গাচ্ছত হবোয় কুক্-কু র'লোয় শিরেবো তিগুত তিগুত গরের। আবাধা নাগরীয়ো হিজেক ছাড়ি হল', চুচ্যেং, যেই সোনারেগাবো চেয়োই, যেই। কিন্তু চুচ্যেং নাগী লক্ষী গরি বিচ্ছোনত পড়ি রল'। নাগরী হবর পেয়ে, তার সে সোনা রেগা চেবারল্লোই সমাচ্ছেবো জীবন' হালে আহ্রেয়্যে। তা লগে আর হনদিন যেই পাত্ত নয়। নাগরী এক গুধেল মনদুগ আ আহ্বিলেজে ঘরত ফিরি এল'।

নাগরী সোনা রেগা নাঙান তাম্মা দাগি মুওত্তুন শুন্যে। কিন্তু শুন্যেদে, দেঘিবার সেদামে এজ' হুলেই বুরেই ন এঝে। যারে লোইনেই চেবারলোই হধা এল, তেও এ সংসারত্তুন এগোবারে অদেগা অল'। এবারত নাগরীর তাম্মা বাদে উবই নেই। সোনা রেগাবো হন্না বানেয়ন ? হিত্তেই বানেয়ন ? এজান ভাবনা নাগরীর মনত নিত্য ফুর মারি মারি উদে। আর এক হিত্যে সোনা রেগাবো তাম্মা দাগি বানেয়োন নাহি সিয়েন হিয়েজ গরে। হিত্তেই বিলে, তার সে বিদি যেয়ে হধানী এজ রিব্ রিব্ গরি সদক ফুদি আগে। তার ডাঙর দাদাত্ত্যে বো আনি দেনার জেরে, তার সোর-শোরী তারা ঘরত বেড়া এইনে নানান লোবিয়োদি গরানার সেরে সেরে নাগরীর তাম্মা হধানী এজ হানত্ ভাঝে। আর বেরেয়গী বেনী, আবাদা গরি বেড়া এলা সুদ' মুদ' ভাত হেই পেলাগী। বেজার ন ওহ্য়োগোই। এবারত সোনা রেগা যগন বানিলং আর' বেড়েয়োগী।

নাগরীর সে হধাগান্নে মেইত অয়দে, তাম্মাদাগি সোনা রেগাবো বানেয়োন। তদাতাঙরি ভুজির মাবোই হোয় উধে, তুমিও বেজার ন ওয়ো বেনী, হত্ত্য হাবেলংগি। সেনি মনত ন রাগেয়ো। মর উক্কো গরি হিরবের ঝি ত আহ্‌দত গজেলুং যগন ইক্কু বেগ তর দয়ে-ধর্ম। এ সে ধোক্কেন হধা হধে তার দ্বিবে চোখ রাঙা ওই উদিলাক। ইন্দি দুমুরি এইনেই চা-ইদে তা ভুজি বিচ্ছনত মূর গুজি ফেঁচু ফেঁচু গরের। সেক্কে নাগরী চিগোন অলেয়ো তারার সে বিগিদি হিরিমিরিয়ানি পরাক পরাক গরি ইদোত আগে।

পিত্থিমিগান নিত্য তার রঙ বদলে, ধক বদলে। মানেয়ো জীংহানিয়ো সেজান। সময়র লগে লগে মন বদলে, ধক বদলে। বেক নুঅ-আহ্‌বালে আহ্‌বাল ফিরে। ইক্কু নাগরীরো মনর আয়োজ বদল্ল্যে, ধক বদল্ল্যে, রঙ বদল্লে। গজেন' হিরবেত নাগরীর ইক্কু হয়েক্কু লেবাঙ' ফোর গেয়ন। মানে, বা' হাজাত উধিলে উড়ি পারে পারা ওয়্যে। এবারত তার সে সোনা রেগা হধাগানে বেজ পেজাল ন হাবায়। সোনা রেগা হি এবারত বুঝি পারে পারা সেদাম যুগুলেয়ে। চুচ্যেং নাগী থেদ' তারে বুঝেই দি পারিলুন। সোনা রেগা আজলে বিয়েই-বেনী জুরিলে বৌ দিলে-বৌ আনিলে সিয়েনরে হন্নে। বিয়েই-বালা হুদুম ভিলে পেরেত্ত্যে হুদুম। আলুল'-দুলুল' গরি বেরেই থানা, হানা সিয়েনোই সোনা রেগা। ইরুক নাগরী তাম্মাত্তুন শুনিনেই বেক্কানি হবর পায়।

ইক্কু নাগরীর ঘর' উদোনত নানান জাদর ফুল লাগানা, পাতা বাহার লাগানা সিয়েন এক্কান আক্কেং হাম ওই উত্তে। সে দিন্নে নাগরী ফুল বাগানান সুলি দের নিআলসি গরি। বেন্ন্যে মাধান জুর' জুর' এক্কা বয়ের বায়, বেলানে তার নিমোন সদক বিলেই দিএ। সে সেরে সেরে কুহুক কুহুক হুত্তুন ভাজি এঝে ? নাগরী চায়দে হরহুলি পার' জারুল গাছ্যত পরি হুগিলেবোই কুহু কুহু গরি ডগরের। বজরর পলিম হুগিলে র' শুন্ন্যেদে নাগরী। বজিনে নাগরী এক মন্ন্যে অল'। তার মনত ভাজি উদিল সে জারুল গাচ্ছ তলে তারা চুচ্যেং নাগীলোই হদ' হারা হয়োন, হরোলির ধুল্ল্যেচরত হধক ধুমুলুক হেলেয়োন। সে চুচ্যেং নাগী ইক্কু হুধু হিজেনি ? ইক্কু থেদ'য়ে অলে নাগরীত্তুন ডাঙর অলোন। নাগরী ইক্কে তাম্মা দাগিরে সোনা রেগা বানি দিলে দি পারে পারা ওয়ে। সিয়ে ভাবদে ভাবদে আবাদা এক ঝলগা ফাগোন' বয়েরে নাগরীর মেইত ফিরিল। আর তার মুওত ননেই গুল্ল্যে আহ্‌জি পেলাং বেই গেল'।

**(বিঝুগুলো-৩, ২০০১)**

# মিস্ বিঝু-২০০৬

## মন্দিরা চাকমা

নাক্সতলী আদাম। আজি (৮০) গিরিথ্বীর সবুল চাকমা আদাম। আদামর পত্তি লাঙেলে নাক্সগাছ। সুর বান্যে গরি আদামর পধর দ্বি-ধাগেদি নিরাল নিমোন গরি নাগর চোগে চেই চেই থান। বজর পত্তি চাঙমাউন ইদু বিঝু এজে - নাক্সতলী আদামতও এজে। বিঝুর আগে ফাগোনর আহ্ভায় মজি পরন নাক্সগাজর কজমা ঢেলাগুন। যেন্যে কজমা গাবুরী তার গলিপচ্ছে আহ্জান দে। নাক্সফুল ফুদন। ফাগোনর আহ্ভায় ছিদি যায় নাক্স ফুলর তুম্বাচ আদামর পত্তি কনায় কনায়। সেলগে কোকিল পেগোর মিধে র' আদামর পত্তি মানেয়োর চিৎ গিলিপ গরিদে। বিঝু পেইখ্য বেক্ আদাম্যেউনরে জানেই দে বিঝু এজের গরি। হুজির বাত্তা ছিদি যায় আদামর পত্তি গাভুচ্ছে-গাভুরীর উভোল্ফাল চিদত। রংধঙর তুবোল খেলে আদামর এ-মাধা উ-মাধা। আদামর বেকভাগ গিরিথ্বীউন ঠাগুয়ে ন অহ্লেয়্যু গভীন ধারাজে বিঝুর যায়যুক্কোল নেযান। গুরো-বুড়ো বেক্ষুনর মনত উচ্যর পেলাঙ বেই যায়।

সে আদামর গেংখুল্যে তলকাবর মানুষ। আল'ক দ্যে ঘর। মুড়ো তুগুনত ঈজোর বাড়েয়্যে অজল ঘর। ঠাগুয়ে জিংহানি কারে কয় ন চিনে। গেংখুলি গীত গা-না ছাড়া আর কন কাম ন গরে। দ্বি-এক পজেয়ো হামায় এই গেংখুলী গিত্তুন গেইনেই। পুরনী গেংখুলী গীত্তুন গাদে ভজমান গম পায় তে। হুজি অয় চাঙমাউনে এ গীত্তুন শুনন হিনেই। তার গভীন ধারাজ আঘে - পুরনী এই গেংখুলী গীত্তুন চাঙমাউনে গভীন ধারাজে একদিন তগেবাক। মনযোগ দিনেই শুনিবাক - হুজি অহ্বাক। আর এই গীত্তুন লারজার গরি রাঘেই চাঙমা জাত্তোরে তে সম্মোরী থোই দি যেব'। যদিও তার পয়নাঙ ঘরে-বাড়ে ছিদিযেয়্যে, তবুও অক্তে অক্তে অগমান তুলে এ গীত্তুন চাঙমাউনে ন শিঘন হিনেই।

গেংখুল্যের ইক্ক মা-মরা নোনেই ঝি আগে, তা নাঙান বিঝুবী। নাদংসারা গিরিথি অলেয়ো গেংখুল্যে তা ঝিবোরে লেঘা শিগার। বিঝুবী ইরুক XI ক্লাস পড়ের। ফর্সা রং। গুল মু । চিপ্পে-নাপ্পে কেয়্যে। তারে মুরল্যে দোলবি হলেও গাত্ ন পরে। চিগোনত্তুন ধরি নোনেয়্যে গেংখুল্যের এ ঝিবো। বিঝুবী যক্কে VIII ক্লাশ পড়ের সেক্কে তা মামা বেক মেয়ে ছাড়ি পিথ্বিমিত্তুন লুকদি যেয়েগোই। কজমা অক্তত নোনেয়্যে চিদত ভহ্জমান থেবরক খানা। যেরে এক সময় বেককিছু কাদেই উদি-উদায় পড়াশুনাত মনদ্যে। অক্তে অক্তে ঈধোত উধে তা মামারে। পরাণ কানে। যেরে একসময় গারে-গায় আহ্জিযায় তা মা কজমা চিদর গভীন মূরোত। ইরুক আর বেজ ঈধোত ন উধে। কজমা চিৎ লাড়ে লাড়ে গাভুরর সদক ধুজীত হুজ বাড়ায়। ঝাবা পরে এক্কান পর এক্কান গুরো অক্তত ঘদি যেইয়্যে ঘটনানি।

স্কুলত পড়দে সময় বিঝুবী সমারর লগে খুব কমই মিঝেগোই। ক্লাসত সোমেলে লুজুরুক গরি বোই থায় নিরিবিলি। কিন্তু গাভুরর আগুলেঙত তারে আর গায় গায় থেবার যু ন দে। আস্তে আস্তে মিঝেগোই স্কুলর সমারুনর লগে। হোজপানা আহ্ত বাড়ায় বেউদিজত। কজমা চিৎ-মন তোল্বোল্যে আ সোতপোত্যে ওই উধে অজানা সিরসিরানিত। দিন দিন ফুধিউধে নানান স্ববন - মনত গভীন ধারাজ। লেঘাপড়ার ফাগে ফাগে হোজপেভার আ নোনেয়্যে জীংহানির ধারাজে তা মনান নিত্য ভূল ওই যায়। চিগোনত্তুন ধরি ছবি আগানা, কবিতা লেঘানা, নাজানার শক আগে বিঝুবীর। স্যেনে মনে-মন্যক্কা ছবি আগায় সাক্কোন গাজর হুজি ধিক্কোন্নোই। সিবিদি-ওলোদে মিজেই যুগুলেদ' কমলা রঙ। ফাগুনর আহ্ভাত পেইক্কুন ভাহ্জি বেড়াদে দেলে খুজি অহ্য় বিঝুবী। তক্কানত কবিতা লেঘে পাদার পর পাদা। লেঘে কবিতা হোজপানার। কিন্তু কারউধিজে এই কবিতা লেঘানা - তে নিজেই খবর ন পায়। নাজানাও শিগে গায় গায়। উই চিগোন

থাক্কে একবার বিঝুমেলাত যেইনে দেই এচ্ছে নাচচানি ঈধোত তুলি তুলি শিঘে। দোর-জানালা বানি নাজে। নাজদে নাজদে যেরে একসময় বলও পরে। সেবেদেন তা গুধিবোত জানালাবো খুলিদিনে সৃষ্টির রঙ তামাঝা চেই চেই বল ভরায়। ধারাজ জাগে এবঝর যিদু বিঝুমেলা পড়িব' সিধু যেব', বেড়েবগোই - বিঝু মেলাত, ভবচক্রত, আহ্ভা ঘরত। আর' এক্কান নিধুকতুক আঝা - যিয়ান ন চিন্যে পরান দা-লোই চিনপয্য অহ্বার আঝায়। বিঝু পইদ্যানে নানান স্ববন বে-থারত ভাহ্জি উধে।

আবাদা ফাগোন' বোয়েরানে একঝলগা এই কজমা কেয়্যেত নোনেই গরি যায়। ফাগুনোর নোনেয়্যে আহ্ভাত এক সময় ঘুম এজে বিঝুবীর। ঘুমও যায়। আবাদা ঘুমত স্ববনে দেঘে তারা আদামত ভিলে এবঝর বিঝুমেলা পচ্ছে। সে বিঝু মেলাত আহ্জিল থেই পত্তি গাভুচ্যে গাবুরী দাগি বেক বাবত্তে নাচ-গানত যোগ দিবাত্যে আদামর এ মাধা উ মাধা ডাগনী দ্যে ওইয়্যে। সিয়ত তারা আদামান বাদেও আগেরের তিনান চাঙমা আদামর মানুষ আহ্ রেঙ্গ্যে-বাঙালও যোগদি পারিবাক গরি ঘোষনা গরা অহ্য়। এই বিঝুমেলাত বেক বাবত্যে জিদেজিত্যেত লড়িবোগোই গরি বিঝুবী স্ববনে স্ববনে ঠিক গোচ্ছে।

ঘুমর স্ববন আন্দাজিগত্তুন অক্তে অক্তে গেচ্ছেক ওই যায়। বিঝুবীর স্ববনানও গেচ্ছেক অহ্ল। আবাদা ফাগোন মাঝর শেষ তারিগত ব্লকর বি.ডি.ও. সাহেবে জানেই দিল যে, নাক্সতলী আদামত রেজ্যভিত্তিক বিঝুমেলা অহ্ব'। বিঝুমেলা তাগিনেই আদামত উর'ত্তুল পড়িগেল। বেক্কুনে যুকবদি যায়যুক্কোল গরিলাক ভবচক্র, আহ্ভাঘর, আলক ঘর, জিরেনী খলা, খারা জিদেজিত্যে গরিবার খলা, নাচ-গীদর জাগা, গরবা লোবিয়োদীর জাগা - এককধায় বেক্ বাবত্যে যায় যুক্কোল গরিলাক সাপ্তা ভিদিরেই। দূরত্তুন মান্য গরবা এবাক - তারারে লোবিয়োদী গরিবাত্যে বিঝুবীর মিল্যা দল্লোর উগুরে দায়িত্ব দ্যে অহ্ল'।

অক্ত মজিম ফুল বিঝু দিনর বেল্যে মাধানত আদামর কার্বাচ্চে বাত্তি জালেই 'সিজি বিঝু ২০০৬' ফগদাং গচ্ছে। এই ফগদাঙী অনুষ্ঠানত বেগিদো মায়-মুরুকবি থুবো এলাক। সেলগে অগন্দি বিঝু ধারাজী মানুষ আহ্জিল এলাক। মূলবিঝু দিনত নাচ-গীদর জিদেজিত্যে অহ্য়। বিঝুবী এই পথমবার গীদত জিদেজিত্যে গরে। যেরে নাচও গরে। গায়-নাচ (single)। যুদো নাজিয়ে-গেয়্যের লগে বিঝুবী অতাল বাগেনি কুরেয়্যে অগন্দি মানুজত্তুন। নুও বঝরত রঙচঙ্যে অনুষ্টানর মধ্যেদি জিদিয়্যেউনরে পুরস্কার দ্যে অহ্ব'। নুও বঝরর দিবুচ্যে মাধানত খারাত জিদেজিত্যে গরা অহ্য়। বেগ' যেরে পুন্ তুলোতুলির মধ্যেদি 'মিস বিঝু' আ 'মিস্টার বিঝু'-র নাঙে বেগত্তুন ডাঙর পুরস্কার দিবার ঘোষনা গরা অহ্য়। বিঝুবী পত্তি খারাত জিদি যেইয়্যে। তার কাবিল নেতৃত্বত সাগচ্চে জিদেজিত্যে গরিয়ের মধ্যে বিঝুবী আ তার দল্লোই জিদি যেই আদামর মুঅন পহ্র গোচ্ছে।

বেল্যে মাধানত (নুও বঝরত) বিরাট অনুষ্টান যুক্ক্যল গরা অহ্য়। সিয়ত আদামর কার্বাচ্যে, ব্লকর বি.ডি.ও, বেগিদো মান্য গরবা থুভো ওইয়োন। সেলগে বিঝু হুজিত পেলাং বেয়্যে মানুজর ভীর। যেরে বেগিদো জিদেজিত্যেত জিদিয়ে মান্যর সমারে বেক জিদেজিত্যেত- গায় জিদিয়ে মরদত্তুন রনকাপ্যে নাঙান আ মিলেত্তুন বিঝুবীর নাঙান ফগদাং গরা অহ্য়। আহ্ তারারে পুরস্কার দ্যে অহ্য়। নাঙ ঘোষনার লগে লগে পেলাং বেয়্যে মানুঝ' জয়ধ্বনি দ্যে ধরিলাক বিঝুবী দাগির নাঙে। বেগ'জেরে পুনতুলোতুলি জিদেজিত্যে, দ্বি জনর মধ্যে। কন্না বিঝুসেরা অহ্ব'। ভালক্কন লাড়েয়োর যেরে বিঝুবী রনকাপ্যের অজংসং মস্ত্য পুন আলক গরি দিনে 'মিস বিঝু' নাঙে বিঝুর বেগত্তুন ডাঙর সম্মানান জিদি লল'। বিঝুবী বানা নাঙ মাত্র ন থেইনেই গেচ্ছেক বিঝুবী (মিস বিঝু ২০০৬) ওই বেগিদো মান্যর বাগেনী আ অতাল হোচপানা কুরেই লল'।

**(বিঝুগুলো-৮, ২০০৬)**

# ধর্মেশ আর ইক্কো অগলগ

## যুধিষ্ঠির চাকমা

ধর্মেশ ইক্ক ভন্ড ঘুরি বেরেয়ে মানুজ। হিজু লেগা পড়া পারে। সারা দিন্য ঘুরি বেড়ায় সমাজর হাম্ গড়ে হিজু হিজু। জিদু পায় সিদু হায়, যোত পায় ঘুম যায়। কিন্তু আধা পাগল'চান সন্দ-বন্ধ। তার এক মহৎ গুন অলঅ তে আবেদীরাজ। (অবলা জীবর ভাষা) বুঝে।

একদিন ভাদ'মাজর রোদোত সারাদিন্য ঘুরি বেরেইনে দুগে ওরান অইনে ধর্মেশে এক্কান সরকারী ঘরঅ বারান্দাত ঘুম যেবাত্যে পলঅ। তার হানত ইক্কো অগলগর রঅ এইনে তার ঘুম ভাঙ্গি দিলো। অগলক্কে ডগরের, "মোগ-পো হন সরত, মোগ-পো হন সরত........।" তার নিধুর দগরানা শুনি ধর্মেশে পিজোর গরিল অগলক্কোত্তুন, তার মোগ-পো আরেয়ে নাহি ?

